রোমের ইতিহাস।

গ্রীযুক্ত ভূদেব মুখোপান্যায়

কৰ্তৃক

প্রণীত।

-00---

श्गनी।

तूरशंज्य यटा

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দার


যুক্তিত।

*---

34001

-+-

যূল্য и বার জানা মাত্র।



--**--

্ ইটালী দেশের প্রকৃতি ও বিভাগ— ঐ দেশ নিবাসী জাচীন জাতীয়দিগের সংকেপ বিবরএ—রোমের পূর্ববিদ্ধা — উহারপ্রকৃত প্রাচীন ইতিদৃত্তর অভাব—রোমীয়দিগের ঘাষালিক বাবস্থা—শাসন-প্রবালী—বিবিধ প্রকার সাধারণী সভ'—ধর্ম-প্রবালী—রাজতেজতার নাশ।

ইউরোপ খণ্ডের দক্ষিণ ভাগে ইটালী নামে একটা প্রায়োদ্বীপ আছে। ঐ প্রায়োদ্বীপের দর্মন এই জল বার, অভিশয় স্বাস্থ্যকর এবং ভূমি দাতি-শয় উর্মর। উহার মধ্যভাগে দেকনত স্বরূপ আপিনাইন্ নামক পর্যত্ত্রেণী উত্তর দক্ষিণে বিভাগের উপত্যকা দমত্ত্ত নামা জনপদ আছে।

পূর্ত্তকালে এই দেশের দক্ষিণ ভাগে এীক জাতীয় লোকের) আসিয়া অনেকানেক উপনিবেশ সংস্থান পিত করে। তাহার উত্তরে অর্থাৎ ইটালীদেশের মধ্যস্থলে পিলাস্জীয় বংশোন্তব লোকের। বাস করিত। উহারা নানা ফুদ্রু জাতিতে বিভক্ত ছিল। কিন্তু প্রসকল জাতির ভাষার পরস্পর সাদৃশ্য দর্শনে বিলক্ষণ প্রতীতি হয় যে, প্রথমে উহাদিগের প্রকাক্য ছিল। পিলাস্জীয়দিগের উত্তরে অর্থাৎ বর্ত্তমান টস্কানী প্রদেশে আর একটা স্বতন্ত্র জাতির বিবাস ছিল। উহাদিগের নাম ইট্ছান্ বাইটুরীয়জাতি। আরও উত্তরে অর্থাৎ পোনদার অববাহিকার মধ্যে গল জাতীয় লোকের বাস ছিল। এই জন্য তৎপ্রদেশ শিশাশ্পিন্তল নামে প্রসিদ্ধ হয়।

ইটালির মধ্যস্থলনিবাসী যে নান। ক্ষুদ্রং পিলাসজীয় জাতির কথা উলিখিত হইয়াছে তাহারা, লাউন, অস্কান্, ভলসীয়, সাবাইনীয়, সামাইট, ইকুয়ীয় এবং অস্থিয় ইত্যাদি নানা নানে প্রসিদ্ধ জিল। ফলতঃ উহারা যে সকলেই এক বংশোদ্ভব, এক প্রকৃতিক এবং পূর্কে একই মূল ভাষায় কথোপক্ষন করিত, তাহার সন্দেহ নাই। ইহারাই নিলিত হইয়া পরাক্রান্ত রোমীয় জাতির উৎপাদন করে; স্তরাং ইহাদিগের বিবরণেই সমুদায় ইলিদেশের ইতির্ভ পর্যাবসিত হইয়াছে।

প্রাচীন ইতিহাস সম্ভ অনুসন্ধান ছার; অবগত

হওয়া যায় য়ে,উক্ত জাতীয়েরা কতিপয় স্বতর্ত্র প্রান্দে বাস করিয়া থাকিত এবং তাহারই মধ্যে কোন প্রান্দ বিশেষকে সর্ব্ধ প্রধান বলিয়া স্বীকার করিত। উল্লিখিত লাউন্জাতীয়দিগের একপ প্রধান স্থলের নাম আলবালক।ছিল। ত্রিশটী ভির্ণ লাউন্নগরের প্রতিভূগণ প্রতিবর্ধে একং বার করিয়া প্রনগরের প্রান্ত্রসাগনন করত জ্পিটর লাটিয়ারন্ দেবের পূজা এবং সাধারণ বিবেচ্য বিষয় সকলের বিচার করিত।

টাইবর নদীর তীরবর্ত্তী প্লাটাইন্ পর্লতের অবিত্যকায় রোগ নামে যে নগরী ছিল, তাহা ঐ ত্রিশলী লাটিন নগরের মধ্যে একটা। এই নগর ক্রমশং অতিশয় প্রবল হইয়া উঠে এবং সমুদায় ইটালীর উত্তর প্রভার করে। কিন্তু ৩১০ খ্যনীজে ইটালীর উত্তর প্রবেশ নিবাদী গল্ জাতীয়ের। ঐ নগর অক্রেমণ করত ইহার সাতিশয় ত্রবস্থা করিয়। পরিশেষে অগ্লি সংযোগে ভন্মীভূত করিয়। ফেলে। তাহাতে ইহার প্রাচীন ইতিহালানি শর্মাহা ছিল, সমুদায় নাই হইয়া যায়। স্কতরাং রোম নগর কিরপে ক্রমেং প্রবল হইয়াছিল—কেন্ত্র প্রবান ব্যক্তিই বা ইহাতে প্রাক্রভূতি হইয়াছিল—কেন্ত্র পরিবর্ত্তিত হইয়াছিল—তংসমুদায় স্থান-

শিতরপে অবগত হইবার এক্ষণে কোন উপায়ই নাই। পরস্ত রোমীয়েরা কালক্রমে অতিশয় প্রবল ও সম্পতিশালী এবং বিদ্যানুশীলনে অনুবক্ত হইয় উঠে—স্বতরাং তাহারা আপনাদিগের জমভূনির পুরারত্ত সংকলনে যে সাতিশয় ওৎসুক্য একাশ ক-রিবে, ইহা আক্ষর্যোর বিষয় নহে। জনশুতি পরক্ষা-রায় এবং পূর্ব্ত কবিণ্য গের রচনায় যে২ প্রাচীন বিবরণের উল্লেখ ছিল, পরবর্তী ইতিহাসবেত্তারা তাহা হই-তেই এক প্রকার স্বং মনঃকল্পিত পুরারত্ত সংক-লন করিয়াছিলেন। ঐ সকল পুরাবিদ্গণের লিপি-কৌশলে বিমুগ্ধ হইয়া নব্য ইউরোপীয় লোকেরাও বহুকালাবধি উক্ত কল্পিত বিবর্ণ সম্ভকে এক্লত ইতিরত্ত বলিয়াজ্ঞান করিতেন। কিন্তু অধুনাতন পণ্ডিতগণের অনুসন্ধান দ্বার্য ঐ সকল বিবরণের বাস্তবিক একতি অবগত হওয়া হইয়াছে। পরস্থ আধুনিক অনুসন্ধান দারা উক্ত উপাখ্যান সমস্ভের অলীকত্ব সপ্রমাণ হইলেও তদ্বারা প্রাচীন রোমীয়-দিগের সামাজিক ব্যবস্থা এবং শাসন প্রণালীর অ নেকানেক বিচিত্র নিয়মও অবগত হওয়া হইয়াছে-অতএব তাদৃশ অনুসন্ধান যে পুরার্ত্ত শাস্ত্রে: পক্ষে বিশিষ্ট ক্ষেম্কর হইয়াছে, তাহার সন্দেং মাত নাই।

রোম নগরী লাটিন জাতির অধিক্কত ভূভাগে:

উত্তর প্রান্তে অবস্থিত ছিল। উহার সব্যবহিত পূর্ব দিকে সাবাইনীয়দিণের অধিকার এবং উত্তরভাগে ইট্রীয়দিগের দেশ। কোন সময়ে ঐ সাবাইনীয়-দিগের এবং ইটুরীয়দিগের ছুইটী নগর রোম কর্তৃক বিজিত হইয়া অথবা তাহার সহিত সন্ধিবদ্ধ হইয়া মিলিত হইয়া যায়। স্মৃত্যাং তদবধি বোমের প্রজাবর্গ তিন্টী বিভিন্ন সম্প্রদায়ে বিভক্ত হইয়া থাকে। তাহার মধ্যে প্রকৃত রোম নিবাসিগণ রাম্সিস্-সাবাইনীয় নগর নিবাসীর। ট<u>াইটি</u>স্—এবং ইটু,রীয় বংশোদ্ভব সকলে লুসিরিসু নামে এসিদ্ধ হইয়াছিল। এই শ্রেণী ত্রিতয়ের নধ্যে প্রথমোক্ত তুইটার যাদৃশ ক্ষমতা ও সম্ভাম হিল, তৃতীয় শ্রেণীর তাদৃশ গৌরব ্ছিল না। প্রত্যেক শ্রেণীই দশ্টী২ ভাগে বিভক্ত ছিল। ঐ সকল ভাগের নাম কিউরী। অতএর রোম নগরে সর্জশুদ্ধ ৩০ টী কিউরী ছিল। প্র-ত্যেক কিউরীও দশ্য জেন্সে বিভক্ত ছিল। প্রত্যেক জে: কার অন্তর্গত লোকেরা আপনাদিগকে স-গোত্র জ্ঞান করিত। স্বতরাং রোমে তিন শত স্বতন্ত্র গোতের বাস ছিল। গোত্র-সম্ভক্ত ব্যক্তিবর্গকে পেট, সীয় বলা যাইত।

প্রতিন শত গোতের মধ্যে যে ছুইশত গোত্র রাম্সিস্ এবং টাইটিস্ শ্রেণী সম্ভুক্ত ছিল, সেই সকল গোতের জ্ঞানবান বয়োরদ্ধ স্থামিগণ রাজার

উপদেষ্টা এবং কার্য্যদচিব ছিলেন। উহাদিগের যে সভা হইত তাহার নাম সেনেট। সেনেটের সভাগণ রাজাদেশানুসারে সভাস্থলে মিলিত হইয়া তাঁহার সহিত সমুদায় রাজকার্য পর্যালোচনা করিতেন। যে বিষয়ে রাজা এবং সেনেটের এক মত হইত তাহা পূর্ব্বেক্তি তিন শত জেকোর সাধারণ মভান্থলে পুনর্কার বিচারিত হইত। ঐ সভাকে কমিটিয়া কিউরিএটা বলে। ইহাতেই বোধ হইবে যে, রোমীয়েরা কথনই একান্তরাজাধীন ছিল না। প্রথমাবধিই তাহাদিগের রাজগণকে প্রজা সাধা-রণের অভিনত বুঝিয়া কার্য্য করিতে হইত। রোমের রাজা তদ্দেশের প্রধান শান্তিরক্ষক, প্রধান বিচার-কৰ্ত্তা, প্ৰধান দেনাপতি এবং প্ৰধান যাজক ছি-লেম। কিন্তু তিনি প্রধান ব্যবস্থাপক ছিলেম ন।— আর শান্তিরক্ষণাদি কর্মোও তাঁহাকে সেনেটের অভি-মত লইয়া কার্য্য করিতে হইত। বিশেষতঃ কমি-টিয়া কিউরিএটা সভাতে তাঁহার প্রতি অভিযোগ পর্যান্ত চলিত। প্রাচীন রোমীয় ইতিহাসবেত্রগণ বলিয়া গিরাছেন যে, মার্শ দেবের পুত্র মহাবীর 'র্মুলস্'রোম নগরী সংস্থাপন করিয়া উল্লিখিত নিয়ন সমস্ত নিবদ্ধ করিয়া যান।

যদি এই পর্য্যন্ত দেখিয়াই নিত্নত হওয়। যায়, ভাষা হইলে রোমের রাজ্যশাদন প্রণালী দম্পূর্ণ

স্থলে সমাগত হইয়া কেবল আপনাদিণের শ্রেণী সম্পাক্ত বিষয় সকলের বিবেচনা করিত, সাধা-রণ রাজ্যশাসন কার্য্যে হস্তার্পণ করিতে পারিত না। কিন্তু সর্বিয়ম যে আরু একটা সমাজ সংস্থাপিত করিয়াছিলেন তদ্ধারা সাধারণসকল বিষয়েই প্লি-বীয়দিগের ক্ষমতা প্রাপ্ত হইবার সোপান হইল। ঐ সভার নাম কমিটিয়া সেঞ্জিএটা। এই সভাতে দাস ভিন্ন সকল প্রকার রোমীয় লোকের আহ্বান হইত। ইহার সভাগণ স্বহ বিভবানুসারে পাঁচ শ্রেণীতে বিভক্ত হইয়াছিলেন। ঐ পাঁচ শ্রেণী আবার ১৯৫ ভাগে বিভক্ত ছিল। ইহার প্রত্যেক ভাগকে সেঞ্রি বলিত। সভাস্থলে প্রতি সেঞ্রির মতই স-মান বলবান হছত। স্ত্রাং কেবল প্রথম প্রেণীর মধ্যেই অশীতি সেঞ্রি নিবেশিত থাকাতে সভার সমুদায় ক্ষমতাই ঐ শ্রেণী সম্ভুক্ত আচ্য রোমীয়-দিগের হস্তে ন্ত হইয়াছিল। বস্তুতঃ মহাত্মা সোলন এথেন্স নগরে যে প্রণালীতে সাধারণী সভা সংস্থাপিত করেন সর্বিয়সের এই সভাও বহু অংশে তাহার অনু-রূপ হইয়াছিল। এই প্রকার বিভবানুসারিণী সভার দোষ গুণ তুইই আছে। ইহার গুণ এই যে, বংশমর্গা-দারুসারিণী শাসন -প্রণালী প্রচলিত থাকিলে কোন ক্ষুদ্র বংশোদ্ভর ব্যক্তি যদিও সহস্র গুণশালী হয়েন তথাপি তিনি রাজকার্য্যে হস্তার্পণ করিতে পারেন

না। নীচ বংশে জিনিয়াচেন বলিয়াই ঈশ্বর প্রানত গুণ-প্রামকে নীচ ব্যবসায়ে আচ্ছন্ত কবিষা বাথিতে হয়। চেফী। করিলে বাডিতে পারিব মনোমধ্যে এমত একটা বোগ নাথাকিলে,কোন ব্যক্তিই ঔৎ-কৰ্ম সাধনে যুত্তান হয় না। এই জন্য বংশ-ম্ব্যাদারুসারিণী শাসন-প্রণালী অপেকা বিভবার-সারিণী শাসল-প্রণালীকে উত্তয় বলিতে হয়। কারণ যত দারা সম্পতিশালী হওয়া যায় কিন্দু সদংশে জন্ম গ্রহণ করা কথন কাহারও চেটোর অধীন হয় না। পরন্ধ এই প্রণালীর দোষও আতে । ইহার দোষ এই বে, আচ্য এবং দক্ত লোক সমূহ এক সভাকু হইলে যখন সুস্থের দেখিতে পার যে, আত্যনিগের অপেক তাহাদিগের সংখ্যা অধিক, তথন ঐ অজ ব্যক্তি সমূহ প্রায়ই বল প্রকাশ দারা শাসন-প্রকালী পরি বর্ত্তি করিয়া কেলে, আচ্যদিণের হস্তে অধিব ক্ষত। থাকিতে দেয় না। কিন্তু সাধারণ প্রজ মাত্রই অভিশয় লঘুচিত হইয়া থাকে। যে দে, মিট कथा अथवा छेटरकाह अनान कविद्या छेटानिरगर মন ভূলাইতে পারে। সূত্রাং ক্রমশঃ বহু বিবাদ বিষয়াদের পর রাজ্য শাসনের ভার স্বতঃই ব্যক্তি বিশেষের হস্তগত হইয়া যায়।

রোমের সপ্তম রাজা 'টার্ইন্স্-স্পর্বস্' সর্বি-য়ুম্ প্রবর্ত্তি শাসন প্রণালীর পরিবর্ত্ত করিবার চেব করা তে রোণীয়েরা একমত হইয়। তাঁহাকে রাজ্যদ চুতে করিয়াছিল। সেই অবধি তাহারা আর কাহাকত রাজ পদ।ভিষিক্ত করেল না। ছুই বাক্তিকে 'কন্সল্' উপাধি প্রদান করিয়। শান্তিরক্ষকের প্রদোপতির কার্যো নিযুক্ত করিল। ইহাঁদিগের একং জন একং মাস করিয়। রাজ্যিয় ধারণ করিতেন এবং বংসরান্তে আপনানিগের কর্ম তাগে করিলে অন্য ছুই থাক্তি তৎ পদে নিযুক্ত হইত। এইরপ শাসন প্রণালী ৫০৯ পূঃ খুফাকে প্রবর্ত্তিত হয়।

রোনীয়দিণের রাজ্য শাসনপ্রবালী এক প্রকার
বর্ণিত হইল। উহাদিণের ধর্ম প্রধালীও নিতান্ত
জঘন্য ছিল না। উহারা বহু দেব দেবী মানিত এবং
সকল পর্বতে—সকল বনে—সকল নদীতে—দেবতা
বিশেবের আবিভাব স্বীকার করিত। কিন্তু উহারা
প্রথমতঃ কোন দেবতার মূর্ত্তি নির্মাণ করিত না।
রোমীয় ইতিহাসনেতারা কহেন যে, রোমের দ্বিতীয়
রাজ্য 'রুমা পশ্লিলিয়স্', 'ইজিরিয়া', দেবীর অরুল্
গ্রহে রোনের ধর্মশাস্ত্র সমুদার প্রণয়ন করেন। রুমা,
'পিথাণোরাস্' নামক পশ্তিতের শিষ্য ছিলেন এবং
জ্যোতিস শান্তের প্রভাবে ভবিষ্য গণনা করিতে
পারিতেন। রোমীয়দিণের মধ্যে 'পন্টিফ্' 'অগর্'
ফুর্নিমন্' 'বেফ্টা' প্রভৃতি যত প্রকার যাজক যাজিকার পদবী ছিল, রুমাই তংসমুদার সংস্থাপিত কল

রেন। বস্তুতঃ ইতিহাসবেন্তাদিগের ঐ সকল কথা
সম্পূর্ণরূপে বিশ্বাসযোগ্য নহে। প্রাচীন রোমীয়ের।
ইটুরীয়দিগের স্থানে আপনাদিগের ধর্মপ্রণালী
গ্রহণ করে। কলতঃ কোন জাতির ধর্ম বা রাজ্য
শাসনের রীতি কখনই ব্যক্তি বিশেষের দ্বারা নিরপিত হইতে পারে না। কিন্তু মনুষ্যের প্রকৃতিই
এই যে, তাঁহারা ব্যক্তি বিশেষকে উহাদিগের প্রণেতা
বলিয়া বর্ণন করিয়া থাকেন।

ৰিতীয় অধ্যায়!

[সাধারণ তক্র শাসন-প্রণাপীর সংস্থাপন—লাটিন জ্বাতীয়দিলের পরাভব—পেটা দীয় এবং প্লিনীয়দিলের মধ্যে বিবাদারক্ত্র—ট্রিউন প্রভৃতি কর্ম-চারাদিলের নিয়োগ—কোরাইওলেনন— ূমি বিভাগে বিষয়িনী ব্যবস্থা—প্লিবীয়দিলের
বল বৃদ্ধি—শাসন-প্রণালীরপরিবর্ত্ত—নৃত্ন ব্যবস্থা প্রণয়নের
পুস্তাব।] .

রোমীয়েরা আপনাদিশের শাসনপ্রণালী সম্যক রূপে প্রজাতন্ত্র ছিল বলিয়া চিরকাল শ্লাঘা করিত। স্বতরাং উহাদিশের কবিগণ যে, ঐ শাসনপ্রণালীর আদ্যারস্তের সময়কে সর্ব্ব প্রকার বীরজার সময় বলিয়া বর্ণন করিবেন, ইহা আশ্চর্য্যের বিষয় নহে। যেমন ভাঁছারা আপনাদিশের আদি পুরুষ রমুলস্কে মার্গ দেবের পুত্র বলিয়া উল্লেখ করিয়াছেন—যেমন তাঁহানিগের ধর্ম সংস্থাপক নুমা ইজিরিয় -বল্লভ বলিয়া বর্ণিত হইয়াছেন—দেইরপ প্রজাত স্থানন-প্রণালীর প্রবর্জক জুনিয়স্-ক্রটস্নামা কোন ব্যক্তি অতি মানুষ গুণসম্পান বলিয়া কীর্ত্তিত হইয়াছেন। কলতঃ জুনিয়স্ ক্রটসের অলেগিকক অপক্ষপা-তিতা, হোরেসিয়স্ করিসের ভীম-পরাক্রম, মুসি-য়স্-স্কিভোলার অতি-মানুষ সহিষ্কৃতা—এই সকল বিবরণ যদিও প্রকৃত ইতিয়ত্ত-মূলক না হয়, তথাপি উহারা যে সময়ে প্রাক্তিত হইয়াছিলেন,রোমের সেই অভালয় কালে যে, অতান্ত ধর্মপরায়ণ, জিতেভিন্ম, বীর প্রত্ব , নকল প্র নগরে বাস করিতেন, তাহার সন্দেহ মাত্র নাই।

ফলতঃ তাদৃশ ব্যক্তি সকলের প্রান্থ ভাব ন। থাকিলেও রোম নগর কগনই সেই মহা শকটাবহ কাল
উত্তীর্গ হইয়া সকলের উপার প্রভুত্ব লাভকরিতে সমর্থ
হইত না। বিশেষতঃ ইটুরীয়নিগের অধিপতি
পর্শেনা ঐ সময়ে একবার সম্পূর্ণরূপেই রোম নগর
অনিকার করিয়াছিলেন। কিন্তু তিনি নগর বহিতাগে
বে ২৬ টী প্রিবীয় পল্লী ছিল তাহার মধ্যে কেবল মাত্র
দশ্টী পল্লী নিজ অধিকার সম্পুক্ত করিয়া অন্যান।
প্রদেশ সমস্ত রোমীয়নিগকে প্রত্যিপিত করিয়া
যান। এই বিপাদ উত্তীর্গ হইতে না হইতেই আবার

তিশটী লাট্টন নগর মিলিত হইব। রোমের বিছকে সং প্রান আরম্ভ করে। তাহাতে রোমীয়েরা সাতি-শ্য ভীত হইয়া লাস্য্নাকে এক ব্যক্তিকে ডিক্টে-টরের পদাভিধিক্ত করিলেন। ডিক্টেটর রোমের স্ক্রিক ইইয়: মাহা ইচ্ছা তাহাই ক্রিতে পারি-তেন। কেহই ভাঁহার আজার অন্যথাচরণ ক-রিতে পারিত না। এমন কি, তিনি মনে করিলে ্দেশাচার ও চির প্রচলিত ব্যবস্থা প্রণালীর বিক্তন্ধেও কার্য্য করিতে পারিতেন। কথিত আছে, রোমী-য়ের (৫১৬ পুঃ খৃষ্টাবেদ রিজিলদ্ ছদের নিকট লাটিন জাতীয় দৈনাগণকে সন্মুখ সং শ্রাহে পরাভূত করে। এই বুদ্ধে টার কুইনস্ স্পর্কেস্ আহত হইয়া পলায়ন করেন এবং তাঁহার অন্তর্দ্ধান হইচনই ব্যাচনর ক্রি-কশ্পিত পৌরাণিক বিবরণও অভর্ছিত হইয়: প্রক্রত ইতিরত্তের প্রকাশ পাইতে থাকে।

যত দিন জনগণের অন্তঃকরণে কোন সাবারেন শক্রর ভয় প্রবল থাকে, তাবৎকাল উহাদিগের মধ্যে অন্তবির্বাদ উদ্রিক্ত হইতে পারে ন।। কিন্তু সেই ভয় গোলেই লোকের পরস্পর দ্বেষ ভাব প্রকাশ পাইতে থাকে। টার্ক্ইনের অন্ত-গান হইলে রোমের পেট্রিনীয় প্রশ্রিবীয় নামক তুই প্রতিপক্ষ দলে নেইরপ ঘটল। জন্যানা অসতা জাতীয়দিগের নায়ে রোমের ও ঋণ সম্পা-

কীয় ব্যবস্থা সমস্ত নিতান্ত নৃশংস হওয়াতে শ্লি-বীয়র। পেটি সীয়দিণের নিকট ঝণগ্রস্ত হইয়। প্রকারে প্রপীডিত হইতে ছিল। এই জন্য খ্রিবীয়র৷ প্রার্থনা করে যে, তাহার৷ কোন রূপে ঐ ঋণ দায় হইতে মুক্ত হইতে পায়। কিন্তু পেট্ৰি, সীয় গণ তাহাতে একান্ত অসমত হন। অতএব প্লিবায়রা সকলে মিলিত হইয়া ৪৯৫ পুঃ খু-ফাব্দে রোম নগর ত্যাগ করিয়। যায়। তথন পেট্র-সীয়রা দেখিলেন যে. এই সময়ে কোন যুদ্ধ উপ-স্থিত হইলে নগর রক্ষা করাও ভার হইবে। এই ভাবিয়া ভাঁহারা মেনিনিয়স্ আগ্রিপা নামক কোন সম্ভান্ত ব্যক্তিকে প্লিবীয়দিগের নিকট প্রেরণ করেন। আগ্রিপা অতি সুবোধ ব্যক্তি ছিলেন এবং সাধারণ লোকে যে, রূপক বর্ণনায় বিশিষ্ট সমাদর করিয়। থাকে, তাহা বিলক্ষণ জানিতেন। তিনি প্লিবীয়-দিগের নিকট গমন করিয়া হস্ত পদাদির সহিত फेन देवत निर्वात भक्षतीय त्य श्रामिक छेले थानि श्र-চলিত আছে, তাহা উহাদিগকে শ্রবণ করাই-লেন। প্লিবীয়র তৎপ্রবণে ক্ষান্ত হইয়া নগর মধ্যে প্রত্যাগ্যন করিল। কিন্তু তাহারা যে, কেবল কথাতেই ভূলিল এনত নহে। যাহারা ঝণের দায়ে কারাৰুদ্ধ অথ-বা দাসত্বেনি যুক্ত হইয়াছিল তাহাদিগকে মুক্ত করা-ইল এবং টি বিউন্ অভিহিত পাঁচ জন সূতন কর্মচারী নিযুক্ত করাইল। ট্রিবিউনেরা কনিটিয়া ট্রিবিউট। নামক সাধারণী প্লিবীয় সভার অধ্যক্ষতা করিতেন এবং
বাহাতে প্লিবীয়দিগের ক্লেশকর কোন নিয়ম এচলিত না হইতে পায় এমত চেন্টা করিতেন
ট্রিবিউনেরা প্রাড্বিযাকাদি কোন রাজ কর্ম
চারীর দণ্ডাধীন ভিলেন ন. । এই সময়ে 'ইডাইল্
ভাতিধেয় আর ছুই জন কর্মচারী নিয়ক্ত হয়
ইহারা নগরীয় হর্ম্মাদি সমন্তের তত্ত্বাবধান করিতেন এবং উত্তমন্ত বনিক বর্গের জত্যাচার হ
ইতে মাহাতে প্লিবীয়রা ছুংখ না পায় তজ্জন্য ফ্

প্লিবীয়দিণের সহিত বিবাদ হওয়াতে রুষি
কার্য্যের সমূহ কতি হইয়াছিল। তজ্জন্য ১৯০ পূ
শৃষ্টান্দে রোমে ছুর্ভিক্ষ উপস্থিত হয়। সেই স
ময়ে সিশিলী হীপ হইতে অনেক বণিক-তর্ব শস্য পরিপূরিত হইয়া রোমে আনীত হইয়া ছিল। নিরুর প্লিবীয়রা ঐ শস্য পাহবার নিমির প্রার্থনা করে। তাহাতে আভিজাত্যাভিনার্ল 'কোরাইওলেনস্' নামক এক ব্যক্ত পেট্রিসী দিগকে এই পরামর্শ দেন যে, প্লিবীয়রা ইহা অনতিকাল পূর্বে যে সকল ক্ষমতা গ্রহণ করি য়াছে, তাহা স্বেচ্ছাতঃ পরিত্যাগ না করিলে উহাদিগের প্রার্থনা পরি পূর্ণ করা হইবেক না

ইহা শুনিয়া শ্লিবীয়রা উহাঁকে রোম হইতে নি-ৰ্মাদিত করে। কোরাইওলেন্স্ তাহাতে রাগাত্র হইয়। এনত তৃষ্ধে প্রেত হইলেন যে, পরিশেষে ন্যায় পথ অবলম্বন করা তাঁহোর পক্ষে অসাধ্য হ-ইয়া উঠিল। তিনি রোমীয়নিগের পরম প্রতিপক্ষ ভলসীয়্দিণের নিকট গমন করিয়া তাহাদিণের দেনপিতিয় গ্রহণ করিলেন এবং নিজ অসামান্য দৈন্যাধ্যক্ষতা গুণে অতি শীঘুই আদিয়া রোম নগর অবকন্ধ করিলেন। রোমে হাছাকারধনি উঠিল। পেটি, নীয়গণ ভাষার নিকট গমন করিয়া প্রার্থনা করিলেও ভাষার ক্রোধোপশম হইন না। পরি-শেষে ভাঁহার গার্ত্ত্রধারি ী শ্বরং গ্রান করিয়া যথাসাধ্য অনুনয় করিলে কোরাইওলেন্ মতেবাকা অব-হেলনে অনুমূর্য হইয়া ভল্দীয় সৈন্যগণকে এ-স্থান করিতে আলেশ করিলেন। ভল্সীয়র। রোম নগর জয় করিবার প্রত্যাশ। করিয়াছিল; সেই আশা ভঙ্গ হওয়াতে উহারা স্বদেশে ঘাইয়াই কোরাইও-লেনসের প্রাণদণ্ড করিল।

ভল্দীয়র। রোমের যে দকল নগর জয় করিয়ান ছিল তাহার অনেকঙলি উহাদিগের অধীন থাকে। তাহাতে উহাদিগের অধিকার লাটিন জাতীয় লোকের সীমার অন্তর্ভুত হওয়াতে ভল্দীয়দিগের সহিত লাটিনদিগেরও বিবাদ হইবার উপক্রম হয়। 'ম্পুরিয়্স্-কানিয়্স্' নামক এক জন বিচকণ কন্সন্ দেই স্বোগে লাটনদিগের সহিত
রোমের সন্ধিরন্দন করেন। তাহার পর ৪৮৬ পুঃ
পৃতীব্দে ঐ কাসিয়সেরই যত্নে হর্নিসায়দিগের
সহিত রোমের সন্ধি সংস্থাপিত হয়। এইরপে
লাউন, হর্নিসায় এবং রোমীয় এই তিন জাতির
ঐকমত্যাবধারণ হইলে ভন্সীয়রা উহাদিগের
সপোকা ত্র্বল হইয়া পড়িল। স্বতরাং ভল্সীয়নিগের দেশ সমুদায় ক্রনশঃ সোমীয়নিগের হস্তগত
হইতে লাগিল।

বে বং দর হরিনীয়নিগের দহিত রেমীয়নিগের দরি সংস্থাপিত হয়, দেই বর্গেই ভূনি বিভাগের নিয়ন অবদারণের নিয়ন প্রথম গোলঘোগ উপস্থিত ছইয়াছিল। ঐ ভূমিবিভাগে বিময়নী বাবস্থা কিরপে তাহা বিশেব করিয়া রুঝা আবিশ্যেক। রেমীয়েরা কোন প্রদেশ জয় করিলে ভাগার সমুনায় ভূমিকে ছই ভাগে বিভক্ত করিত। এক ভাগ বিজিত জনপদবাদীনিগকে প্রতাপিতি হইত, আর এক ভাগ রে!মের অনিকার সমুক্ত হইত। দিতীয়োক্ত ভূমিতে কোন ব্যক্তি বিশেবর স্বন্ধ থাকিত না। উহা সাধারণ সম্পত্তি বলিয়া পরিগণিত হইত। এইরপে রোমের সাধারণ সামিক ভূমি ক্রমেৎ সতি বিস্তাপি হইয়

উঠিয়াছিল। উহার নধ্যে যে ভূমিতে যত শদ্যোৎ-পত্তি হইত তাহার দশমাংশ মাত্র কর স্বরূপে প্র-দান করিলেই পেট্রায়র। তাহ। জনা করিয়। লইতে পারিতেন। ব্লিবীয় অথবা ক্লাইএন্টলিগের কাহারও সেই ক্ষনতা ছিল ন।। কিন্তু আকে। খ্যব। অলিবু রুক্ষ রোপণ ক্রিলে পে.ট্রসীয়নিগকেও পূর্ণ লাভের পঞ্চমাংশ প্রদান করিতে হইত। এই প্রকার সাধারণ ভূমিসম্পত্তি থাকাতে যে, রোমীয় নাগরিকনিগের সমূহ উপকার দশিয়াভিল, ভাছার সন্দেহ নাই। জোন যদ্ধ উপস্থিত হইলে ঐ ভনিব কিয়নংশ বিক্রয় করিলেই প্রয়োজনোপ্রযোগ এর্ঘ সং মহ হইতে পারিত। আর কোন কারণে এধিক লোক তুম্ব হইয়া পড়িলে ঐ ভূনির কিয়দংশ नान क्रिलिट डेटानिश्वत नार्तिष नन। मान्न হইতে পারিত। এইরূপে দীন ব্লিবীয়নিগকে गावात्व प्रिवृत्त किस्त्रियः अश्म अस्तिक वात् धानान করা হইয়াছিল। কিন্তু কালে এেটাসীয়গণ উক্ত ভূমি সম্পত্তি জন। লইয়। আপনাদিণের অধিক লভে হয় দেখিয়। ঐ নিয়ন রহিত করিয়। ফেলিয়।-ভিলেন।

কাসিয়দ্ তৃতীয়বার কন্সল পদাভিধিক হইয়া এইরূপ প্রভাব করেন যে, ্লিবীয়গণ অনেকে দারিদ্রা দশপের হইয়া কট পাইতেছে, অত-

এব উহাদিগকে সাধারণ ভূমির কিয়দংশ বিভাগ করিয়া দেওয়া যাউক। পেট্রিদীয়রা কন্সলের এই প্রস্তাব প্রবণ করিয়া অতিশয় বিরক্ত হইলেন। কিন্ত প্লিব য়রা যথা সাধ্য চেফী সহকারে কন্সল্ মহোদয়ের মতের পোষকত। করাতে পেটি,সীয়র। ভ तिर्वातर्ग मनर्थ इहेरलन ना। किन्छ छेइँ। तो धे বর্ষের শেষে যুখন কাসিয়স আপন পদ পরি-ত্যাগ করিলেন, তথন ভাঁহার নামে কামিটিয়া কিউ-রিএটা সভাতে অভিযোগ উত্থাপন করিয়া উহাঁর প্রাণদণ্ড করিলেন। কাসিয়সের প্রতি পেটি, সীয়-দিগের এমত আক্রোশ হইয়াছিল যে, তিনি বে বাদীতে বাদ করিতেন উহার৷ তাহা ভালিয়া সমভূম করিলেন এবং সেই বাটার অবস্থান ভূমিও একান্ত অপবিত্র বলিয়া পরিগণিত করি-লেন। এইরপে কাসিয়দের ব্যবস্থাপিত ভূনি বিভাগের নিয়ম ঐ সময়ে প্রচলিত হইতে পারিলন।। ইহার বহুবর্ষ পরে অর্থাৎ ৪৭৩ পুঃ গৃফীবেদ যথন একজন ট্রিউন্ তাৎকালিক কন্দাদেশের বিকদ্ধে এই বলিয়া অভিযোগ বরিতে চাহিলেন যে, উহাঁরা কাসিয়দের প্রণীত ব্যবস্থা কিজন্য প্রচলিত না করিলেন, তথন ও পেট্রীয়রা গোপনে ঐ অ-ৰধা টি ৰিউনের প্রাণ বিনাশ করিয়া আপনাদি-ণের প্রধান্য রক্ষা করিয়াছিলেন।

ইহার পর অবধি পেটি,সীয় এবং প্লিবীয় এই ছুই প্রতিপক্ষ দলে ঘোরতর বিবাদ হইতে লাগিল। পোট্র দীয়রা পথনতঃ এনত বলেন যে, কানিটিয়া দে-ঞ্রিষেটা নানক সভাতে প্লিবীয়র ও অবস্থান প্রাপ্ত হয় এই জন্য সেই সাধারণী সভার দ্বারা কন্সল মনোনীত নাহইয়া ভাঁহা দণের কিউরিএটা সভা-তেই ঐ কার্য্য নির্ফাহিত হইবে। ছুই বৎসর তহাই হইল। প্লিবীয়রা আপনাদিশের ট্রিবিউটা সভাতে সহস্র চেফী করিয়াও উহা নিবারণ ক-রিতে সমর্থ হইল না। কিন্তু উহার। তক্তম্য চেষ্টা করিতে এক দিনও বিরত হয় নাই। পারে ৪৮০ পৃঃ খৃষ্টাব্দে উহারা এনত ক্ষমতা প্রাপ্ত হইল যে, তুইজন কন্সলের মধ্যে উহারাও এক-জনকে নিযুক্ত করিতে পারিবে। আবার ৪৭১ পূ: খৃষ্টাব্দে প্লিবীয়দিগের দিরত্তর যত্নে ইহাও ব্যবস্থা-পিত হইল যে, দেঞ্রিএট। সভা হইতে ট্রিবউন্, ওইডাইল্গণ মনোনীত ন। হইয়। ঐ সকল কর্মচারী টি,বিউটা সভা হইতেই নিযুক্ত হইবে। অপরন্ত, ঐ সময়ে ইহাও অবধারিত হইল মে, ট্রিবিউটা সভাতে যে কেবল শ্লিবীয় নগের নিজ সম্পৃত্ত বিষয় মাত্রের বি-বেচনা হয় তাহা না হইয়া উহারা রাজকার্ঘ্যের তাবং বিষয়ই পর্য্যালোচনা করিতে পারিবে আর ঐ সভাতে নৃতন্থ নিয়মেরও উদ্ভাবন হইতে পারিবে—পে-

ট্রিসীয় সভার সন্মতি হইলেই ঐ সকল নিয়ম সর্মে– সাধারণের প্রাফ হইবে।

যঞ্জ এই সকল ব্যবস্থা প্রচলিত হয় তথ্য রোমে যে কেমন অন্তর্মিবাদ চলিতেছিল, তাহা বর্ণন করা আসাধা। বাস্তবিক রোম নগর তথন ছুইটা প্রতিপক্ষ দৈনোর শিবির স্বরূপ হইয়াছিল। সকলের মনেই দৃঢ়তর বিদ্বেষ, ঈর্ষা, লোভ এবং হিংসা প্রাত্মভূত হইয়াছিল। এমত সময়ে ভয়া-নক মাবীভয় উপস্থিত হইল এবং তাহাতে শতং ব্যক্তি প্ৰতি দিন কাল্যাসে নিপ্তিত হইতে লাগিল। স্ত্রাং তখন যে, রোম নগরী নিতাত্ত ক্ষণিবল হইয়া অনারাসেই শক্তের বশ্য হইবে, তাহা আশ্চার্যানহে। ইকুয়ীয় এবং ভণ্দীয়গণ নিলিত হইয়া রোমের দার পার্যন্ত সমুদায় স্থান অধিকার করিয়া লইল। আর এক জন সেবাইন্ জাতীয় সামান্য দম্ম রোমের প্রধান তুর্গ কাপি-টনে' আসিয়। আপনার বাসস্থান নিরূপিত করিল। ঐ দস্তাকে স্থানান্তরিত করিবার নিমিত্ত রোমীয়ের। বিলক্ষণ কফ্ট পাইয়াছিল।

692 পূঃ খৃষ্টাব্দে শ্লিবীয়রা যে সকল ব্যবস্থা প্রচলিত করাইয়। লয় তদ্ধারা রোমের সর্বিয়স্ ক্লত শাসন প্রণালী সম্পূর্ণরূপেই পরিবর্ত্তিত হইয়া যায়। স্বর্থাং শ্লিবীয়রা টি,বিউটা সভাতে, সার পেটি,সী-

ারা কিউরিএটা সভাতে স্বতন্ত্রহ হইয়া রাজকার্যা নিরাহ করিতে আরম্ভ করে। সেঞ্রিএটা সভার কোন
ফলতাই থাকে না। এই সকল কারণে শাসন
প্রণালী অভান্ত নিশ্যাল হইয়া পড়িলে ৪৬০ পুঃ
কৃতীব্দে আর্মা নামে এক জন ট্রিডিন এই প্রভাব
করিলেন যে, রোমের বাবস্থা প্রণালী সমুদ্য সংশোবিত করিয়া লিপিবদ্ধ করা আরশ্যক।

ভূতীয় অধ্যায় ৷

্লানশ ফলকের ব্যবস্থা—ডিসেন্ডর নিয়োগ—্লান্থার

স্প্লিয়োগ—্লেন্সর, কুইটার এবং যোক, ট্রিবিউনের
ন্যোগ—বিহাই নগর ও বিকার—্লে জাতীয় লোকের ছারা
রামের ছাহ—লিসিনীয় বাহ :—প্রিটরের নিয়োগ—প্রিয়ীদিন
ার ক্ষমতা বৃদ্ধি—লাটিন ও দালাইট্লাডীয়দিনের সহিত
দ্ধি—পির্হসের সহিত মৃদ্ধি—ইটাগীর লোক বিভাশ—শাসন
বগলী।

রোনীয়ের। ক্রন্থে সভ্য পদনীতে অধিকচ্ছইতেভূল,—বিষয় এদ্ধিছ ওয়াতে তাহানিগের মধ্যে নান।
প্রকার বিচারের প্রয়োজন ছইতেভিল—প্রতিপক্ষ
ছই দ লর ছেয়াছেবেও শাসন এলালী ক্রমশঃ পরিবর্তিত হইতেভিল,—এবং অধিকার বিস্তৃত হওরাতে
প্রাধিকরণে নান। প্রকার গোল্যোগ উপস্থিত্ত

হইতেভিল-মুতরাং ঐ সময়ে ব্যবস্থা প্রণালী সংশোধিত এবং লিপিবদ্ধ হইয়া স্থিরীকৃত হইবার সম্যক আবশ;কতা হইয়াছিল। অত্ এব আর্মা নামক টি বিউন্ তদর্থে প্রার্থনা করাতে যদিও পেটি সীয়র। তৎক্ষণাৎ সন্মত হয় নাই বটে, তুলাপি অত্যাপ काल मर्पाई छाँशानिभरक अहे विवरत द्विवीवनिरभत সহিত একমত হইতে হইল। উহাঁরা প্রথমতঃ তিন জন দেনেটরকে এথেন্স নগরে আইন শিক্ষা করিবার নিমিত্ত প্রেরণ করেন এবং উহারা আইন শিথিয়া ফিরিয়া আসিলে পর ৪৫২ পূঃ খৃষ্টাব্দে দশ জন সুবিজ্ঞ পেট্রানীয়ের প্রতি সংহিত। প্রস্তুত করিবার ভার প্রদত্ত হয়। ঐ দশ জন ব্যবস্থাপক সমুদায রাজ কার্য্য নির্বাহেরও ক্ষমতা প্রাপ্ত হন। ইহার যে সংহিতা প্রস্তুত করেন তাহা দাদশ্দী প্রস্তুত্ ফলকে লিখিত হইয়াছিল। এই জন্য ইতিহাদে উহা দাদশ ফলকের ব্যবস্থা বলিয়া উল্লিথিত হইর থাকে। এই অভিনৰ ব্যবস্থা সকল রোমের প্রাচীন ব্যবস্থা সমস্ত অপেকা শ্লিবীয়দিগের অধিক পক-পাতী হইয়াছিল। ইহা দ্বারা এমত অবধারিত হইল (व, (भंदि) मीয় এবং क्लाइे अने मल श्लिरीয়िन ति? টি বিউটা সভা সম্ভক্ত হইবে। সেঞ্রিএটা সভাতে দকল বিষয়েরই পুনরিকোর হইতে পারিবে এব ত্রং সভারত নিম্পত্তির পর আরু কাহার বিচার

চলিবে না। আর ইহাও নিশ্চিত হইল যে, এ সময়াবধি রোমে ছুই জন কন্সল নিযুক্ত না হইয়া তৎপরিবর্ত্তে দশ জন ডিসেম্বর নির্দ্দিষ্ট হইবে। उँहात्राई मकल तांककार्धा मम्भागम कतिराम। किन के मन जरनत मर्या शीव जन श्लितीय मलक লোক হইবে। পূর্ব্বোক্ত ব্যবস্থাপকগণ তাঁহা-দিগের কর্মা সম্পাদন করিয়া এক বৎসবের মধ্যে স্বং পদ পরিত্যাগ করিবেন, প্রথমে এইরূপ কথা ছিল। কিন্ধ তাঁহার৷ ক্রমে২ বিলম্ব করিয়া ছুই বৎসর অতীত করিলেন। তৃতীয় বৎসরে তাঁহাদিগের মধ্যে এপিয়স্কুডিয়স্নামা এক ব্যক্তি বর্জিনিয়া নাম্মী কোন স্থন্দরী কন্যার প্রতি অত্যাচার করাতে বোমীয়েরা আরু ডিসেম্করদিগের শাসনাধীন থাকি-তে ইচ্ছা করিলেন না। অনেক বিবাদের পর পুন-ৰ্মার ছুই জন কন্সলু নিযুক্ত হইল। কিন্তু পূৰ্ব্বোক্ত দাদশ ফলকের ব্যবস্থাই প্রচলিত হইতে লাগিল। এই সময়ে প্লিবীয়গণ আর একটা ক্ষমতা প্রাপ্ত হয়। পূর্বে আভিজাত্যাভিমানী পেট্,সীয়গণ শ্লিবীয়-দিগের সহিত বিবাহ সম্বন্ধ নিবন্ধন করিতেন ন।। ৪৪৫ পূ: গৃষ্টাব্দে ঐ রীতি রহিত করণের উপযোগী একটা ব্যবস্থা প্রচলিত হয়। ইহার পর আবার প্লিবীয়রা বলিল যে. আমাদিগের মধ্যে কেহ কথন কন্সল পদাভিষিক্ত হইতে পায় না। অতএব এক

জন প্লিবীয় আর এক জন পেট্রিসীয় এইরূপ করিয় তুই জন কন্ষালকার্য নির্বাহ করিবে। পেটি मीरात्। इंशांट मना ना रहेश क्यालत कम ভাঙ্গিয়া দেন্দর, কুইফার এবং যোদ্টা বিউন্ এই তিন প্রকার ভূতন পদবীর স্টি করিলেন। ত**ন্ন**ধে প্রেট্রিসীয় দল হইতে কিউরিএটা সভা কর্তৃক পাঁগ বৎসরের নিমিত্ত ছুই ব্যক্তি সেন্সর নিযুক্ত হইলেন চেন্সরেরা সাধার্ণধনাধ্যক্ষ ছিলেন—ব্যক্তি মাত্র<u>ে</u> বিষয় বিবেচনা করিয়া তাহাদিগের প্রতি যথো চিত কর নির্দ্ধারিত করিতেন—এবং লোকের চরিত বিচার করিয়া কাহাকেও নীচ পদ হইতে উচ পদবীতে উন্নত করিতেন আর কাহাকেও বা নী পদস্থ করিয়∖ অবমানিত করিতেন। কুইফীর অভিহিত কর্মচারী দ্বয় পেট্রিসীয় দল হইতে সেঞ্রিএটা সভা কর্তৃক মনোনীত হইতেন—রা জ্যের আয় ব্যয় স্থিতির হিসাব রাখা ইহাঁদিগে: কর্ম ছিল। যোদ্ধ ট্রিবিউন্উপাহিত বক্তিগণের সংখ্যা নির্দ্দিষ্ট ছিল না। সেঞ্বরিএটা সভা কর্তৃব শ্লিবীয় এবং পেট্রিসীয় উভয় দল হইতেই ইহাঁর মনোনীত হইতে পারিতেন। কিন্তু কন্সল্নিযুক্ত করিতে হইলে পেট্রিদীয় দল হইতেই করি তে হইত। এই পর্যান্ত হইয়াই বিবাদ নিষ্পতি হইল না। যথন শ্লিবীয়রা বলবান হইয়া উঠিত

তথন যোদ্ধ ট্রিবিউন্,নিযুক্ত হইত, নচেৎ পেট্র-দীয়গণ কন্সল নির্দ্দিষ্ট করিয়া রোমে আপনাদি-গের অপ্রতিহত প্রভাব বিস্তার করিতেন। পেটি,-দীয়েরা ডিক্টেটর নিযুক্ত করিতে পারিলেই প্রায় ্লিবীয়গণকে স্বৰণে আনয়ন করিতে পারিতেন। মার িবীসুরা যুদ্ধ উপ**স্থিত হইলেই নগর পরিত্যা**গ করিয়া গিয়া পেট্রীয়দিগের স্থানে স্বাভিপ্রেত দাধনের ক্ষমতা প্রাপ্ত না হইলে প্রত্যাবর্ত্তি হইত না। ফলতঃ চমৎকারের বিষয় এই যে, প্লিবীয়রা এমত প্রবল হইয়াও তাদশ শাস্ত স্বভাবে আপ-নাদিগের অভীষ্ট দিদ্ধির যত্ন করিত। উহার। মনে করিলে অবশ্যই বল দ্বারা পেটি সীয় দলকে নত করিতে পারিত। কিন্তু প্রাচীন রোমীয়দিগের দনে আপনাদিগের ধর্মের এবং সেই ধর্মশাস্ত্র প্রণীত সামাজিক ব্যবস্থার প্রতি এমত দৃঢ়তর ভক্তি ছিল যে, বল দ্বারা তাহার পরিবর্ত্ত করণে কোন প্রকা-রেই সন্মত হইত না। তাহারা পেটি,সীয়দিগের ছানে ভিক্ষা করিয়া,—আবদার করিয়া—কথনং কাশল করিয়াও--আপনালিগের অবস্থার উন্নতি-নাধনের চেষ্টা করিত ; কিন্তু বলদ্বারা অথবা দেশা-সারকে একেবারে তুচ্ছজ্ঞান করিয়া হঠাৎ কোন কর্ম্<u>ম</u> প্রব্ত হইত না। ইহাতেই বোধ হয় যে, রোমী-মেরা অতি ধর্মা পরায়ণ, শান্ত এবং গম্ভীর প্রকৃতি ছিল। এবং সেই জনাই অচিরাৎ সমুদয় পৃথি-বীর উপর অতুল কর্ত্তত্ব লাভ করিতে পারিল। প্লিবীয়র। ঘরে পেটি,স∂য়দিগের সহিত যতই বিবাদ কৰুক না কেন, বাহিরে শত্রু সমক্ষ হইলে তাহার: সর্বতোভাবে পেটি,সীয়গণের বশীভূত থাকিয় কর্ম করিত-কখন ঘুনাক্ষরেও ওদ্ধত্ত প্রকাশ করিত না। এই জন্যই এতঅন্তর্কিবাদ সত্ত্বেও বোমী ষ্ট্রের প্রতিপক্ষ ভল্সীয় এবং ইকুয়ীয়দিগবে অনায়াদে পরাভূত করিয়া ক্রমেই উহাদিগে: সমুদ্য দেশ আপনাদিণের হস্তগত করিল। ইহা পর মহাপরাক্রান্ত বিয়াই নগব অধিকাব কবি বার নিমিত্ত রোমীয়দিগকে অবিরত দশবর্ষকাং য়দ্ধ করিতে হইয়াছিল। ক্রমাণুয়ে এতদিন যু হওয়াতে সূত্রাং রোমীয় সেনাগণ বাটা আসিং বর্ষে২ যেরূপ ক্লবিকার্য্য করিত, এই সময়ে তাহার জ বকাশ পাইল না। স্কুরাং তাহাদিগের ভরণ পো ষণার্থে সাধারণ ধনাগার ছইতে ভতি প্রদান করিবা প্রয়োজন হইল। বস্তুতঃ এই সময়াব্ধি রোমে দৈনিকগণ ভূতিপ্রাপ্ত হইতে আরম্ভ করে। ইহা পূর্বে তাহারা আপনাদিগের প্রয়োজনীয় বা সমুদয় আপনারাই নির্কাহিত করিয়া শত্রুর স হিত সং থাম করিত। এই সময়ে কামিলসু না কোন ব্যক্তি রোমে প্রাত্ত্ত হইয়াছিলেন। ই

বই সেনাপতিত্বে বিয়াই নগর বিজিও হয়। কিন্ধ নি বিয়াই প্রাজিত করিয়া অতিশয় অহঙ্গুত ইয়াছিলেন। বিশেষতঃ প্লিবীয়ের। বিয়াই গেরের সমুদয় ভূমি আপানার। বিভাগ করিয়াল-ংতে চাহিলে, তিনি তাহা নিবারণ করিলেন এবং সই হেতৃ রোম হইতে নির্বাসিত হন। এই ামযে অর্থাৎ ৩৯০ পূঃ খৃষ্টাব্দে রোমীয়েরা অতি ারাক্রান্ত গল্জাতীয় লোক কর্তৃক আক্রান্ত ্ইল। তাহার। রোমীয়দিগকে সন্থ সং-গ্রামে পরাভূত করিয়া পরিশেষে উহাদিগের নগর পর্যান্ত ভদ্মীভূত করিয়া কেলে। রোমী-য়র। অনেকে বিয়াই নগরে পলায়ন করিয়। গাপনাদিগের প্রাণ রক্ষা করিয়াছিল। কথিত মাছে যে, কামিলসু ঐ সময়ে গলদিকে পরাত চরেন। কিন্তু বোধ হয়, দে কথা প্রকৃত নয়। রোমী-.য়রা একান্ত 'অভিমান পরবশ হইয়। ঐ অলীক কথার উত্থাপন করিয়া থাকিবে। যাহাহউক, গল ঙ্গাতীয়ের। চলিয়। গেলে রোমীয়ের। প্রনর্কার স্বদেশে গাসিয়া আপনাদিণের নগর নির্মাণ করিল এবং গুর্বের্ব যেমন তুই দলে বিবাদ করিতেছিল পুন-র্মার সেইরূপ করিতে প্রবৃত্ত হইল। গল্দিগের গাক্রমণের সময় মান্লিয়সু নামক এক ব্যক্তি অত্যন্ত ণাছস প্রকাশ করিয়া কাপিটল্ তুর্গ রক্ষাকরিয়া

हिलन। जिनिहे अथरम श्लिवीयमित्रत शंक रहेश যাহাতে ঋণ বিষয়ক ব্যবস্থা সকলের পাৰুষ্য মোচন হয়, এমত চেষ্টা করেন। তাহাতে পেট্রিসীয়র। তাঁহার প্রাণ বধকরে। রোমের তুঃসময়ে লাটিন্ এবং হর্নিসীয় জাতীয়েরা পূর্ব্ব দৈত্রীভাব পরিত্যাগ কবিয়াছিল। কিন্তু কামিলসের ষত্ত্বে তাহাতে রোমের কোন বিশেষ ক্ষতি হইতে পায় নাই। তিনি শত্রু সকলকে দমন করিয়া অতিশীঘ্ট রোমনগরীকে পূর্বাবস্থ করিলেন। কিছু কাল পরে অৰ্থাৎ ৩৭৬ পূঃ শৃঃ অবে লিসিনিয়স্ নামক একজন টি,বিউন্ ভিনটী ব্যবস্থ। প্রস্থাবিত করিলেন। তাহাদিগের মর্ম্ম এই (১) পেটি সীয়রা কেহ সাধারণ ভূমিসম্পত্তির মধ্যে পাঁচ শত জুগরার (প্রায় আ-ড়াই বিঘার এক জুগরা হয়) অধিক ভূমি অপি-কার করিতে পারিবে না আরু অবশিষ্টাং* ममूनाय श्लिवीयनिशंक धानान कर्ना याहेत्व। (२) পূর্বের যেরূপ তুই জন করিয়া কল্সল্ নিযুক্ত হইত এক্ষণেও সেইরূপ হইবে। কিন্তু ঐ ছুই জনে? মধ্যে একজন কন্সল্ প্লিথীয় দলস্থ হইবে। (৩) উত্তম-র্ণেরা অধনপদিগের স্থানে যত স্থদ পাইয়াছেন তাহ সমুদয় আদল হইতে বাদ দিয়া অবশিষ্ঠাংশ প্র দান করিলেই ঋণ হইতে মুক্ত হওয়া যাইবে।

পেটি, দীয়রা কামিলসকে ডিক্টেটর পদাভিষিত্ত

করিয়া প্লিবীরদিগকে দমন করিবার চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু ট্রিউনেরা ঐ সময়ে এমত দৃঢ় প্রতিজ্ঞতাপূর্মক স্বাভীষ্ট সাধনে যত্নবান হইল যে, তিনিও উহাদিগের মতের অন্যথা করণে সমর্থ হই-লেন না। ট্রিউন্দিগের পূর্কাবধি এই শক্তি ছিল যে, উহারা কোন ব্যবস্থার বা অভিনব প্রস্তাবের পাণ্ড-লিপির নিম্নভাগে ভিটো অর্থাৎ নিষেধ এই বাক্য লিখিলে আরু কোন মতেই সেই প্রস্তাব প্রচলিত হইতে পারিতনা। এই বার তাহার। আপনাদিণের ঐ নিষেধ করিবার শক্তির সম্পুর্ণরূপ ব্যবহার করিয়া সর্ব্য প্রকার রাজকার্যাই স্থানিত করিয়া রাখিল। ফ্তরাং অনেক বিবাদের পর ৩৬৭ পূঃ খৃফীব্দে পেট্রিসীয়গণ অগত্যা পূর্ব্বোক্ত ব্যবস্থা সমস্তে সম্মত হইলেন। কিন্তু তাঁহার। বলিলেন যে, ইহার পর কন্সল্দিগের কোন দেওয়ানি মোকদামা করিবার ক্ষমতা থাকিবে না। সেই কর্মা নির্মাহার্থ প্রিটর উপাহিত একজন পেট্রিসীয় নিযুক্ত হইবেন। কিন্তু এত চেম্টাকরিয়াও কিছু ফল দর্শিল নাঃ ৩৫৬ পূ: খৃঃবেদ একজন শ্লিবীয় ডিক্টেটর পদাভি-ষিক্ত হইলেন—৩৫১ পূ: খৃফীব্দে একজন প্লিবীয় সেন্সরের কর্মা পাইলেন— ৩৩৭ পূঃ খৃষ্টাব্দে একজন প্লিবীয় প্রিটরের কর্মোনিযুক্ত 🗪 ইলেন—এবং ৩০০ পূঃ খৃষ্টাব্দে অগর, পন্টিফ্ প্রভৃতি মহামান্য যাজক

পদবীতেও প্লিবীয়গণ উন্নত হইতে লাগিল। এই সময়ের মধ্যে রোমীয়দিগের সহিত দক্ষিণ দি-কন্থ প্রবল সামাইট জাতির সংগ্রাম হয়। তা-হাতে লাটিন জাতীয়েরাও প্রবল বিপক্ষ বর্গের সহিত মিলিত হইয়াছিল। কিন্তু কাহার দারা রো-মের কোন বিশেষ ক্ষতি হয় নাই। প্রত্যুত ডিসিয়দ্ প্রভৃতি মহাত্মাদিগের প্রযত্তে এবং রণ-পণ্ডিত কমিলসের প্রবর্ত্তিত যুদ্ধ-প্রণালী অবলম্বন করাতে রোমীয় সৈন্যগণ সকল যুদ্ধেই বিজয় লাভ করিয়া পরিশেষে মধ্য ইটালীতে অপ্রতিহত প্রভুত্ব প্রাপ্ত হইল। উহার। ক্রমে২ দক্ষিণ ইটালীতেও আপনাদিগের অধিকার বিস্তার করিতে লাগিল। পূর্বেই বল। গিয়াছে যে, ইটালীর দক্ষিণ ভাগে থীকের। অনেক উপনিবেশ সংস্থাপন করে। সেই সকল প্রীকেরা বিশেষতঃ টারান্টম্ নিবাসিগণ রো-মীয়দিগের প্রাবল্য দর্শনে ভীত হইয়। ইপাইরদের রাজ। যুদ্ধবীর পির হৃদ্কে নিমন্ত্রণ করিয়। পাঠা-इलन। পित्रम्बर शौक रेमना এवः इंडीयूथ লইয়া ইটালীতে অবতীর্ণ হইলেন। ২৮১ পূঃ খৃফ্টাব্দে हिताकिया नगत मगीरा और এवः द्यामीय देमनाग-ণের রণস্থলে প্রথম সন্দর্শন হইল। রোমীয়ের। ইহার পূর্ব্বে কথন 📷 দর্শন করে নাই। স্কুত্রাং দেই প্রাকাণ্ডকায় ভীষণ মূর্ত্তি পশু সকল দর্শনে

তাহার। নিতান্ত ভীত হইল। পির্হুস্থুদ্ধে জয়ী হইলেন। জয়ী হইয়া তিনি সন্ধি করিবার অভি-প্রায়ে রোমে দূত প্রেরণ করেন। কিন্তু রোমীয়ের। প্রতিজ্ঞা করিল যে, আমরা কথন বিজিত হইয়া কাহারও সহিত সন্ধি করিব না। বিশেষতঃ পির্হস্ ইটালী পরিত্যাণ করিয়া না গেলে তাঁহার সহিত সন্ধির কথাই হইবে না। ২৭৯ পূঃ খৃঃ অব্দেতাক্লুন্ নামক স্থানে দ্বিতীয় বার যুদ্ধ হয়। এই যুদ্ধেও পির-हम् ज्यो इट्टेलन। किन्छ युद्धकाल द्राभीयिन रात्र দাহদ এবং যুদ্ধস্থলে মৃত রোমীয়নিগের বীরমূর্ত্তি দেখিয়া তিনি বলিয়াছিলেন যে, এমত সৈন্য পাইলে আমি অনায়াদে সমুদয় পৃথিবী জয় করিতে পারি। তিনি ইহাও বলিয়াছিলেন যে, আমি জয়ী হই-য়াছি বটে, কিন্তু আরু একটীবার এমত জয়লাভ করিতে গেলেই আমার সর্বাস্থান্ত হইয়া যাইবে। এই সময়ে পির্হসের চিকিৎসক রোনীয়দিশের কন্সলকে এই অভিপ্রায়ে পত্র লিখিয়া পাঠান যে, তোমরা আমার উপযুক্ত পুরস্কার করিবে এমত স্বীকার করিলে, আমি পির ইন্কে বিষপান করাইয়া নফ করি। রোগী-যেরা তচ্ছাবনে ঐ মুফীস্মার প্রতি অত্যন্ত বিরক্ত হইয়া সেইলিপি, পিরহসের নিকট প্রেরণ করেন। পিরহস ইহার পর সিসিলিদ্বীপে শ্রুমন করিয়াছিলেন। তিন বৎ সর অতীত হইলে তিনি পুনর্মার ইটালীতে

প্রতাগনন করিলেন এবং বেনিবেন্ট্র নাম্ক ভাবে রোণীয়দিগের সহিত যুদ্ধ করিয়া সম্পূর্ণ রূপেই পরান্ত হইলেন। তিনি অবিলয়ে ইটালী হইতে প্রস্থান করিলেন। রোণীয়ের সমুদায় দক্ষিণ ইটালী অধিকার করিয়া লইল। সামাইট জাতীয়েরা পুনর্কার স্বাধীন হইতে চেম্টা করিয়া-ছিল, কিন্তু তাহাদিগের চেম্টা সফল হয় নাই।

এই সময়ে অর্থাৎ ২৬১ পৃঃ খঃ অবেদ সমুদায় ইটালীর লোককে তিন ভাগে বিভক্ত করা যায়। এক প্রকৃত রোমীয়, অপর রোমদথ অর্থাৎ রোমের প্রজা এবং তৃতীয় লাটিন লোক ; ইহার মধ্যে রোম नगतीत श्लिवीय, পেটি नीय এবং क्लाइ अने अहे नकन লোক আর রোম নগরের চতুর্দ্ধিকস্থ যাবতীয় ব্যক্তি যাহারা কোন ট্রাইব সম্ভুক্ত ছিল, এই সকলকে প্রকৃত রোমীয় বলা যাইত। আর যাহারা প্রকৃত রোমীয় বটে, কিন্তু দেনেটের অভিমতে দূরে আদিয়া উপনিবেশে বাস করিয়াছিল তাহাদিগকেও রো-মীয় বলা যাইত। অপরন্ত কোন বাক্তি বিশেষ কোন উৎক্ষম্ভ গুণে বিভূষিত অথবা সম্বিক সম্পত্তি-শালী এবং পরোপকারী বলিয়া প্রসিদ্ধ হইলে সে-নেট হইতে রোমীয় এই গোরবস্থাক উপাধি প্রাপ্ত হইরা প্রকৃত্তরোগীয়ের মধ্যেই গণা হইতেন। ইহাতেই বোধ হইবে যে, রোমীয় মাত্রেরই

শাসন কর্তৃত্ব ভার ছিল না। যাঁহারা রাজ ধানী হইতে
দূরে বাস করিতেন তাঁহারা রোমীয় পদের বাচ্য
হইলেও কোন সভাস্থলে উপস্থিত হইয়া রাজকার্য্যে
হস্তার্পা করিতে পারিতেন না। কতক গুলি মাত্র রোমী য়র শাসন কর্তৃত্ব ছিল, কিন্তু রোমীয় মাত্রেই
কেহ স্বাধীনতায় বঞ্চিত ছিল না।

রোম সথ বলিয়া যে সকল অন্যান্য ইটালীয় জাতির উল্লেখ কর। যায় তাহাদিগের সকলের সহিত (तारमत मर्गान मचन जिल ना। किन्छ जाना जिल्लात সকলেই রোমের প্রাধান্য স্বীকার করিত এবং তা-হার। পরস্পর সন্ধি বিগ্রহ ত্যাগ করিয়াছিল। এমন কি, এক নগরের সহিত তৎ পার্শ্ববর্তী অপর নগরের কোন সম্পর্কই ছিল না, সকলে সতম্ব থাকিয়া যে যাহার আপন আপন রীতি. নীতি, ব্যবস্থা ওধর্ম-প্রণালীর অনুসারে কার্য্য করিত। লাটিন লোক বলিয়া যাহাদিগের উ-ল্লেখ করা গিয়াছে, তাহারা পূর্কোক্ত রোমীয় এবং তৎ প্রজাবর্গের মধ্যবর্তী ছিল। ইহার। বাস্ত-বিক রোমেরই কতকগুলি ঔপনিবেশিক মাত্র, ইটা-লীর নানাস্থানে বিকীর্ণ হইয়া থাকাতে সর্বত রোমীয়দিগের অপ্রতিহত প্রভুত্ব প্রচলিত করিয়া রাথিয়াছিল। এই সময়ে রোমীয়দিগের শাসন প্রণালী যেরপ হইয়া উঠিয়াছিল তাহাও বর্ণন করা আব-

শাক। যেহেতু ঐ প্রণালী পূর্ব্ব প্রণালী অপেক্ষ অনেক উৎক্রফ এবং ইহারই অগীনে রোমীয়ের অনায়াসে ইটালীর বহির্ভাগেও আপনাদিগের অধিকার বিস্তার করিতে সমর্থ হয়।

কিউরিএটা সভা রহিত হইয়। গিয়াছিল। সেঞ্রি-এট। এবং টি,বিউটা সভার মধ্যে আর কোন বি-শেষ প্রভেদ ছিল না। এইক্ষণে এই রূপ হইয়াছিল যে, সেনেট হইতে ব্যবস্থা সকল প্রস্তাবিত হইয়া দেঞ্রিএটা সভার সন্মতির নিমিত্ত প্রেরিত হইতে পারিত আর ট্রিউন্গণ জনসাধারণকে ট্রিউটা সভাতে আহ্বান করিয়া সেই সভাতেও ভূতন ব্যবস্থার প্রস্তাব করিতে পারিতেন। সেই প্রস্তাবিত ব্যবস্থায় সেঞ্রিএটা সভার স্মতি হইলেই উহ: প্রচলিত হইতে পারিত। অতএব ব্যবস্থা প্রস্তা-বনায় পেট্রিদীয় এবং প্লিবীয় উভয় পক্ষেরই সমান ক্ষমতা হইয়াছিল। ইতিহাস বেতাদিণের মতে এই সময়ে এপিয়স্কুডিয়স্নামা একজন সেন্সর নাগরিক নীচ লোকদিগকে ও ট্রিবিউটা সভা সম্ভুক্ত করেন এবং যাহার যেরূপ বিভব ভাষা বিশেষ রূপে বিবেচনা করিয়া সেঞ্চারিএটা সভাতেও অ-নেক পরিবর্ত্ত করিয়াছিলেন।

প্রথম পুনিক যুদ্ধ ৷

চতুৰ্থ অধ্যায় !

্পথম পুনিক্ যুদ্ধা—রোমীয়নিগের টৈবদেশিক অধিক'র সৃদ্ধি—কার্থেজীয়নিগের কর্তৃক স্পেইন দেশ অধিকার—হানিবল—বিভীয় পুনিক্ যুদ্ধা—মাসি চন্রান্ধ ফিলিপের সহিত যুদ্ধা—সিরিয়ারান্ধ আণিটিয়োকসের সহিত যুদ্ধা—হানিবাল প্রাণ করেন—তৃতীয় পুনিক্ যুদ্ধ—প্রীয়েলিগের প্রদেশ।ধিকার শাসনের রীতি—রোমীয়াদিগের মধ্যে অর্থবোভের প্রবেশ।

ইটালি দেশ সমৃদায় অধিকৃত হওয়াতে রোমীয়দিণের সহিত অপরাপর জাতির ক্রমশঃ সংস্রব হইতে লাগিল। বিশেষতঃ ইটালির দক্ষিণ দিকস্থিত শিশিলী দ্বীপ নিবাদিগণ তৎকালে নির্ভর অন্তর্বিবাদে আসক্ত হইয়াছিল। মেমটাইন্ নামক এক দল পরাক্রান্ত দক্ষ্য মেদিনী নগর বাদী শ্রীক জাতীয়দিগকে বিনষ্ট করিয়া ঐ নগর অবিকার করে। তাহাতে সিরাকুদের রাজা সদৈনেয় আদিয়া উহাদিগের নগর অবরোধ করেন; আর ঐ সময়ে প্রাচীন ফিনিসীয় দিগের প্রাদ্ধি উপনিবেশ কার্থেজ হইতেও কতক গুলি দৈনয় আদিয়া ঐ মেদিনা নগরের মুর্গ অধিকার করিয়া লয়। কার্থেজীয়দিগের সহিত দিরাকুদ্ রাজার সাতিশয় বিরোধ ছিল। কারণ ইহার বহু পূর্বান

ববি কার্থেজীয়র। শিশিলী দ্বীপ অধিকার করিবার নিনিত্ত চেফী করিতেছিল। তাহার। কথনই ঐ দ্বীপ সম্পূর্ণ রূপে আপনাদিগের হস্তগত করিতে পারে নাই বটে, কিন্তু নিরন্তর যত্ন দার। ক্রমে২ উহার সমুদায় দক্ষিণ ও পদিচ্য উপকূল ভাগে প্রভত্ত লাভ করিয়াছিল। মামর্টিনীয়ের। ঐ কার্থে-জীয় গণের ভয়ে ভীত হইয়। রোমের শর্ণাপন্ন হইল। রোমীয়েরা তাহাদিগকে আশ্রয় প্রদান कतिवात वामनाय मिनिली घीट्य टेमना ध्यतन করিলেন। এইরূপে কার্থেজীয়দিগের সহিত যে যুদ্ধ আরম্ভ হয় তাহাকে প্রথম পুনিক্ যুদ্ধ বলে। ইহা ২৩ বৎসর ধরিয়া হয় এবং ইহার মধ্যে রোমীয়ের সামুদ্রিক রণপোত নির্মাণ করিয়া তদ্বারা জল-যুদ্ধ করিতে শিথে। কার্থেজীয়ের। বহু কালাবধি বাণিজা ব্যবসায়ে ব্যাপৃত হইয়া সমূহ ধনসম্পত্তি শালী হইয়াছিল। তাহার। স্বয়ং কদাচিৎ অস্ত্র পারণ করিরা যুদ্ধ করিতে যাইত না, ভৃতিভূক रेमना हार्राष्ट्र मकल मध्याम कार्या निकाह করিত। ভৃতিভুক সৈন্যাগণ যে, সচরাচর স্থ-কার্য্য তৎপর রোমীয় সৈন্যের সহিত সংগ্রামে সমর্থ হইত না, তাহা বলা বাত্লা মাত্র; কিন্তু বিশিষ্ট রণদক্ষ দেনাপতি কর্ত্তক পরিচালিভ ছইলে তাহারা কথন্য রোমীয় দিগকেও পরাভ্র

করিতে পারিত। স্পার্টান নঁগর নিবাসি জান্টিপস্
নামক কোন যুদ্ধবীর একবার কার্থেজীয়দিণের সেনাপতিত্ব প্রহণকরিলে রোমীয় সেনানী স্নৃদ্-প্রতিজ্ঞ
রেগুলস্ কার্থেজ আক্রমণ করিতে গিয়া পরাজিত
হয়েন। আর হানিল্কার নামক একজন স্ববিজ্ঞ
কার্পেজীয় সেনাপতির অধীনে ও উহারা শিশিলী,
ও দক্ষিণ ইটালিতে রোমীয়দিণের অনেক
হানি করিয়া পরিশোষে আপনাদিণের বিদ্যোহী
সৈন্যদলকে পরাভব করণে সমর্থ হয়। কিন্তু
সর্ম্বলাই এরপ হইত না। রোমীয়দিণের সহিত
মুদ্ধে কার্থেজীয়রাই অধিক স্থানে পরাজিত
হইত। স্তুরাং পরিশোষে উহারা সন্ধি করণে
সম্মত হইয়া শিশিলীদ্বীপ পরিত্যাগ এবং বিপ্লল
অর্থ-দণ্ড প্রদান করিতে স্বীকার করিল।

ইহার পর ২২ বৎসরের মধ্যে রোমীয়ের। সমুদার শিশিলীদ্বীপ অধিকার করিয়া লইল। শিশাপিন্ গল্নামক পো নদীর অববাহিকাও উহাদের
হস্তগত হইল। আর বিনিন্ উপসাগরের উত্তর
ও পূর্কোপকূলবর্তী ইলিরিয়া প্রদেশের রাজ্ঞী দস্য
রিজি দারা চতুর্দিকস্থ জনপদবাসিগণকে উত্যক্ত
করিয়াছিলেন বলিয়া রোমীয়ের। তাঁহারও রাজ্য
লইয়া স্বাধিকার সম্ভুক্ত করিল। সার্ভিনিয়া দ্বীপও
এই সম্য়ে রোমীয়দিগের হত্গত হয়।

কিন্তু প্ৰ সময়ে কাৰ্থেজীয়রাও নিতান্ত নিশ্চিত ছিল না। উহারা শিশিলী এবং সার্ভিনিয়া প্র-ভৃতি দ্বীপ গুলিতে আপনাদিগের বল প্রকাশ ক-রিতে না পাইয়া ক্রমে২ স্পেইন্ দেশের সমুদায় পুর্ফ্রোপফুল ভাগ আপনাদিগের অধিক্ষত করিল। বিচক্ষণ সেনাপতি হামিলকার এই সকল কার্য্যে প্রাধান উদ্যোগী ছিলেন। তাঁহার যত্নে কার্থেজীয়-দিগের এই ভূতন রাজ্য এমত প্রবল হইয়া উঠিল বে, রোণীয়েরাও তদ্দর্শনে শঙ্কান্বিত হইতে লাগি-लम । उँ। श्रीवा विनश्न शारी हिलम (य. कार्य जीयतः (यन हेर्जानमी भार हहेश ना आहरम। এই मगरः হামিলকারের মৃত্যু হওয়াতে তাঁহার জামাতা হাদ্-জ্রবাল্ কার্থেজীয় সৈন্যের সেনাপাতিত্ব গ্রহণ করেন। কিন্তু ইনিও বহুকাল জীবিত ছিলেন ন।। ইহাঁর পর হামিল্কারের সুযোগ্য পুত্র হানিবাল, বড়-विश्न वर्ष वयुः क्रम मगर्य कोर्थि जीविमर्गव रमना-পতিত্বে নিযুক্ত হইলেন। ইনি নবম বর্ষ বয়ঃক্রম কালে পিতৃ শিবিরে আনীত হইয়া যাবজ্জীবন কেবল যদ্ধের রীতি নীতি শিক্ষা এবং বিবিধরূপ সং প্রামক্লেশ ভোগ করিয়াছিলেন—ইহাঁকে ইহাঁর পিতা অতি শৈশবেই দেবতার নিকট শপথ করা-ইয়া রোমের পরম শত্রু করিয়া রাখিয়া যান—এবং ইহাঁর তুল্য যুদ্ধবীর, বোধ হয়, অদ্যাপি কেহ কোন দশে জন্ম এছণ করেন নাই। ইনি রোমীয়দিণের নিবারণ অপ্রান্থ করিয়া ইত্রো নদী পার হইয়া গাজন্টম্ নামক নগর আক্রমণ করিলেন। রোমীয় তে তাঁহাকে নিষেধ করিলেও তিনি ঐ নিষেধ গানিলেন না। স্ক্তরাং ২১৮ পূঃ পৃষ্ঠাব্দে রোমের গহিত কার্থেজীয়দিণের পুনর্কার যুদ্ধ আরম্ভ হইল। ইহাকে দ্বিতীয় পুনিক যুদ্ধ বলে।

এই যুদ্ধ যে অতি ভয়ানক হইয়া উঠিবে রোমীয়য়া তাহা প্রথমে কিছুই রুঝিতে পায়েন নাই।
হানিবাল আপন ভাতা হাস্ক্রবালের প্রতি স্পেইন্ রাজ্য শাসনের ভারার্থন করিয়া অতি শীলুই
পিরেনীস পর্বতশ্রেণী লগুঘন করিয়া গল্ দেশের
দক্ষিণ ভাগ নিয়া গনন করত স্বরহৎ ভেলক নিদ্বাণ করাইয়া তৎসহযোগে হন্তী অস্ব সমেত
রোন্ নদী উত্তীর্থ হইলেন—বিপক্ষ পক্ষীয় বনয়
জাতীয় গল্দিগকে সম্মুথ সংগ্রামে পরাভূত করিলেন—এবং পঞ্চদশ দিবসের মধ্যে অঞ্চত পূর্বর ক্রেশ
সহ্ করিয়া ভালপ্য পর্বতিচয় উল্লগ্ডন করত সদৈনের ইটালীর উত্তর ভাগে আসিয়া অবতীর্ণ
হইলেন।

তত্রত্য গল্ জাতীয়ের। অতি অপ্পকাল পূর্ব্বেই রোমীয়দিগের সহিত যুদ্ধ করিয়া তৎকর্ত্তৃক পরা-জিত হইয়াছিল। তথনও তাহাদিগের মন হইতে রোমীয়দিশের প্রতি দ্বেষভাব অপনীত হইয়া যায় নাই। সুত্রাং উহারা দলে২ আসিয়া হানিবালের বৈদ্যা পরিপ্রফ্ট করিতে লাগিল। রোগীয়দিগের তুই জন কন্তাল শিপিয়ে এবং সেম্প্রোনিয়স্ ইহাঁর একে২ টিসিনস্ ও টি বিয়া এই ছুই নদীকূলে হানি-বালের গতি রোধ করিতে গিয়া তৎ কর্ত্তক পরাভূত হইলেন। ফুানিনিয়স্নামক আর এক জন কন্সল্ও থাসিমীন হ্রদের নিকট হানিবালের সহিত যুদ্ধ করিয়া তৎ কর্তৃক পরাজিত এবং স্বয়ং নিহত হই-लन। उथन द्यामीरम्बा जानिएउ शाहित्लन एम, হানিবাল ভাঁহাদিগের সামান্য শক্ত নহেন। উহাঁর। তৎক্ষণাৎ ফেবিয়স্ নামক অতি বিচক্ষণ এক ব্যক্তিকে ডিক্টেটরের পদে অভিষিক্ত করিয়া তাঁ-হার হত্তে আত্মরকার ভার সমর্পণ করিলেন। ফেবি-য়স্ অতিশয় সতর্ক ব্যক্তি ছিলেন। তিনি কদাচিৎ হানিবলের সহিত সমাুথ গুন্ধে অথাসর হইলেন না, সর্বাদা ভাঁহার নিকটে২ থাকিয়া আক্রমণ করিবার স্বযোগ প্রতীক্ষা করিতে লাগিলেন। এই রূপ করিয়া তিনি একদা ক্লতকার্য্য-প্রায় হইয়া-क्टिलन। शानिवाल मटेमरना रकान गित्रिम क्रिंगरश প্রবেশ করিলে পর, ফেবিয়স্ হঠাৎ সেই স্থানে আসিয়া চতুর্দ্ধিক বেষ্টন করিয়া ফেলিলেন—কোন দিকে বাহির হইবার পথ রহিল না। এমত সময়ে

বাত্রি উপস্থিত হইল। হানিবাল কতকগুলি মুশাল জালিয়া অনেকগুলি গ্ৰুৱ শঙ্গে বান্ধিয়া পৰ্কতেৱ এক দেশে ঐ গৰু সকলকে তাডাইয়া দিলেন। রোমী-য়েরা বোধ করিল যে, হানিবাল ঐ দিক আক্রমণ ক-রিতে যাইতেছেন, এই ভাবিয়া তাহারা সকলে দেই मिटक स्थापन करेल। स्थापन के सूर्यारण सना के পথ দিয়া প্রস্থান করিলেন। এইরূপে তুই সেনা-পতির নানা প্রকার রণকোশল প্রকাশ হইতেছিল: কেহ কাহারও কোন বিশেষ হানি করণে সমর্থ হন নাই-এমত সময়ে রোমীয়েরা সত্তর যুদ্ধ সমাপান করিবার প্রত্যাশায় ফেবিয়সের পরিবর্ত্তে ভারে। এবং এনিলিয়স্ নামক ছুইজন কন্সল্কে সেনাপতিত্বে নি-যুক্ত করিল। ভারে। অত্যন্ত উদ্ধৃত স্বভাব ছিলেন.। তিনি যে দিন সৈন্যাধ্যক্ষতা পাইলেন সেই দিনেই হানিবালের সহিত যুদ্ধে প্রব্ত হইলেন। 'কেনি?' নামক স্থানে এই ভয়ন্তর সংগ্রাম হয়। ইহাতে দাতচল্লিশ হাজার প্রহৃত রোমীয় যোদ্ধান দমরশায়ী হইয়াছিল। রোমের সংস্থাপনাবধি একাল পর্যান্ত কথন উহার এমত ছুর্দ্দশা হয় নাই। গলজাতীয়ের। রোম দক্ষ করিয়াছিল বটে, কিন্তু বোধ হয়, তাহা-দিগের যুদ্ধেও এত আধক লোকের প্রাণ বিনাশ इय नाहे। এই युद्ध २३७ शृः थृष्ठी त्म घटि। চনৎ-কারের বিষয় এই যে, এমত হুর্দ্দাপর হইয়াও

রোমীয়ের। আপনাদিণের গর্বা পরিত্যাগ ক্রিল না। এই যুদ্ধে জয়ী হইয়া হানিবাল উহাদিগের সহিত সন্ধি করিতে চাহিয়াছিলেন, কিন্তু রোমীয়েরা তথন সন্ধি-সংস্থাপনে সন্মত হইল না। এপর্যান্ত গল ভিন্ন ইটালির অন্য কোন জাতি হানিবালের পক্ষতা অবলম্বন করে নাই। কেনির মুদ্ধের পর উহারা অনেকে ভীত হইয়া ক্রমে২ হানিবালের সহিত মিলিত হইতে লাগিল। বিশেষতঃ কাপুয়। নগর নিবাসিগণ হানিবালের মহা সমাান ও সমাদর করিল। শীতকালে হানিবাল তাহাদিগের नगरत गिरा जिर्मान कतिरमन। এই जर्शि छैं।-হার কপাল ভাঙ্গে। কাপুয়া নিবাসিগণ সাতিশয় ইব্রিয় পরায়ণ ছিল। উহাদিগের সহবাদে হানি-বালের সেনা সকল ইন্দ্রিয় সুখাস্বাদন করিয়া যদ্ধ ক্লেশ পরাঙা থ হইয়। পড়িল। তিনি কার্থেজ হইতে নূতন দৈন্য আনয়নের নিমিত্ত যত চেফী क्तित्वन, खरमभौत्रशालत जाना मह ममुन्त চেফাই বিফল হইল। পরিশেষে ভাঁহার ভ্রাতা স্পেইন্ হইতে তাঁহার সাহায্যার্থ আসিতে-ছিলেন, পথি নধ্যে নিরো নামক কন্সলের সহিত যুদ্ধ করিয়া তিনিও পরাভত এবং নিহত হইলেন।

এই শেষোক্ত ব্যাপার যে ঘটিয়াছে হানিবল ভাহার কিছুই জানিতেন না। রোমীয় চৈদনি-

কেরা হাসক্রবালের ছিন্ন মন্তক লইয়া উহার শিবির মধ্যে নিক্ষেপ করিলে পর ভাতৃ নিধন ব্যাপার তাঁহার প্রথম অবগতি হইল। কিন্তু হানিবাল এমত তুর্দশাপন্ন হইয়াও নিজ নৈস্গিক রণ পা-ভত্য গুণে ইহার পরেও অবিরত পদর বংসর কাল ইটালিতে অবস্থান করত রোমীয়দিগের সহিত যদ্ধ করিয়াছিলেন। চত্তর্দ্ধিকে রোগীয়েরা প্রবল হইতে-ছিল—অপর যে থানে যায় উহারা সেই থানেই জয় লাভ করে—কিন্তু হানিবালের সহিত যুদ্ধ করিলেই পরাভব পাইয়। পলায়ন করিতে হয়। পরিশেষে সিপিয়ে নামক কোন যুৱা পুৰুষ কন্সল্ পদাভিষিক্ত হইয়া প্রথমে স্পেইনে বিজয় লাভ করত পরে আফিকায় গমন করিলেন এবং তত্ততা সুনিডিয়া প্রদেশের রাজা মাসিনিসার সহিত মিলিত হ-ইয়া কার্থেজনগর আক্রমণের উপক্রম করিলেন। তথন কার্থেজীয়র৷ একান্ত নিৰুপায় হইয়া আপ-নাদিগের সেনাপতি হানিবালকে আহবান করিল। তিনি অগত্যা ইটালি পরিত্যাগ করিয়া কার্থেজে গয়া উপস্থিত হইলেন। 'জামা' নামক স্থানে সিপিয়োর সহিত তাঁহার যুদ্ধ হইল। সেই যুদ্ধে হানিবাল পরাজিত হইলেন। ২০২ পূঃ খৃষ্টাবেদ এই প্রসিদ্ধ যুদ্ধ ঘটনা হয়। এই যুদ্ধের পরেই কার্থেজী-য়রা যৎপরোনান্তি হীনতা স্বীকার করিয়া রোমে: দহিত সন্ধি সংস্থাপন করে।

দিতীয় পুনিক ফ্দোর সময়ে মালিভোনিয়া রাজা ফিলিপ্ হানিবালের সহিত সন্ধি করিয়া রোমী यमिरगत विकास वास धातन कतियां जिल्ला । किः তিনি হানিবালের প্রাবল্যের সময় কোন বিশে एक्ट। करतन नाहे। त्रामीरहता श्रामिवलरः পর্যাদন্ত করিয়াই ফিলিপের প্রতি ননোযোণ করিলেম এবং ভাঁহাকে পরাভূত করিয়া এীদে স্বাধীনতা ঘোষণ করিয়া দিলেন। গ্রীকেরা প্রথমত অতান তৃষ্ট হইরাছিল। কিন্তু অতি শীঘুই তাহা দিগের বোধ হইল যে, স্বাধীনতা রূপ পর্ম সুং কথন অন্য কর্ত্তক প্রদৃত্ত হইতে পারে না-যি স্বাধীন হইবেন তাঁহার আপনার যোগ্যতা থাক আবশ্যক করে। এীকদিগের সেই যোগ্যতা ছিঃ না। তাহার। রোমীয়দিগের প্রাবলা দর্শনে ভীত হইয়া সিবিয়া দেশের রাজাকে আপ नामिटगत উक्षातार्थ आस्तान कतिल। मितिश রাজ আন্টিয়োক্স তাহাদিগের সহায়তা করিতে গিরা অতি শীঘ্ই বিজিত হইলেন। তিনি মান্টি নিয়ার যুদ্ধে পরাভূত হইয়া রোমীয়দিণে নিকট সন্ধি প্রার্থনা করিলে উহারা ভাঁহার অধি কার সমস্ত লইয়া নিজ পক্ষীয় রাজগণকে প্রদা করিল এবং হানিরলকে স্থান দান করিতে নিবারণ করিল। হানিবল ইছার পার অন্য এ

করে তাহা সামান্য যুদ্ধেই নিরত হয় নাই। তাহার পর আবার নুমান্সিয়া নাগরিকেরাও বছকালাবিধি রোমের বিপক্ষতাচরণ করিয়া পরিশেষে সিপিয়ো কর্তৃক পরাজিত হইবার উপক্রম দেখিলে আপনারা সকলে যুদ্ধ করিয়া প্রাবন্যের সময়েই উহার বিনাশ্যর হেতৃভূত দোষ সকল ক্রমশঃ প্রকাশিত হইবিরাছিলেন কি না বলা যায় না। কথিত আছে, সিপিয়ো কার্থেজে অগ্নি প্রদান করিয়াই বলিয়াভিলেন যে, আমার জন্মভূমি রোমেরও কোন সময়ে এইরূপ ছুরবন্ধা ঘটিবে।

পঞ্চন জাধ্যায় ৷

্রোমীয় নাগরিকনিগের অবস্থা এবং চরিত্র—নীচ সংপ্রক্র ছারা আচ্যানিশের ক্ষরতা বৃদ্ধির চেন্টা—টাইবিরিয়ন্ প্রাকন্সের বিবরণ—কেইয়ন্স প্রাকলের বিবরণ—নুমিভিয়ার মৃদ্ধি—
টিউটন এবং নিস্থীয় লোকের সাহিত মৃদ্ধি—ইটালীয়দিগের
বিদ্যোহ—সেই বিদ্যোহ শান্তি—মিপ্রিডেটিসের সহিত মৃদ্ধ—
মেরাইয়ন এবং সলা।

রোমীয়দিণের প্রদেশাধিকার শাসনের রীতি বে রূপ বর্ণিত হইল তদ্বারাই বোধ হইয়া থাকিবে বে, ঐ সময়ে উহাদিগের মান, সস্ত ম এবং গেরিব যে রূপ রৃদ্ধি হইয়াছিল,পূর্ব্বগত কোন জাতীয় লোকের কখন দেরপ হয় নাই। তথন রোম নগরে জনা এহণ করা কি পরম সেভিব্যার বিষয় হইয়াছিল! সেই নগরে জন্ম গ্রহণ করিলেই পৃথিবীর অন্য সকল দেশের বাজাদিশের অপেক্ষাও অধিক গ্রেবান্বিত হইবার উপায় হইত। যে ব্যক্তি রোমে অতি সামান্য লোকের মধ্যে গণ্য ছিল, সেও স্পেইন্ হইতে আসিয়া মাইনর পর্য্যন্ত যেন্থানে কেন গমন কককনা, সকলেরই বন্দ-নীয়, দর্শনীয়, মাননীয় হইয়া চলিত। তথন অর্থগৃধু, রোমীয়গণ অতি সহজেই স্নাপনাদিগের ধনত্যা পরিপূর্ণ করিতে পারিত—কীর্ত্তিপ্রিয় রে:মীয়গণ অত্যাপে আয়াসেই চিরমারণীয় কীর্ত্তি সংস্থাপন করিতে পারিতেন-এবং ধর্মশীল রোমীয় গণও নেই সময়ে মানব কুলের সমধিক উপকার করিবার স্বযোগ প্রাপ্ত হইতেন। কিন্তু তুর্ভাগ্য ক্রমে ঐ সময়ে বোম নগরীতে ধনলোলুপ, মশোলুক্ক এবং তুরাকাজক ব্যক্তির সংখ্যা যত অধিক হইয়াছিল, ধর্মশীল এবং মানবকুল হিতৈষী ব্যক্তির সংখ্য তেমন অধিক ছিলন। তেমন অধিক কি? বোমীয়-দিগের ধর্মা বুদ্ধি কথনই সম্যক গুদার্যাগুণ সম্পন্ন হয় নাই—তাহার। কথনই মানৰ সাধারণের হিতেছাকে ধর্ম বলিয়া গণ্য করিত না। তাহনি দিণের মধ্যে যিনি প্রম ধার্মিক হইতেন, তিনি चारमण-शिरे उरी शहराजन: उँशाव छ छेश-চিকার্স। রত্তি সমুদায় সানব জাতিকে স্থবিষয়ীভূত করিতে পারিত না। সুপ্রসিদ্ধ কেটোর চরিত্র ইহার সম্পর্ণ দুষ্টান্ত স্থল। ঐ ব্যক্তি রোমে অন্ধিতীয় পার্ন্সিক বলিয়া পরিগণিত হুইতেন। কিন্তা তিনিও कार्र्यकोग्रमिरगंद अगड विरम्ध कविराजन या. रम-तिर्धे यथन एवं विषद्य किन वक्क छ। कक्षन न्रों, সর্ম শেষে কার্থেজ বিন্দ্ত করা উচিত এই বলিয়। যাকা সমাপন কবিতেন।

এই मगर्य शौकिमिरशर्व मंश्टारव द्योगी-য়েরা কিছু২ বিদ্যাচর্চার ও তারস্ত করিয়াছিল এवः आश्रनामित्वत श्रीतीन क्रुके वावशावानि পরিত্যাগ করিবার চেষ্টা করিতে উদ্যত হইয়া-হিল আর প্রীকদিগের পূজা দেবতা সমতের পূজা আপনাদিশের দেশে প্রবর্ত্তি করিয়া উহা-নিগের ভ্রমীচার সমস্তের ও অনুকরণ করি-য†ছিল।

ধন-সম্পাদ, ভ্রম্টাচার এবং ক্রত্রিম সভ্যতার আবিভাৰ হইলে কখন কোন দেশের প্রজা-বর্গের মধ্যে সমভাব থাকিতে পারে না। রে:মে তাহাই ঘটল। তথন শুনিতে সকল রোমী-अर्थ नमान हिल बढ़ि—यार्थान्य त्मरे कथात त्काम

अनाथा हिल ना वटि-किन्छ वान्तिक, जथन दीभीह প্রজাবর্গের মধ্যে অনেক ইতর বিশেষ হইয়া উঠিয়াছিল। যাহারা ধনবান এবং যাহাদিগের পূর্ব্ব পুরুষগণ অনেকে প্রধান২ রাজ-কার্য্যে নিযুক্ত হইয়াছিলেন তাঁহারা একদল, আরু যাহারা নিধান এবং কোন বিখ্যাত বংশ সম্ভূত নয়, তাহারা অপর मन ; त्रांभी स्त्रता अहे **अकात बूहे मत्न विख्क हहेग्रा-**ছিল। তন্মধ্যে রাজ কার্য্য সমুদায়ই ধনীদিগের হস্ত-গত ছিল, নির্ধানেরা কেবল সভাস্থানে স্বহ অভিমত প্রকাশ করিতে পারিত এবং সেই সকল মত লই-য়াই রাজ কর্মচারী নিযুক্ত হইত। এই জন্য ধনীগণ নিধ নদিগকে স্ব২ বশীভত করিবার নিমিত্ত নিরন্তর ষত্ব করিতেন। লোকে ছুফ্ট মন্ত্রণা সকল ছুফ্ট উপায় দারাই দির্দ্ধ করিয়া থাকে। স্পতরাং ধনবানের। যথন কেবল উন্নত পদের প্রত্যাশাপন হইয়া निर्धनिमिर्गत (थायारमाम कतिएउ नागिरतन, उथन उँशिता त्य. छेशमिगत्क त्यार्भात छे एकां ध्रमान कतिरवन-वार्शनामित्राव मर्वायास कविष्ठां कन সাধারণের চিত্ত রঞ্জনার্থ বিবিধ নাট্য কোতৃকানি अमर्गन कतांद्रेरवन- अवश्मरम् यांश थांकूक, किन्छ যত দিন কর্ম না হয় তত দিন মুখে সকলের সহিত मिछ जानांश कवित्रा जकनक वधना कविवाव क्यों कतित्वन—देश महत्वहे तोथ गेमा हहेर**ु**

দারে। এইরপ বছকালাবধি হওয়াতে জন সাধারণ প্রায়ই সংক্রিয়ানুষ্ঠান দ্বারা জীবিকোপার্জ্জনের চেষ্টা করা পরিত্যাগ করিল—উহারা কোন ধনবানের পক্ষে সভাতে আপনাদিগের অভিমত প্রদান করিলেই তাঁহার স্থানে যথেষ্ঠ অর্থ প্রাপ্ত হইতে পারিবে, এই আশার উপর নির্ভর করিয়া থাকিতে লাগিল—স্কুতরাং অত্যাপ্পকাল মধ্যেই নিতান্ত নীচ বৃদ্ধি এবং দুষ্টাচার হইয়া পাড়িল।

রোমের বাস্তবিক দশা এইরপ হইলেও তংকালে এই সকল দোষ কিছুই প্রকাশ পায় নাই।
প্রত্যুত সেই সময়ে প্রদেশ শাসনকর্তৃগণ সকলেই
বিপুল বিভবশালী হইয়া স্বদেশে আগমন করত
রোমনগরীকে অতীব রম্য প্রাসাদ সমূহে পরিশোলিত করিতেছিলেন,—অনেকানেক ব্যক্তি ভূমি
দশ্যতি ক্রেম করিয়। স্বরহৎ উদ্যান সমস্ত প্রস্তুত
করিতেছিলেন—এবং সেনাপতিগণ দ্রন্থিত প্রদেশ
দকল জয়লরা করিয়। জনসমূহের নিকট খ্যাতি লাল্ভর চেফী করিতেছিলেন। স্তরাং যেমন কোন
পীড়া বিশেষে শরীরের বাহ্নকান্তি এবং পুর্ফি বর্দ্দন
হয় কিন্তু অন্তর্মধ্যে উহা সম্পূর্ণরূপে অসার এবং
বল-শ্ন্য হইতে থাকে, রোমেরও অবিকল সেই দশা
উপস্থিত হইয়াছিল।

कानर পরিনামদর্শী এবং বিচক্ষণ রোমীয় স্ব-

দেশের তাদৃশ অবস্থা অনুভূত করিয়া যাহাতে দেখি সমুক্ত সংশোধিত হয় এমত চেফা পাইতে লাগি-लन। विरमयण्डः होहेवितियम श्रीकम नामा এक ব্যক্তি তদর্থে সমাক ষত্রবান হইয়াছিলেন। তিনি প্রথম সিপিয়োর কন্যা কর্নিলিয়ার পুত্র। ইনি মাতৃসন্নিধানে বাল্যাবধি বিবিধ স্থাশিকা প্রাপ্ত হন এবং ১২৩ পূঃ খৃষ্ঠাব্দে ট্রিউন্পদে উন্নত হইয়া অবিলয়ে যাহাতে লিসিনীয় ব্যবস্থা প্রচলিত হইয়া কোন ব্যক্তির সাধারণ ভূমি সম্পত্তিতে পাঁচ শত জুগরার অধিক অধিকার না থাকে, এমত চেম্টা ক-রেশ। তাহাতে বিষয়াপন্ন ব্যক্তি মাত্রই টাইবিরি-য়সের পরম শক্র হইয়া উঠিয়াছিলেন। তাঁহারা ম-ন্ত্রণা করিয়া অক্টেবিয়স্ নামা আর এক জন ট্রিবিউ-নুকে আপনাদিগের মতাবলম্বী করিলেন। অক্টে-বিয়স্, টাইবিরিয়সের প্রস্তাবিত বিধি প্রচলিত হওয়া নিষেধ করিলেন। টাইবিরিয়স্ সহস্র চেফী করিয়াও ঐ ব্যক্তিকে বুঝাইতে পারিলেন না। স্বতরাং তিনি সাধারণ সভাস্থলে অক্টেবিয়দের নামে নালিশ করিয়া তাঁহাকে পদচ্যত করাইলেন। রোমে ট্রিবিউন নিয়োগ হওয়া অবধি কথন এমত ব্যাপার ঘটে লাই। টাইবিরিয়দের শত্রুগক্ষীয়গণ এই স্ত্র পাইয়া প্রচার করিয়া দিল যে, তিনি রোমের চিরপ্রচলিত শাসনপ্রণালী পবিবর্ত্তিত কবিয়া আ-

পানি রাজা হইবার চেষ্টা করিতেছেন। একান্ত অব্যবস্থিতচিত্ত জন-সাধারণের মনে বৈরিবর্গের এই অশ্রান্তের অপবাদে প্রতীতি জন্মিল। তা-ছারা ক্রমে২ টাইবিরিয়দের পক্ষতা পরিত্যাগ করিলে শত্রুগণ একদা হঠাৎ মহা গোলোফোগ উপস্থিত করিয়া সভাস্থলে সহচর কতিপয় সমেত নেশ হিতিষী টাইবিরিয়দের প্রাণবধ করিল।

টাই বিরিয়দের মৃত্যুর দশ বৎসর পরে ভাঁহার কনিষ্ঠ সোদর কেইয়স, টি,বিউন্ পদাভিষিক্ত হইয়া জ্যেতের অনুগামী হইবার চেটা করিতে লাগিলেন। তিনি দেখিয়াছিলেন যে, সেনেট সভার সভাগণ নিতান্ত ধন লোলপ হইয়া ধর্মাধিকরণ ব্যা-পারে অত্যন্ত গহিতাচরণ করিতেছেন। বাদী প্রতিবাদীর মধ্যে যাহার স্থানে অধিক উৎকোচ প্রাপ্ত হন, তাহাকেই জয়ী করেন। অতএব তিনি এই এক ব্যবস্থা প্রচলিত করাইলেন যে, ধর্মাবি-করণের ভার সেনেটের হত্তে সমর্পিত না হইয়া हेकाहे ए वर्षा अश्वादताही मलत इन्छ गठ इहेरव। কেইয়স্ আর ও প্রস্তাব করিলেন যে, লাটিন প্রভৃতি অপরাপর ইটালীয় জাতিগণ রোমের নাগরিক-দিগের ন্যায় সাধারণী সভাতে স্বহ অভিমত ব্যক্ত করিবার ক্ষমতা প্রাপ্ত হইবে। এই কথার প্রস্তাব হইবামাত্র রোমের আচ্যাণ্ড অত্যন্ত বিরক্ত হইয়া

ডুসদ্ নামক অন্ত এক জন টি বিউন্কে আপদা-পক্ষতাবলম্বন করাইল। ঐ টি,বিউন্ সাতিশয় ধূর্ত্ততা প্রকাশ পূর্বেক প্রজা সমন্তের নিকট এমত সকল ব্যবস্থা প্রস্তাব করিতে লাগিলেন যে, তাহা প্রচলিত হইলে কেইয়স্ প্রান্তাবিত আই-নের অপেকাও উহাদিগের সমূহ উপকার দর্শে। ভ্ৰস্ এইরূপে স্বয়ং প্রজা-প্রিয় হইয়া উঠিলেন এবং কেইয়সের মান সন্ত্রুম দিন২ ন্যুন হইতে লাগিল। যথন কেইয়সের প্রতি লোকের অনুরাগ শিথিল হইয়া পড়িল, তথন শত্রা উহাঁর দলবলকে আক্রমণ করিয়া একেবারে বিনষ্ট করিয়া ফেলিল। 'গ্রাক্স্' অভিধেয় সোদর্দ্বয়ের এইরূপ বিনাশ হও-য়াতে তাৎকালিক রোমীয়দিণের রীতি চবিত্র সং-শোধিত হইতে পারিল না। আচ্যগণ পূর্কের ন্যায় উংকোচগ্রাহী এবং পর পীড়ক থাকিলেন। নুমিডি-য়ার রাজা মাদিনিদার এই সময়ে মৃত্যু হয়। তাঁহার তুই ওর্স এবং একটা পোষ্য পুত্র থাকে। এ পোষ্য পুতের নাম 'জগর্থা'। সেই ব্যক্তি রোমীয়দিগের তাৎকালিক চুষ্ট চরিত্র সমুদায় পরিজ্ঞাত হইয়া মনে২ নিশ্চয় করিল যে, এতাদৃশ অধর্মশীল মনুষ্য-গণকে বশীভূত করা নিতান্ত হুষ্কর হইবে না। এই ভাবিয়া দেই ব্যক্তি মাদিনিসার পুত্রম্বাকে নয় করিয়া আপনি নুমিডিয়ার রাজা হইল। রোমীয়দি-

ণের সহিত মাসিনিসার সথ্য ছিল। অতএব উহারা मिटे माथात जान कतिया जगर्थात विकास रेमना প্রেরণ করিলেন। জগর্থা তাৎকালিক রোমীয়-দিগের স্বভাব জানিতেন। অতএব সেনাপতি-গণকে অর্থ প্রদান দ্বারা নিজ বশীভূত করিয়া কেলিলেন। কেবল নাম মাত্রে তাঁহার সহিত যুদ্ধ চলিতে লাগিল। বাস্তবিক তিনি সচ্ছন্দে নিজ হুক্টমার্জিত রাজ্য ভোগ করিতে লাগিলেন এবং বোধ হয়, যদি আর কোন মুক্কর্মে প্রয়ত্ত না হইতেন তবে ভাঁহার রাজ্যের প্রতি কোন ব্যাঘাতই ঘটিত না। কিন্তু তিনি ঐ সময়ে মাসিনিসার পৌ-ল্রকেও বিষষ্ট করিলেন। ইহাতে রোনের প্রজা দা-ধারণ তাঁহার প্রতি নিতান্ত বিরক্ত হইয়া উঠিল এবং মেটেলস্ নামা একজন ধর্ম-পরায়ণ ব্যক্তিকে সেনা-পতিত্বে নিযুক্ত করিয়া তাঁহার বিৰুদ্ধে প্রেরণ করিল। মেটেলস্ সচেরিত্র কিন্তু একার আভিজাত্যাভিমানী এবং গর্বিত স্বভাব ছিলেন। একদা তাঁহার সহকারী নীচ বংশোদ্ভব মেরাইয়সু নামা কোন ব্যক্তি স্বয়ং ক-ন্দল পদের প্রার্থী হইয়। রোমে আগমন করিবার নিমিত্ত তাঁহার স্থানে বিদায় যাচ্ঞা করিলে মেটে-नम् जादारक अरनक कर्ने वाका वरनन। यात्राहेशम তাহাতে অত্যন্তকোধাৰিত হইয়া বিনানুমতিতেই রোমে প্রত্যাগমন করিলেন এবং সাধারণ লোকের

অনু গ্রহে নিজ কাজিলত কন্সল পদে অভিষিক্ত হইয় আপনি জগর্থার যুদ্ধে সেনাপতি হইয়া গমন করি-লেন। মেরাইয়স একজন প্রসিদ্ধ যুদ্ধ বীর' ছিলেন বস্তুতঃ তিনি শাস্ত্র বিদ্যাকে নিতান্ত অবজ্ঞা করিয়া কেবল শক্ত বিদ্যাৱই গৌৱৰ কবিতেন। তাঁ-হার শিক্ষিত দৈন্যগণ বিলক্ষণ কেশ্সহিষ্ণু ও রণ দক্ষ হইয়াছিল। অতএব জগর্থা তাঁহার সহিত যুদ্ধে পরাভত হইয়া মরেটানিয়ার রাজা বকসেই निकरे शिया गत्न नहरतन। धे ममर्य मना नारः এক জন ভদ্রবংশীয় ও তীক্ষ বৃদ্ধিশালী কোন ব্যক্তি মেরাইয়সের সহয়োগী ছিলেন। তাঁহার কেপালে ভুলিয়। রাজা বকশ শরণাপর জগর্থাকে দিগের হত্তে সমর্পণ করিল। জগর্থা রোমে আনীত হইয়। এক কারাগহে নিজন্ধ হন এবং তথায় অশ মাভাবে মহাক্রেশে প্রাণ পরিত্যাগ করেন। নিউ মিডিয়ার যুদ্ধ সমাপন হওয়াতে রোমীয়ের। সাতি শয় আৰু যুক্ত হইল। কারণ ঐ সময়ে দিষি ও টিউটন নামক ছই অসভ্য জাতীয় লোক আপ मानिरगत जीशुकानि ममञ्जिताशात दे छेरतारभः মধ্যে আহার ও উপযুক্ত বাসস্থান অনুস্কান করিয়া পর্যাটন করিতেছিল। তাহারা যে দেশে প্রবেশ করিত সেই দেশের আদিন নিবাসী সমস্তবে খড়াসাৎ করিয়া তাহানিগের যথা সর্বস্ব লুঠিয়

নইত। উহাদিণের সংখ্যা পাঁচলক্ষের ফুান ছিল ন।। রোমীয়ের। উহাদিগের প্রতি পুনঃ পুনঃ বৈদনা প্রবণ করিয়াছিল। কিন্তু যেমন কোন সুরুহৎ কঠিন বস্তুর প্রতি সামান্য উপল থগু নিঃকেপ করিলে সেই উপল খণ্ড আপনিই প্রতিহত বা চুর্ণীক্ষত হইয়া যায় ঐ সকল রোমীয় সৈন্যেরও महे मना घर्षियोहिल। त्महे ममृह विश्रम कात्ल রোমীয়েরা মেরাইয়দকে পুনর্কার কৃষ্ণলের পদে নিযুক্ত করিয়া তাঁহার হল্তে ঐ যুদ্ধের ভার সমর্পণ করিল। মেরাইয়স্ ১০২ পূঃ খৃষ্টাব্ধে গল্দেশের অন্তর্গত এইসু নামক নগরের নিকট টিউটনদিগকে সমূলে. সংহার করিলেন। স্থাবার তৎপর বৎসরেই ইটালীর অন্তর্গত বার্সীল নামক নগরের নিকট সিদ্মিগণও তাঁহা কর্তৃক বিনষ্ট হইল। এই রূপে গুনঃ২ রোম সাআজ্য তাঁহা কর্ত্তক রক্ষিত হইলে মরাইয়দের মনোমধাে সাতিশয় অহমারের উ-দয় হইল। তিনি রোমের আর কোন ব্যক্তিকে তৃণ তুল্যও জ্ঞান করিতেন না, আপনি হুস্থ প্রজা সমূহের পরিচালক হইয়া আচ্য এবং আভি-জাত্যাভিমানী সকল প্রজা বর্গের প্রতি অত্যাচার করিতে লাগিলেন। তাঁহার শক্ত পক্ষীরের। স্-তরাং উহাঁর প্রতিযোগী সলার পক্ষতাবলম্বন করিয়া যাহাতে মেরাইয়সের গর্ব চুর্ণ হয় এমত

খড় করিতে লাগিলেন। সলা প্রবাবধি বলিভেন জগর্থাকে আমিই গ্রত করিয়াছি —সেই বুদ্ধে মেরাই-शरमत वरशका वामात कर्ज्य विधिक। त्राम नगती এই त्राप पूरे थांजि भागात विज्ल रहेशा एक, अमा সমরে একটা ভয়ত্বর রাষ্ট্র বিপ্লব ঘটিবার উপ-ক্রম হইল। ইটালীর লোক সকল বলিতে লাগিল त्य, व्यामता त्वारमत रेमना इहेब्रा मृतरमर्ग याहे-আমাদিশের মারাই রোমীয় সাঞাজ্য বিস্তৃত এবং পরিরক্ষিত হয়—অর্থট ব্রোমীয়ের৷ আমাদিগের উপর অযথাকর্ত্ত্ব করে, আমরা রাজকার্য্য বিষয়ে আপনাদিশের অভিমত প্রকাশ করিতে পাই না-অতএব আমরা সকলে মিলিরা রোম সাত্রাজ্যের श्रीशीना लुख कतिव এवः উद्यात श्रीतवर्द्ध हेही-লিকা নামে একটা রাজধানী সংস্থাপিত করিয়া मकल अकमा इहेश थाकिय। मिक्क हिंगेलीत লোকেরাই এই রূপ দৃঢ় প্রতিজ্ঞ হইয়া ধুরারম্ভ करत, यनि लांगिन् अधि त अवश हो तीत्रशन के नमरत উহাদিগের সহিত যোগ দিত, বোধ হয়,তাহা হইলে রোমের প্রাধান্য এই মুদ্ধেই বিলুপ্ত হইয়া যাইত। উহারা যোগ না দেওয়াতেই রোদের রকা হইল। আর রোমীয়েরা কৌশল করিয়া সর্বত এইরূপ ঘোষণা প্রচারিত করিয়া দিল যে, যাহারা আমাদিগের প্রতিকূলে অন্তর্ধারণ করে নাই, আমরা

তাহাদিগকেই আপানাদিগের সমান ক্ষমতা দিব; কছু কাল পরে রোমীয়ের৷ ইহাও স্বীকার করিল যে, যাহারা দর্বাত্রে অস্ত্র পরিত্যাগ করিয়া আপনাদিণের অপরাধ স্বীকার করিবে তাহা-দগকেও রাজকার্য্যে তুলা ক্ষমতা প্রদান করা যাইবে। এইরূপ ঘোষণা প্রচার করাতে পুর্বেগক্ত বিদোহ ব্যাপার সমুদায় ইটালি দেশ ব্যাপক হইতে পারিল না, আরু যাহার: বিদ্রোহে প্রবৃত হইয়া ছল তাহারাও একে? অসিয়া পুনর্কার রোমের ণুর্ণাগত হইল। পরন্ধ সাম্লাইট জাতীয়ের। সর্প্র-শেষ পর্যান্ত অস্ত্র ধারণ করিয়াছিল। উহাদিগের সহিত ঘোরতর যুদ্ধ হইতেছে, এমত সময়ে পূর্বে-দিকে রোমীয়দিণাের আর এক প্রবল শক্রুর উদয় হইল। সেই শত্রু ক্লফ সাগরের দক্ষিণ পূর্বে উতুল-বর্তী প্রত্যু দেশের রাজা নিথি,ডেটিস্। ইহাঁর পতা রোগীয়দিশের অনেক উপকার করিয়া-ছিলেন। কিন্তু রোমীয়ের। তাঁহার মৃত্যুর পর তাঁ- হার রাজ্যের অন্তর্গত ফিজিয়া নামক একটা প্রদেশ আপনার। অধিকার করিয়া লয়। ইহাতে মিথিডেটিস্ মনে মনে ক্রুদ্ধ হইয়। ক্রনশঃ ওপ্তভাবে আপন বল রদ্ধি করিতে লাগিলেন। अथरम द्यामीयनिगरक किছूहे ना विलया देमना সমুদয়কে স্থানিক। সম্পন্ন করিলেন এবং যথন

বোধ হইল যে, রোমীয় দিগের সহিত যুদ্ধ করিতে পারিবেন তথন হঠাৎ তাহাদিগের অধিকার আক্রমণ করিয়া একেনারে সমুদয় আসিয়ামাইনর প্রদেশ আপন হস্তগত করিলেন। মিথিডেটিদের সেনাপতি আর্কিলেয়ন ঐ সময়ে খ্রীন দেশে
প্রবেশ করিলে এথিনীয়গণ তাহাকে অতিশয়
সমাদর করিয়া গ্রহণ করিলেন এবং প্রায় সম্দার শ্রীন্দেশ অবিলম্বে তাঁহার হস্তগত হইয়া
পাড়িল।

রোণীয়েরা সলাকে কন্সল পদাভিবিক্ত করিয়।
এই ভরদ্ধর শক্রের দমনার্থ প্রেরণ করেন। তাহাতে
মেরাইয়ন্ একান্ত দমনার্থ প্রেরণ হইয়া আপান দল বল
লইয়া হঠাৎ রোমে প্রবেশ করিলেন এবং বিপক্ষ্
বর্গের অনেক ব্যক্তিকে নফ্ট করিয়। সলাকে পদচুত্ত
করিলেন এবং আপানি তাহার পদাভিযিক্ত হইলেন। এই সংবাদ সলার কর্গ গোচর হইবামাত্র
তিনি রোমে প্রত্যাগমন করিলেন—নিজ সৈন্যগণ
দ্বারা মেরাইয়্র পক্ষীয় লোক সকলের দমন করিলেন—এবং প্রক্ষার কন্সল পদ প্রাপ্ত হইয়া মিথিভেটিসের বিক্ত্তে কৈত্র যাত্রা করিলেয় সলাক্ত্রক
মিথিভেটিসের সেনাপতি আর্কিলেয়্স্ ভুই বার
সন্মুখ সংগ্রামে পরাভূত হন এবং মিথিভেটিস্
স্বয়ং অন্য এক জন রোণীয় সেনাপতির নিক্ট

পরাস্ত হইয়া পরিশেষে সন্ধি প্রার্থনা করেন। কিজ এখানে রোম নগরীতে সলার অবর্ত্তনান কালে সিলঃ এবং মেরাইয়স আবার অত্যন্ত প্রবল হইয়া উঠিয়:-ছিলেন। সাল্লাইট্ জাতীয়ের। উহাদিলের পৃষ্ঠপুরক হইয়াছিল এবং প্রায় সমুদ্য ইটালী ভাঁহাদিণেত্র নিকট অধীনতা স্বীকার করিয়াজিল অথবা উহা-দিগের অত্যাচারের ভয়ে কম্পিত হইতে জিল। সলা এমত সময়ে পুনর্কার প্রত্যাগ্যমন করিলেন : তিনি এই বার এমত নৃশংস ব্যবহার করিতে লাগিলেন ে অপ্পকাল মধ্যেই মেরাইরসের দলবল একেবারে নিঃশেষিত হইয়া গেল। এই রূপে শত্রু নয়ন হইলে ৮: পুঃখৃষ্টান্দে সলা এক বৎসর কালের নিমিত্ত ভিক্টেটর পদবী এবং রোনের সর্ব্র-কর্তৃত্ব এহণ করি-লেন। তিনি মনে২ একান্ত প্রতিজ্ঞ। করিয়াছিলেন যে, নেরাইয়দের পাণীয় বাজি মাত্রকেই সংহার করিবেন। এই অভিপ্রায়ে তিনি আপনার শত্রে ব-র্গের নামের নিদর্শন পত্র প্রস্তুত করিয়। প্রত্যন্ত প্রাতে তাহার অনুলিপি সমস্ত রোমের স্থানে২ সং-স্থাপিত করিতেন। সলার এই আজ্ঞা ইইয়াছিল হে. যাহাদিগের নাম ঐ পত্রিকার প্রকাশিত থাকিবে তাহাদিগকে যে কেহ পারে মারিয়। ফেলিলে তাহার নালিস প্রাহ্ন হইবে না, প্রত্যুত হত্যাকারিগণ ভাঁ-হার স্থানে পুরস্কার প্রাপ্ত হছতে। সলা আপান চৈনত-

গণকে ইটালীর স্থানে২ অনেক নিষ্কর ভূমি প্রদান কবিলেন। তাহাতে মর্মতেই তাঁহার মতাবল-ঘিগণের **নিবাস হওয়াতে** ভাঁহার বল আরও দৃঢ়তর হইয়া উঠিল। তিনি দশ সহস্ৰ দাসকে স্বাধীনত। প্রদান করিয়া ভাষাদিগকে আপন শরীর রক্ষার্থে নিযুক্ত করিলেন। আর রোমের শাসন-প্রণালী পূর্ব্বে যেরপ ছিল মেইরপ করিবার প্রত্যাশায় টি,বিউন্দিগের শক্তি থকা করিলেন - টি,বিউট। সভায় ব্যবস্থ: প্রস্থাবিত করিবার যে ক্ষমতা হই-য়াছিল তাহ; রহিত করিয়া দিলেন—ধর্মানিকরণের ভার ইকাইটু দলের হত হইতে গ্রহণ করিয়া সেনেট সভাব সভাদিগকে প্রতার্পিত কবিলেন—ফৌজদারী আইন সমুদয় সংশোধিত করিলেন-এবং পবে আপনার ডিক্টেটরী পদ স্বেচ্ছাতঃ পরিত্যাগ ক-রিয়া সকল লোককে বিষায়াবিট করিলেন। এই সময়ে মিথি,ভেটিসের সহিত রোমীয়দিগের পুনর্কার বিবাদ হইল, কিন্তু এই যুদ্ধে নিথি ডিটেসেরই জয় হইয়াছিল বলিতে হইবে। কারণ সলা ভাঁহাকে কেবল পার্টস দেশ মাত্র দিয়া অপার সমুদ্র অধিকার রোম সাম্রাজ্যের অন্তর্গত করিয়াছিলেন। এই দ্বিতীয় যুদ্ধের পর যে সন্ধি হয়, তাহাতে কাপাডোলিয়া এবং এলিয়া মাইনৱের মধ্য প্র-দেশের কিয়দংশ নিথ্রিডেটিদের রাজ্য সম্ভুক্ত হইয়†ছিল।

সলার ভয়ে মেরাইয়সের পক্ষীয় অনেক ব্যক্তিকরবা সিমিলি, কেহবা স্পেইন্, কেহবা আফ্রিকাইত্যাদি নানা দেশে বিকীর্ণ হইয়া পড়িয়াছিল। উহারা ঐ সকল দেশে পুনর্কার দলবদ্ধ হওয়াতে সলা তাহাদিগের প্রতি আপান সেনাপতিদিগকে প্রেরণ করেন। সলার সকল সেনাপতির মধ্যে পদ্পী নামক এক ব্যক্তি বিশেষ ক্ষমত। প্রদর্শন করেন এবং প্রায় সকল মুদ্ধেই জয়লক্ষমীর অনুগ্রহ প্রাপ্ত হন। সলা তাঁহার অতিশয় গৌরব করিতেন।

- 💥 -

ষষ্ঠ অধ্যায়।

্পদ্পীর বিবরণ—জুলিয়ন্ সীজর—সিসিরে'—দলপতি ত্রের দারা সামাজ্য শাসন—সীজরের কীর্ত্তিকলাপ—পদ্পীর জর্মা—উভয়ের যুদ্ধ—সীজরের সর্ব্র কর্ত্ত্ব—ভাঁহার অপমৃত্য —ক্রটস্ এবং কাসিয়স্—আন্টনি এবং অক্টেবিয়স্—অক্টেব্রিয়স্কি কর্ত্তিব্রুত্তি ব্রুত্তিব্রুত্তি ব্রুত্তিব্রুত্তি ব্রুত্তিব্রুত্তি ব্রুত্তিব্রুত্তি ব্রুত্তিব্রুত্তি ব্রুত্তি বিরুত্তি ব্রুত্তি ব্রুত্তি ব্রুত্তি ব্রুত্তি বর্তি ব্রুত্তি ব্রুত্তি ব্রুত্তি ব্রুত্তি ব্রুত্তি বিরুত্তি ব্রুত্তি ব্রুত্তি বিরুত্তি ব্রুত্তি বিরুত্তি ব্রুত্তি ব্রুত্তি বিরুত্তি ব্রুত্তি বিরুত্তি বিরুত্তি

পূর্ব্বাধ্যায়ে যে পশ্পীর নাম উল্লিখিত ইইয়াছে
এক্ষণে তাঁহারাই কীর্দ্ধি কলাপ বর্ণিত ইইবে।

ফলতঃ এই অবধি রোমীয়গণ আর পূর্কের ন্যায় স্বাধীনতা পরায়ণ এবং পুরুষার্থ সাধনে তৎপর ছিল ন। তাহাদিণের ইতিরত্ত ব্যক্তি বিশে-ষের জীবন চরিতে পর্যাবসিত হইতে আরম্ভ হইয়া-ছিল। ইহাতেই স্পষ্ট প্রমাণহইতেছে যে, রোমী-যেরা ক্রমশঃ নিপ্রভাব হইয়া দিন২ একাধিপতি রাজার শাসনাধীন হইবার উপযুক্ত হইয়া আসিতে ছিল। এক্ষণে তাহাদিগের যে স্বাধীনতা ছিল তাহা কেবল নাম মাত্র। পশ্লী, সলার অনুমতি ক্রমে সিসিলি দ্বীপে ও আফ্কা খণ্ডে গিয়া তত্ততা মেরাইয়স্ পক্ষীয় লোক সকলকে পরাজয় করি-লেন। পরিশেষে ভাঁহাকে স্পেইন্ দেশে যাত্র। করিতে হইয়াছিল। তথার সটোরিয়স নামা অতি বিচক্ষণ এক বাজি একটা স্বতন্ত্র বাজা সংস্থাপন করিয়া অতিশয় প্রবল হইয়া উঠিয়া-ছিলেন। সটোরিয়সের যুদ্ধ নৈপুণ্যের তুলনার স্থল মহান আলেকজাগুর এবং হানিবাল প্রভৃতি জগদ্বিখ্যাত যুদ্ধবীরগণের চরিত্রেই প্রাপ্ত হওয়া যায়। পশ্পী তাঁহার সহিত সংগ্রামে প্রবৃত হইয়া নিতান্ত অকিঞ্চিৎকর হইয়াছিলেন। কিন্তু পরি-শেষে কোন ছুরাত্মা সর্টোরিয়সের প্রাণ বধ করিয়া স্বয়ং সেনাপতিত্ব গ্রহণ করিলে সে অনায়াসেই পাশার বশ্য হইয়া পাড়িল।

कृष्मिंकष कृष्ठौरभेत कियम्त शर्याख मगुन:यत আধিপতা প্রদান করিয়া দস্য দমনার্থ নিঘ্কু করিল। পদ্পী তিন বৎসরের নিনিত্ত এই কর্ম্ম পাইলেন। কিন্তু তিনি তিন মাসের মধ্যেই দক্ষা-কুলকে একেবারে নির্মালিভ করিয়া ভূমধা সাগর সমুদায় নিরূপদ্রব করিলেন। পশ্লী যত কর্মা করি-রাভিলেন সর্বাপেক। এই কার্যাটী মূহৎ। ইহাতে তাঁহার খ্যাতি প্রতিপত্তি পূর্ব্বাপেকা শত গুণ ইন্ধি হইল এবং তিনি মিথি,ডেটিসের বিৰুদ্ধে যদ্ধ করণার্থ আদিষ্ট হইলেন। পন্টসরাজ ইতি পুর্বেং সর্টোরিয়-দের সহিত এক মত হইয়া রোমীয়নিগের প্রতিকলে বৃদ্ধ আরম্ভ করিয়াভিলেন। ইতঃপূর্কে লুকুলস্ নাম একজন সেনাপতি ভাঁহার বিক্দে প্রেরিত ইইয়া-ছিলেন। তিনি মিথ্রিডেটিসকে অবসর প্রায় করিয়া-ছেন, এমত সময়ে পদ্পী দেনাপতিত্ব গ্রহণ করিয়_া তাঁহার সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। পশ্পীর যুদ্ধে পন্টস্রাজ সর্ফাতোভাবে পর্যানস্ত হইয়া বিষপান দারা জীবন বিসর্জ্জন করিলেন এবং পদ্পী তাহার পর সিরিয়া, জুডিয়া প্রভৃতি অনেক দেশ জয় করিয়া রোম সামাজ্য সম্ভুক্ত করিলেন। রোমে পক্ষীর গৌরবের ইয়তা রহিল ন। রোমীয় সেনাপতি-গণের এই রীতি ছিল যে, তাঁহারা কোন সংগ্রাম বিজয় করিয়া দেশে প্রত্যাগমন করিলে বিজয় চিহ্ন

প্রকাশ পূর্বক মহাসমারোহ করিতেন। পশ্লী নিজ विजय-मगरत्रां रवक्ष घठे। कृतियां निर्वाह कृतिया-ছিলেন ভাঁহার পূর্কো কেহ কথন তেমন আড়ম্বর करतम नार्छ। शन्भीत अरे आतारनात मगत जात এক বাজি রোমে প্রাত্মত হইয়া নিজ গুণ্গাম বিস্তার দ্বারা জনসাধারণের মাননীয় হইতে-जिल्ला कला (तारा हेदाँत जुला काराजाना, বুদ্ধিমান ও গুণবান বাক্তি কেহ কথন জন্ম প্রহণ करतन मार्रे। रेनि रयमन युक्त विमान्त मर्काश গণা তেমনি উত্তম বক্তা এবং উৎক্ষম্ট প্রস্কুকারও ছিলেন। ইহাঁর নাম জুলিয়স্ সীজর। মৃত মেরাইয়সের পক্ষীয় যে সকল লোক অবশিষ্ট क्रिल. जाशांता प्रकटल देशांटक आपनामितात দলপতি স্বরূপে মান্য করিত। সলা যথন ঐ পক্ষীয় সকল লোকের প্রাণ সংহার করিবার প্রতিজ্ঞা করেন, তথন সীজরকেও বিনাশ করিবার মনন করিয়াভিলেন। কিন্তু কতিপয় বন্ধবর্গের অনুরোধ পরবশা হইয়া নিজ মানস সফল ক-রিতে পারেন নাই। পদ্পী ইহাঁর কন্যাকে বিবাহ করেন। স্মৃত্রাং এই ছই ব্যক্তিতে অতি-শয় সন্তাব উপস্থিত হইয়াছিল। কিন্তু প্রথমে দীজরের খ্যাতি অধিক হয় নাই। তথন রোমে পশ্পীর দ্বিতীয় ব্যক্তি নিসিরে। ছিলেন। সিদিরে ধুদ্ধবিদ্যায় পার্গ ছিলেননা কিন্তু পৃথিবীতে ষত সদ্বক্তা জন্ম প্রহণ করিয়াছিলেন, তন্মধ্যে ডিমস্থিনিস সর্ব্য প্রধান এবং সিসিরো তদ্ভিতীয়। ইহার নাায় মুলেখকও কোন দেশে অধিক হয় নাই। বিশেষতঃ ঐ সময়ে এক বংসরের নিমিত্ত কন্সল পদাভিষিক্ত হইয়া ইনি কাটালিন নামক একজন তুরাতার যভযন্ত । বুদার অনুসন্ধান করিয়া রোম নগর রক্ষা করেন। <u>তৎপ্রযুক্ত রোমীয়েরা ইহাঁকে স্বদেশের পিতা এই</u> গৌরব-স্মৃচক উপাধি প্রদান করে। বস্তুতঃ সিসিরে। একজন পর্ম স্বলেশহিতেনী, ধর্মা প্রায়ণ, সাধু-গীল ব্যক্তি ছিলেন, তাহার সন্দেহ নাই। কিন্তু তিনি নীজর প্রভৃতি কূট বুদ্ধি ব্যক্তিদিগের অন্ত:-করণরত্তি সম্যক বুঝিতেও পারিতেন না আর যদিও কোন্য স্থলে বুঝিতেন তথাপি ভীৰু স্বভাব প্রযুক্ত কদাপি উইাদিগের পক্ষতা পরিত্যাগ করিয়। স্বাভিমতের উপর নির্ভর করিয়া কার্য্য করিতে পারিতেন না। তিনি ভালমারুয, অতএব যাহার পক্ষে থাকিবেন সেই পক্ষেই ধর্ম আছে লোকে ইছা বিবেচনা করিবে, এই ভাবিয়া ছুরা-काष्ट्रक ब्रुक्टेगन मकटलई डेईंगटक खमलय-कांत्रवात চেন্টা করিত। সিসিরোও কথন এপক্ষে কথন ও পক্ষে থাকিয়া আপন মতের অদৃঢ়তা এবং ধূর্ত্ত-দিগের চাত্র্য সপ্রমাণ করিতেন; কিন্তু তিনি প্রায় কথনই সীজরের পক্ষতা পরিত্যাগ করেন নাই।

স্তরাং যথন সীজরের সহিত পশ্পীর সন্ধার হটল, তুগন সিমিরোও উইাদিগের সহিত মিলিত হইলেন। আরু তাৎকালিক সর্ব্বোপেক্ষা অধিক ধনবান ক্রামস নামা এক ব্যক্তিও উহাঁদিগের সহিত এক প্রাম্পী হইলেন। অসীম ক্ষমতাবান দীজর, অতুল দেভিাগ্যশালী পদ্দী এবং প্রভৃত ধন সম্পত্তিযুক্ত ক্রাসস্, এই তিন জনের একত্র সং-যোগ হইলেই ইহারা রোমের অধীশার হইয়া উঠি-লেন। কারণ রোম নাগরিক মাত্রেই ঐ তিন জনের অনাতম কোন ব্যক্তির দল সম্ভুক্ত হইরাছিল। উহঁবে: বোম সাম্রাজ্য বিভাগ করিয়া আপনাপন শাসনাধীন করিলেন। অভিমান শালী পশ্পীর ভাগে স্থেইন্, সাফ্কা, ইটালী প্রভৃতি সুশাসিত দেশ সমুদ্য পড়িল-অর্থ লোভী ক্রাসন্ আদিয়। মাই-নর সাসনের ভার গ্রহণ করিলেন-পরিণাম দর্শী সীজর অতি ভীষণ-স্বভাব বন্যজাতি পরিপূর্ণ গলদেশ শাসন করিবার ভার লইলেন। পদ্পী যুদ্ধাদি করিয়া ধনে মানে পরিপূর্ণ হইয়াছিলেন অত-এব স্বয়ং রোম পরিত্যাগ করিয়া স্থানান্তর যাইবার বাসনা করিলেন ন. প্রতিনিধি দ্বারা শাসন কার্য্য নির্বাহ করিয়া আপনি রোমে নিশ্চিত হইয়া বিষয়

সুখ ভোগ করিতে লাগিলেন-ক্রাসস্ নিজ অধি-কারে গমন করিয়া প্রজা পীড়ন করত অনেক অর্থ সঞ্চয় করিলেন এবং একান্ত যদ্ধ উন্মত হইয়া পার্ম্য নিবাসী পরাক্রান্ত পার্থীয় জাতির সহিত সংগ্রাম আরম্ভ করিলেন। ঐ যুদ্ধে তিনি সপুত্র নিহত হইলেন এবং তাঁহার সৈন্যচয় বদ্দীক্ষত হইল। সীজর নিজ অধিকারে প্রবিষ্ট হইয়া প্রথমে হেল্বি-সীয় নামক সুইজর্লও নিবাসী বন্য জাতিকে প্রাজয করিলেন, তাহার পর জর্মানদিগের রাজা আরি-য়বিফ্টস্ তাঁহার নিকট পরাজিত হইলেন, তৎপরে বেল্জিয়ম নিবাসী বেল্জিগণ তাঁহার বশীভূত হইল, 📭 পরে তিনি উপর্যাপরি ছুইবার ইংলগু দ্বীপে অবতীর্ণ হইয়া ব্রিটনদিগকে নিজ করকব-লিত করিলেন। ইহার পর অনেকানেক বিদ্রোহ इंडेल-अर्मात्नता तांडेन नमी शांत इडेशा श्रनः राल দেশ প্রাক্রমণ করিতে প্রাসিল—অন্যের কথা কি. গলের প্রজাগণও রোমীয়দিগের অধীনতা পরিত্যাগ করিবার বাঞ্জা করিল—কিন্তু কিছুতেই কিছু হইল ना। मीखद अमन अक्तम वाक्ति ছिलान ना त्य, छा-হার অধিকার তাঁহার হস্ত বহিভূতি হইয়া যায়। গল্ দেশীয় প্রজাগণ তুর্ব,ত বন্য অখের ন্যায় নানা প্রকার দেরিবাত্মা করিতে লাগিল বটে, কিন্তু তদ-ধিরুঢ় সীজরকে স্বস্থান ভ্রম্ট করিতে না পারিয়া

পরিশেষে তাঁহার নিতাম্ভ বশীভূত ও একান্ত कर्माग जुडाव इहेश शिंजन। त्महे जकान-जीर्न ক্ষ্যান-শরীরী সীজর শীত, বাত, বর্ষা, কিছুরই প্রতি-বন্ধকতা না মানিয়া কথন বা অশ্বারোহণে স-रेमरना भगन कतिराज्य हम- वथन वा रहान. भीन প্রভৃতি অতি প্রশস্ত তটিনী সকলকে সন্তর্ণ দার্ উত্তীর্ণ হইর; যাইতেছেন-পরন্ত তাদৃশ সম-য়েও কদাচিৎ আপন লেথকদিগকে সমর্ভিব্যাহারে করিয়া একেবারে পাঁচ ছয় থানি রাজকীয় কর্মের পত্র লেখাইতেছেন এবং শিবির মধ্যে প্রবেশ করিয়াই অন্য সকল কর্মের অবসানে স্বরুত আ-अवर्गा कीर्तिकलाश विज्ञायत्वीय कतरवत উপযোগী ইতিহাস প্রস্তু রচনা করিতেছেন—বস্তুতঃ তাদৃশ সীজরকে মনোমধ্যে ধ্যান করিলেও অলস ব্যক্তি-দিগের আলস্য দূরীভূত হইয়া কার্য্যতৎপরতা জ্মি-বার সম্ভাবন।। রোমে সীজরের পক্ষীয় লোক সকল ভাঁহার অতুল্য গুণের অনুকীর্ত্তন করিতে লাগিল। সিসিরে। বলিলেন সীজরের সহিত ত্লনা করিলে মেরাইয়দই বা কি ছিলেন-আর क्टर भरन भरन विलालन शम्शीहे वा मीजरतत কেগোয় লাগেন। ফলতঃ সীজরের খরতর কীর্ত্তি অতিভায় পশ্পীর যশোরাণি আচ্ছন্ন হইতে লাগিল। বস্তুতঃ কীর্ত্তিই হউক, আর ধর্মাই হউক,

আর বিদ্যাই হউক, যে ব্যক্তি আপনার যথেট হইয়াছে এমত জ্ঞান করিয়া অহঙ্কৃত এবং আজা-ভিমানী হয়, তাহার কীর্ত্তি বা ধর্ম কিমা বিদ্যা কিছট স্থায়ী হইতে পারে না-অতি শীঘ্ই নে ব্যক্তি প্রতিবোগী দিগের নিকট পর্যাদ ও হইয়। পডে। পশ্লীর সেই দশা হইবার উপক্রম হইল। তাহাতে তিনি ঈর্ষাপরবশ হইয়। সীজরের তেজো-্ড্রাস করিবার নিমিত্ত যত্ন করিতে লাগিলেন। বিশেষতঃ ইহারই কিঞ্চিৎ পূর্বের সীজ্রের কন্যা পশীর পত্নীর প্রাণ বিয়োগ হওয়াতে উহাঁ-দিগের কুটুম্বতা নিবন্ধন যে সে<u>হির্দ্দি</u> বন্ধন হইয়া-হিল তাহাও ছিন্ন হইয়া যার। অএতব পস্পীর পক্ষীয় সকলে বলিতে লাগিলেন যে, সীজর বহুকাল বাজকার্য্য নির্মাহ করিলেন এক্ষণে তাঁহাকে নিজ অধিকার পরিত্যাগ করিয়। আসিতে হইবে। দীজর উত্তর করিলেন, আমি ইহাতে সন্মত আছি কিন্তু পশ্পীও নিজ অধিকার ও শাসন-কর্ত্তর পরি-ত্যাগ কজন। সীজরের পক্ষে ছুইজন ট্রিউন্ও এইরূপ বলিলেন। কিন্তু সেনেটরের। পশ্পীর মতাবলম্বী হইয়া ঐ ট্রিউন্নিগের কথা অগ্রাহ্ করিলেন এবং এই বলিরা পাঠাইলেন যদি সীজর এত্রনিনের মধ্যে আপান সৈন্যগণকে অপাযত করিয় রোমে প্রত্যাগমন না করেন তবে তিনি সাধারণের শক্র বলিয়া দণ্ডার্হ হইবেন। এই অনুজ্ঞা প্রচারিত হইবামাত্র পুর্কোক্ত টি,বিউন্দয় রোমনগর পরিত্যাগ করিয়া সীজরের নিকট গমন করিলেন। সীজরুও আর কিছু মাত্র বিলম্ব না করিয়া আপন প্রদেশ সীমা ৰুবিকন্ নদী উতীৰ্ণ হইলেন এবং অতি ত্বরিত গমনে রোম নগরাভিমুখে চলিলেন। তিনি যেখান দিয়া গেলেন সকল স্থানের লোকই তাঁ-হাকে সমাদর করিতে লাগিল। পশ্পী অহকার করিয়া বলিয়াছিলেন যে, আমি যদি মৃত্তিকায় পদাঘাত করি তবে পৃথিবী স্বয়ং আমার হিতার্থ টেসন্য প্রস**ব করিবেন**—কিন্তু পৃথিবী **তাঁ**খার কিছুই করিলেন না। স্বতরাং সীজরকে আগতপ্রায় দেখিয়া তিনি সেনেটের সভ্যগণ সমেত আপন দল বল লইয়া ইটালী পরিত্যাগ করিয়া ইপাইরস প্রদেশে প্র-স্থান করিলেন। সীজর রোমে উপস্থিত হইয়া একাধিপতি রাজার ম্যায় ব্যবহার করিতে লাগি-লেন। তিনি সাধারণ ধনাগার আপন হস্তগত করি-লেন; কিন্তু কাহাকেও পীড়া দিলেন না। প্রত্যুত সকলকে সম্ভট করিয়া পশ্পীর স্পেইন্ দেশ স্থিত সৈন্যগণকে জয় করিতে চলিলেন। পদ্পীর এই সেমাটী অত্যন্ত রুণদক্ষ দৈনিক সমস্তে পরিপূর্ণ ছিল। কিন্তু সীজর উহাদিগের প্রতি এমত কেশিল পূর্বক আক্রমণ করিলেন যে, তাহারা অনায়াসেই পরাজিত হইল। এখানে রোমের লোকেরা সীজরকে ডিক্টেটরের পদে অভিষিক্ত করিল, কিন্তু সীজর রোমে প্রত্যাগমন করিয়া ঐ পদ পরিত্যাগ করিলেন এবং কন্সলের কর্ম্ম মাত্র গ্রহণ করিয়া পদ্পীর সহিত युक्व कतिरा राताना। श्रावीतारा भीजत वार्शका ও পদ্পীর নাম অধিক প্রসিদ্ধ ছিল। স্বতরাং शंन्त्री जनाशात्महे विश्वल रेमना এवः अर्थ मः शह করিয়। যুদ্ধার্থে প্রস্তুত ছিলেন। ৪৮ পূঃ থাটাবে থেসালী নেশের অন্তর্গত ফার্সেলিয়া নগর সন্নিধানে উভয় প্রতিপক্ষ দলের ঘোরতর সংগ্রাম হইল। গম্পী সম্পূর্ণ রূপে পরাভব প্রাপ্ত হইয়া প্রথমে লেদ্বদ দ্বীপে এবং পরে তথা হইতে মিদরে প্রস্থান করিলেন। পাপাত্মা নিসর রাজ, সীজরকে প্রীত করিবার অভিপ্রায়ে শর্ণাগত পম্পীর শির-চ্ছেদ করিল। কিন্তু সীজর তাহাতে প্রীত হই-লেন না। পশ্পীর নিধন বার্ত্ত। প্রবণে অক্টরিম শোকে আর্ভ্র হইলেন। তিনি ইহার কিয়ৎকাল পরে নিসর রাজ স্বসা ক্লিওপেটার সহিত ক্রীড়ারসে নিমগ্ন হইয়াছিলেন। এই সময়ে মিথ্রিডেটিসের পুত্র কার্নেসিস্ রোমীয়দিগের বিক্তদ্ধে গাত্রেশ্রান করেন। মীজর কালাতিপাত না করিয়া তৎক্ষণাৎ সমৈন্যে যাত্রা করিলেন এবং আসিয়া মাইনরের অন্তর্গত জিলা নামক স্থানে একটা যুদ্ধে শক্রের সকল বল বিনাশ

কবিলেন। আসিয়াখণ্ড নিবাসীদিগের সহিত এই যুদ্ধ এমত সহজে নিস্পন্ন হইয়াছিল যে, সীজর রোমে আপন বিজয়বার্কা প্রেবণ কবিবাব নিমিত্র এই তিন্টী পদ মাত লিখিয়াছিলেন, यथ। তাইলাম, দেখিলাম, জিতিলাম। ইহার পর তিনি একবার রোমে গমন করিলেন এবং তথা হইতে অফিকায় গিয়া থাপুস-দের মৃদ্ধে পশ্পীর পক্ষীয় সকলকে পরাস্ত করি-লেন। ইহার পর পদ্পীর পুত্রদ্বয় স্পেইনে গিয়া বিদ্রোহ আরম্ভ করিয়াছিল। সীজর তাহা-দিগের অনুসরণ করিয়া স্পেইনে গমন করিলেন এবং মণ্ডা নামক স্থানে উভয় প্রতিপক্ষ সৈন্যের যে তুমুল যুদ্ধ হয় তাহাতে সীজর স্বয়ং ভীত হইয়াছিলেন। কিন্তু পরিশেষে তাঁহারই জয় হইয়াছিল। এই যদ্ধের পর আর দীজরের প্রতি-যোগী কেহই রহিল না। তিনি রোম সম্রাজ্যের এক মাত্র কর্ত্তা হইয়। রাজকার্য্য নির্ম্বাহ করিতে লাগিলেন। কিন্তু তথনও আপনি রাজোপাধি গ্রহণ করেন নাই। তিনি বাছে প্রাচীন প্রথা সম্-দায় প্রচলিত রাথিয়া বাস্তবিক ঐকাধিপত্য শক্তি গ্রহণ করিলেন। তাঁহার সময়ে রাজ্য-শাসন অতি সন্মুর রূপে নির্বাহিত হইতে লাগিল। অতি উত্তমং রুমা প্রাসাদ দারা রোম নগর স্থাে-ভিত হছল। অনেকানেক রাজবর্ত্ম ও জল-প্রণালী

নির্দ্দিত হইয়া বাণিজ্য ও ক্রমিকার্য্যের উপযোগিতা করিতে লাগিল এবং তাঁহার প্রতাপে সমদয় সাত্রাজ্য নিৰুপদ্রব এবং উপশান্ত হইয়া থাকিল। এই সময়ে কতিপয় ব্যক্তি পুনর্মার প্রজাতন্ত্র শাসন প্রণালী প্রবর্ত্তিত করিবার বাসনায় সীজ-রের বিৰুদ্ধে ষড়যন্ত্র করেন। তন্মধ্যে ব্রুটস্ এবং কাদিয়দ্ নাম। ছুই ব্যক্তি সমধিক প্রসিদ্ধ। ইহাঁর। জানিতেন না যে, রোমের স্বাধীনাবস্থার কাল গত হইয়া গিয়াছে। তথন পূর্ব্ব রূপ শাসন-প্রণালী প্রবর্ত্তিত করিলে স্বাধীনতার শব মাত্র রক্ষিত হইতে পারে, তাহার জীবন স্বরূপ যে ধর্ম-পরায়ণতা তাহা আর কোন ক্রমেই ফিরিয়া আসিতে পারে না। যাহাহউক উহারা সীজরকে দেনেট গৃহ মধ্যে হত্যা করিলেন। এই সংবাদ শ্রবণে লোক সাধারণ প্রথমে স্তব্ধ ও সাতি-শয় ভীত হইল পরে যথন সীজরের অধীন আন্ট্রনী নামা এক জন সেনাপতি সীজরের মৃত দেহ প্রদর্শন করিয়া বক্ত,তা করিলেন— যথন ঐ মৃত মহাত্মার গুণ্ঞাম ও পরোপকারিতার নানাবিধ প্রমাণ দর্শাইলেন—তথন সকলেই হত্যাকারী দিগের উপর সাতিশয় ক্রন্ম হইল। ক্রটস্ এবং কাসিয়স্ রোম নগর পরিত্যাগ করিয়া প্রস্থান করিলেন। নানা বিবাদের পর সীজরের ভাগিনেয় অক্টেবিয়স্

এবং তাঁহার সেনাপতি আন্টনী এবং গল দেশের শাসনকর্ত্তা লেপিডস্ এই তিন জনে মিলিত হইয়া সমুদায় রোম সাআজোর শাসনকর্ত্তব বিভাগ क्रियां लहेरलन। रलिशिष्ठम्, स्म्यहेन् शेहिरलन, गांगेनीत जारम मान अरमन পेडिन, जात जरहेवियम् ইটালী, সিসিলিও আফিকার অধিকার প্রাপ্ত হইলেন। তাহার পর ইহাঁরা তিনজনে মিলিয়া পূর্কে সলা যেমন আপন শত্রুবর্গ বিনাশ করিবার নিনিত্ত নিদর্শনপত্র প্রস্তুত করিয়াছিলেন সেইরূপ নিদর্শনপত্র বাহির কবিতে লাগিলেন। বোমের অতি প্রধানং ব্যক্তি সকল ইহাতে বিনষ্ট হইলেন, তথাগ্যে সিসি-রোও নিহত হইয়াছিলেন। এইরূপে আপনা-দিগের সকল শত্রুকে বিনফী করিয়া আন্টনী এবং अल्डिवियम मदेमत्ना औम तनत्न योज। कतितन्त । ত্যার ব্রুটমূ এবং কাসিয়স্ আপেনাদিগের সৈন্য লইয়া সংগ্রামার্থ উপস্থিত ছিলেন। নাদি-ভনের অন্তর্গত ফিলিপি নামক স্থানে যে যুদ্ধ হয় তাহাতে ক্রট্য এবং কাসিয়ন্ সম্পূর্লপেই পরাভূত হইয়। আত্মহত্যা করিলেন। আন্ট্রনী ইহার পর ভোগ-সুগে মত হইয়া নিসর রাজ্ঞী ক্লীও-পেটার নিকট উপস্থিত হইলেন এবং একেবারে রাজকার্য্য পর্য্যালোচনা পরিত্যাগ করিয়া কেবল থামাদ প্রমোদে কালাতিপাত করিতে লাগিলেন।

ঐ সময়ে পশ্পীর পুত্র সেক্সটস্ এমত প্রবল হইয়া উঠিয়াছিলেন যে, আন্টনী ও অক্টেবিয়স্ উভয়ে এক মত হইয়া তাঁহাকে সিসিলিদ্বীপের অধিকার প্রদান করেন। এই সময়ে আন্ট্রীও একবার রোমে আসিয়াছিলেন এবং ভাঁহার প্ররুম্ভী ক্লোবিয়ার মৃত্যু হওয়াতে তিনি অক্টেবিয়সের স্থ-শীলা ভগিনী অক্টেবিয়াকে বিবাহ করেন। ইহার পর তিনি পুনর্কার আপন অধিকারে গিয়া পার্থীয় জাতির সহিত যুদ্ধ করিতে যান এবং তথায় পরাজিত হইয়া ক্লিওপেটার নিকট পলায়ন করিয়া আইসেন। এখানে অক্টে-বিয়স ঐ অবকাশে আপন বিচক্ষণ পোতাধ্যক আত্রিপার সহায়তায় সেক্সটস্কে পরাজয় করি-লেন এবং ঐ সময়ে লেপিডস্কেও অধিকারচ্যত করিয়া রোমে আনিয়া পৌরোহিতা কর্মে নিযুক্ত করিলেন। আন্টনী পার্থীয় জাতির সহিত যুদ্ধে পরাস্ত হইয়া মিসরে ক্লিওপেট্রার নিকট পলায়ন করিয়া আসিলেন এবং আপন ধর্মপত্তী স্থানীলা অক্টেবিয়াকে পরিত্যাগ করিয়া তাঁহার ভ্রাতা অক্টেবিয়সের অপমান করিলেন। অক্টেবিয়স্ এতাবৎকাল ঐ সুযোগেরই প্রতীক্ষা করিতেছি-লেন। তিনি তৎক্ষণাতৎ আন্টনীর বিৰুদ্ধে ক্ষৈত্র যাত্রা করিলেন। আড্রিয়াটিকু সমুক্রকুলবর্ত্তী

আক্টিয়ম্ নগর সনিধানে প্রতিপক্ষ উভয় রণ-পোত সমূহের সংখ্রাম হইল। তাহাতে আউনী সম্পূর্ণরূপে পরাভব প্রাপ্ত হইয়া নিসরে প্রস্থান করিলেন। অক্টেবিয়সও অবিলম্বে তাঁহার পশ্চাৎ পাবমান হইলেন। ক্রিওপেট্রা একবার তাঁহাকেও স্বর্ণীভূত করিবার নিমিত্ত চেন্টা পাইয়াছিলেন। কিন্তু বিজিতেন্দ্রিয় অক্টেবিয়স্ তাঁহার চাতরে না পড়াতে ক্রিওপেট্রা একান্ত ছংখিতা হইয়া আজ হত্যা করিলেন। আউনীও উহারই কিঞ্জিৎ পূর্বেষ সহস্তে নিজ প্রাণ বিসর্জন করিয়াছিলেন। অত্তর্বর সামাজ্য মধ্যে অক্টেবিয়সের প্রতিযোগী আর কেহই রহিল না। তিনি ৩০ পৃঃ খৃন্টাকে অগম্বীস্কার প্রতির সমুদ্য রোম সামাজ্যের এক অদ্বিতীয় সম্রাট্ হইলেন।



নপ্তন অধ্যায় ৷

্ত গতাদের সামান্ত্রশাসন—তাংকালিক ধর্ম প্রেরণী পৃন্ধীর ধর্মো প্রচার –রোশীর অসনাগণের দুন্দীচার-টাইবিরিয়স—কালিওলা—ক্রডিঃস্—নিরো।]

নেরাইরস্ এবং দলার দময় হইতে রোম দাক্রাজ্যে যে ভয়ন্তর অনুকিবিদানল প্রজ্ঞানিত হই-

য়াছিল তাহা এত দিনের পর নির্বাপিত হইল। রোমীয় মাত্রেই হইাতে সুখী হইলেন এবং প্রজা-তম্ব শাসন-প্রণালী সংস্থাপিত করণের আশয়ে কেবারে জলাঞ্জলি দিয়া যাহাতে নিক্দেগে দিন घाপन कतिरू भारतम जमर्थ मरहकी थाकिरलन। के ममरत जगरुम मरन कवित्न छ क्रिंचन द्वाभीत-দিগের একান্ত বিগহিত যে রাজোপাধি তাহাও গ্রহণ করিতে পারিতেন। কিন্তু তিনি তাহাও করিলেন ন। রাজোপার্ষি কি, তিনি ডিক্টেটরের উপাধি গ্রহণ করিতেও অনিচ্ছ হইলেন। কেবল অগম্ম অর্থাৎ পূজনীয় এবং ইম্পরেটর অর্থাৎ দেনা-নায়ক এই তুই উপাধি এছণ করিয়া এবং টি,বিউন্ও দেন্দর্ এই উভয়ের কর্ম আ-প্র হন্তে লইয়া বাস্তবিক রোমের একাধিপতি হইয়াও নামে একজন প্রধান রাজ কর্মকর মাত্র হইয়া থাকিলেন। তিনি ইম্পারেটর, স্বতরাং সকল দৈনাই তাঁহার অধীন, তিনি দেন্সর, সুতরাং রোমীয় মাত্রের পদ মর্য্যাদ। নিরূপিত করিয়া দেওয়। তাঁহার হাত, তিনি ট্রিউন্, কমিটি-য়াতে লোক সকলকে আহ্বান করিতে পারেন এবং ভাঁহার শরীর পবিত্র বলিয়া গণ্য হয়—অত-এব বিবেচনা করিয়া দেখিতে গেলে অগফাসের সম্পূর্ণ অধিরাজ শক্তিই হইয়া ছিল। তিনি একাদি

ক্রমে ৪৪ বৎসরকাল সমুদয় রোম সাম্রাজ্যের উপর এই শক্তি অব্যাহত রূপে ধারণ করেন। তাঁহার শাসনাধীন সাত্রাজ্যের দূরস্থিত প্রদেশগুলিও পরস্পর দৃঢ়তর রূপে সমন্ত্র হইল। পশ্চিম ভাগে লাটিন্ ও পূর্বাদিকে গ্রীক্ ভাষা প্রচলিত হইয়। বিদ্যাচর্চার সমাক উন্নতি হইল এবং সাডাজ্যের তাবদীয় নগরী স্প্রশস্ত রাজবত্ম সকলের মারা পরস্পর সংযুক্ত হইয়া ক্রমশঃ একপ্রকৃতিক এবং একজাতীয় নগরের ন্যায় প্রতীয় মান হইতে লাগিল। কেবল পল্লীগ্রাম দেখিলেই বিভিন্ন প্র-দেশে বিভিন্ন প্রকৃতিক লোক দৃষ্ট হইত নচেৎ রোম সাআজ্ঞান্তর্গত অতি দূরবর্ত্তী নগরী সকলও ক্রমশঃ পরস্পর সমভাব ধারণ করিতে লাগিল। এইরূপ সমীকরণ ব্যাপার তাৎকালিক ধর্ম-প্রণালী দারা আরও সহজে সম্পন্ন হইয়াছিল। অর্থাৎ সেই সময়ে প্রায় সর্বতেই বিবিধ দেব দেবীর পূজা ্প্রচলিত ছিল। জুডিয়া ভিন্ন অপর কোন দেশেই একেশ্বর বাদ চলিত ছিল না। সর্বস্থানেই দেখিতে পাওয়া যায় যে, একেশ্বর বাদিগণ যেমন পর ধর্ম দ্বেষ্টা হন, বহুদেব দেবীর উপাসকের। কথনই তেমন হন না। স্তরাং রোমীয়দিগের অ-ধীন বিভিন্ন জাতীয় লোকের৷ ক্রমে২ পরস্পর পূজা বিধির কিঞ্চিৎ কিঞ্চিৎ গ্রহণ করিয়া সকলে

একমত্যাবলম্বন করিতে থাকিবে, ইহা আশ্চার্য্যের বিষয় নহে। রোমীয় সাম্রাজ্যের এই অবস্থায় জু-ডিয়া দেশের অন্তর্গত বেথলহেম্নামক একটা প্রামে রিশুথ্ট জন্ম গ্রহণ করেন। তাঁহার প্রণীত ধর্ম-শাস্ত্রে বিহুদীগণের ব্রহ্মবাদ ও বিস্তৃত রোম সাম্রা-জোর সমাক ওদার্গা উভয়ই মিলিত হইয়া আছে। যাঁহাতা কোন দেশ বিশেষের অথবা জাতি বিশে-ষের নিনিত্ত কোন ধর্মশাস্ত্র প্রণয়ণ করেন, ভাঁ-হার৷ প্রায়ই তদ্দেশোচিত আহার বিহার ও তদ্দেশস্থিত তীর্ধাদির পক্ষপাতী হইয়া বিধি প্র-मान कतिशा थारकन। किन्तु शृष्ठे धर्मा, मारू व शृथिती এবং মানবকুলকে লক্ষ্য করিয়া প্রণীত হইয়াছিল, বোধ হয়। বিশেষতঃ গ্রীক্জাতীয় দার্শনিক পণ্ডিতগণ তর্কশান্ত্রের অনুশীলন দ্বারা পূর্ব্ব প্রচলিত পৌরাণিক মতের প্রতি লোকের অশ্রদ্ধা জন্মিয়া দিয়াছিলেন। विमान्त्रभीलन महकारत उँशिमिरगत महे मकल मछ ক্রমশঃ স্তাজ্যের সর্বত প্রচরজ্ঞপ হইয়াছিল। তথন জন সাধারণ যদিও আপনাদিগের পিতৃ পিতামহাদির ন্যায় দেব দেবীর উপাসনা করিত बटहे, किन्नु वान्तरिक जाहामिरगत मरमर के भरमीत প্রতি একান্তিক বিশাস ছিল না। কিন্তু মনুষ্য জাতি কথন পুৰুষামুক্ৰমে কপট বিশ্বাসে কাল হরণ করিতে পারে না—শীঘ্ট হউক বা বিলম্বেই হউক

অর ত্রিম ভক্তি পরায়ণ হইবার নিমিত সাধারণ ব্যক্তি ব্যহের মনে একান্ত ঔৎস্কা হয়। রোম সম্রোজ্যান্তগত লোকের মন যে সময়ে এই অবস্থাপান্ন হইয়াছিল, এমত সময়ে গৃষ্ট ধর্মা প্রচারিত হইতে আরম্ভ হয়।

খ্ট ধর্ম প্রচারিত হইতে আরম্ভ হইলেই উহ। সাধারণ লোকদিগের পরি: গীত হইয়াছিল। কিন্তু একেবারে হয় নাই—আর প্রধান২ লোক মাত্রেই ইহা প্রথমে গ্রহণ করেন নাই। ইহার যে সহজে খৃষ্ট ধর্ম গ্রহণ করিলেন না তাহার হেতৃ ছই। প্রথমতঃ উন্নত পদস্ত লোক মাত্রেই হঠাৎ জাতীয় ধর্মা ত্যাগ করা উচিত বোধ করেন না। বিশেষতঃ যাইাদিগের ধন সম্পত্তি থাকে ভাঁহার৷ ধর্ম-ভ্রম্ভ হইয়া রাজকীয় ধর্মের অন্যথাচরণ করিতে সন্দেহ করেন। দ্বিতীয়তঃ রোমীয় শাসন-প্রণালী ও বোমীয় ধর্ম-প্রণালী পরস্পর সন্মিলিত হইয়াছিল। সূত্রাং বোমের গর্মা পরিবর্ত্তিত হইলে বাজা শাস-নের রীতিও পরিবর্ত্তিত হইবার সম্ভাবনা : সু-তরাং ষাহাঁদিগের হত্তে শাদন কর্তৃত্ব সমর্পিত ছিল, ভাষারা মাহাতে থৃষ্ট ধর্ম প্রবল ইইতে ন। পায় বিবিধ বিধানে এমত যতুই করিতেন। কিন্তু যত্ন করিলে কি হইবে ? মানুষের চেষ্টায় কথনও रेनमर्गिक निग्रम्य जनाया इटेट भारत ना। রোমীয়দিশের মান্য ভূমি দার্শনিক পণ্ডিতগণের

যত্ত্বে বহুকালাবধি অনুথিত ক্ষেত্রের ন্যায় হইয়া-हिल, मगूहिङ मगर्य উহাতে ४ मी-वीज উপ্र इहेरल অঙ্করিত হইল এবং সহস্র প্রতিবন্ধক সত্ত্বেও সেই অঙ্কুর সতেজে উদ্ধাত হইতে লাগিল। কিন্তু অণফাদের সময়ে ইহার কিছুই হয় নাই। তংকালে হরেসু, বর্জিল প্রভৃতি মহা কবিগণ—লিবি, সালষ্ট প্রভৃতি ইতিহাস বেতুগণ—আগ্রিপা এবং মি-দিনাস্ প্রভৃতি স্মবিজ্ঞ রাজ নীতিজ্ঞ ব্যক্তিরা— অগষ্ট-সের সভার রত্ন স্বরূপ হইয়া সেই সময়কে উজ্বল ক-রিয়াছিলেন। যাহাহউক, অগফীস স্বয়ং সাতিশয় বিচ-ক্ষণতা সহকারে রাজ্য পালন করিয়া পরে নিজ পত্নী লিবিয়ার পূর্বসামীর ঔরষ পুত্র টাইবিরিয়স্কে রাজা ভার সমর্পণ করিয়। লোকান্তর গমন করিলেন। এন্তলে ইহা বলা আবশ্যক যে, তাদৃশ দেভিগ্য-শালী অগ-ফাস্ও নিজ কলত্রাদির ভ্রম্টাচার প্রযুক্ত সমূহ মান-সিক ক্লেশে জীবন যাপন করিয়†ছিলেন। অর্থ সম্প্র-ত্তি, প্রভূতা, বিবেক শক্তি থাকিলেই যে মনুষাগণ সুথ ভাগী হইতে পারেন এমত নহে। রোমীয়দিগের মধ্যে যদি পুর্বের ন্যায় স্বধর্ম পরায়ণতা এবং তেজ-ষিত, থাকিত, তাহা হইলে তথাকার সদ্ধংশজাতা কুলাঙ্গনাগণ কথনই ভ্রম্টাটার হইতে পারিতেন না, অধিকাংশই লুক্রিশিয়ার তুল্য সাধীস্বভাব থাকিতেন কিন্তু তাহা হইলে অগফীসও রোম সাঝাজ্যের সমাট্

হইতে পারিতেন না—যে অধন্দার প্রাবল্যে তিনি জন্ম ভূমির স্বাধীনতা বিনফী করেন তাহার প্রভাবেই লিবিরা এবং জুলিয়া প্রভৃতি রাজবালাগণ স্বহ সভীত্বে জলাঞ্জলি দেন।

অগফাসের জীবিতাবস্থায় ও তাঁহার মৃত্যুর কিয়ৎকাল পর পর্যান্তও টাইবিরিয়স্ অতি সৎলো-কের ন্যায় ব্যবহার করিয়াছিলেন। ঐ সময়ে তাঁ-হার অসচ্চরিত্রের কোন চিহ্নই প্রকাশ পায় নাই। কিন্তু সেজানস্ নামক এক ছুৱাত্মা তাঁহার মন্ত্রী হইলে পর তিনি ধৎপরোনান্তি অত্যাচার করিতে আরম্ভ করিলেন। পরিশেষে তাঁহার ভাতৃষ্ণ কালি-গুলা তাঁহার প্রাণ বধ করিয়া রাজা হইলেন। টাইবিরিয়সের রাজ্যকালে য়িশুপৃষ্ট কশে বিদ্ধ হ-ইয়া প্রাণত্যাণ করেন। টাইবিরিয়স্ তাঁহার অলেলিক কীর্ত্তিকলাপের বিবরণ অবণ করিয়া উহাকে দেবতা বলিয়া পূজা করিতে আদেশ করিয়াছিলেন। কিন্তু দেনেটরদিণের অনভিমত হওয়াতে খৃষ্ট, রোমীয়দিগের দেবতা শ্রেণী সম্ভক্ত হইতে পারেন নাই। টাইবিরিয়সের উত্তারাধি-कांत्री कालिश्रला त्य. कि श्रंशिख पूर्व जिल्लन जाहा বাক্য দ্বারা প্রকাশ করা যায় না। তিনি বেমন লম্পট, তেমনি ঔদরিক, তেমনি গর্মিত স্বভাব, এবং তেমনি নিষ্ঠুর ছিলেন। ফলতঃ তাঁহার অতি-

মারুষ দেগিরাত্ম্য দর্শনে কোন্য ইতিহাস বেতা বোধ করিয়াছিলেন যে. কালিগুলা ক্ষিপ্ত ছিলেন। বস্তুতঃ ঐকাধিপত্যরূপ উচ্চ পদারূচ হইলে সুবোধ ব্যক্তিরও বৃদ্ধি বিচলিত হইবার সম্ভাবনা। অতএব কালিগুলার ्यं धीमक्तित मालिना जन्मित हेटोट आफर्या कि। যাহা হউক, অগফাদুইটালীর লোক সকলকে দমন করিয়া রাখিবার নিমিত্ত ঐ দেশের নানা নগবে প্রিটোরিয়ান নামক এক দল সেনা সংস্থাপিত করিয়া যান। ইহারা অন্যান্য সেনার দ্বিগুল বেতন পাইত এবং অন্যান্য প্রকারেও সমাদৃত হইত। টাইবিরিয়স্ ইহাদিগকে রোমের নিকটে আনিয়। অবস্থিত করাইয়াছিলেন। এক্ষণে তাহারাই কালি-গুলার বিকল্পে গাতোখান করিয়া তাঁহাকে নম্ট করিল এবং তৎপরিবর্দ্ধে তাঁহার খুল্লতাত ক্রডিয়দকে সিংহসান প্রদান করিল। ক্রডিয়স্ নিতান্ত মন্দরূপে রাজ্য করেন নাই। তিনি স্বয়ং অতিশয় মূর্থ ছিলেন বটে, কিন্তু ভাঁহার সেনাপতিগণ নানা দেশে রোমীয়-দিগের শক্তে সমস্তকে দমন করিয়া রাজ্যের বিস্তার রদ্ধি কবিয়াছিলেন। বিশেষতঃ ইংলণ্ডের অনেক গ্র-দেশ এই সময়ে বিজিত হয়। বাহিরে এইরূপ গেরিব হইতে ছিল, কিন্তু রোমে অত্যাচারের পরিসীমা ছিল न।। এই সময়ের ভ্রম্তাচারের কথাই বা কি বলা ধাই-বেক। এই মাত্র বলিলেই পার্যাপ্ত হইবে যে, সভাটের

পত্নী মিদালিনা সম্রাট বর্ত্তমানেই উপপতির সহিত আপনার বিবাহ নির্বন্ধ করিলেন। রোমের সকল লোক সেই বিবাহ দর্শনার্থ নিমন্ত্রিত হই যাছিলেন। রাজ। রাণীর যে রীতি, রাজসভাস্থ ভদ্রলোকেরা প্রথমেই তাহার অনুকরণ করিয়া থাকেন। ক্রমে সর্বসাধারণের মধ্যেও সেই ক্লীতি প্রচলিত হইয়া পডে। অতএব তৎকালে রোমের কুলাঙ্গনাগণের যে কেমন ভ্রম্ট ব্যবহার হইয়া উঠিয়াছিল তাহা সহজেই বোধগম্য হইতে পারে। বোধ হয়. তেমন কদাচার আর কোথাও কখন হয় নাই। ক্রডিয়স ঐ রাজ্ঞীর প্রাণ বধ করিয়া ভাতৃষ্কন্য আগ্রি-পিনার পাণিহণ করিলেন। আগ্রিপিনার পর্ব স্বামীব ঔর্যজাত নিরো নামক এক পুত্র ছিল। তাহাকেই রাজ্য দিবার মানসে রাজপত্নী সম্রাট্কে বিষ পান করাইয়া নষ্ট করিলেন। নিরে। অব্যাঘাতে রাজ। হইলেন। ইনি দেনেকা নামক এক জন প্রসিদ্ধ দার্শনিক পণ্ডিতের শিষ্য ছিলেন। কিন্তু ইনি রাজ্য হইয়া দার্শনিকের ন্যায় কোন ব্যবহায়ই করেন নাই। কিন্তু যদি কেবল পাপ পুণোর ইতর বিশেষ না করাই দার্শনিকের ধর্মা হয়, তাহা হইলে সম্যক প্রকারেই সেই ধর্ম প্রতিপালন করা হইয়াছিল। তিনি পিতা মাতার প্রাণ বধ করেন এবং পরে মাত শব দর্শনে ত (म)न्तर्या विमुक्ष इदेश हिलन। अक (मत्नका अ

তাঁহা কর্ত্তক হত হন এবং লুকানু নামক প্রসিদ্ধ কবিও তাঁহার ক্রোধভাজন হইয়া প্রাণ বিসর্জ্জন করেন। কথিত আছে, ইনি একদা রোম নগরে অগ্নি প্রদান করিয়া তাৎকালিক নাগরিক বর্গের কোলাহল এবং আর্ত্তমর শ্রবণে অতীব আনন্দিত হইয়া বেহাল। বাজাইয়াছিলেন এবং পরে ঐ অগ্নি থফানেরা দিয়াছে, এই কথা বলিয়া ভাহাদিগের শত্ত ব্যক্তিকে নানা প্রকারে যন্ত্রণা দেন। কাহাকেও হিংস্র জন্তর মুখে নিক্ষেপ করিতেন, কাহাকেও জলর হুতাসনে আহুতি দিতেন, কাহাকেও ক্র শে বিদ্ধ করিয়া মারিতেন, আর কতকগুলির গাতে ছিদ্র করিয়া দিয়া সেই সকল ছিদ্রে জ্বলন্ত বর্ত্তিকা প্রবিস্ট করত রাত্রিকালে প্রকাশ্য রাজপথে দণ্ডায়-মান করিয়া রাথিতেন। কথিত আছে, গৃষ্টধর্ম্ম প্রবর্ত্তক স্ববিখ্যাত পীটর এবং পল ইহারা উভয়েই নিরোর সময়ে বহু যন্ত্রণা সহু করিয়া লেগকিকী লীলা সম্বরণ করিরাছিলেন। এইরূপ দৌরাত্ম করিয়া সমুদায় দান্তাজ্যের লোককে একার উত্তেজিত করিলে পর গালবা নামক এক ব্যক্তি বিদ্যোহে প্রব্রত হইলেন এবং নিবোকে সংহার করিয়া স্বয়ং নিংহাসনা-বোহণ কবিলেন।

এই সময়াবধি অগফাসের বংশে আর সাঞাজ্য রহিল না। অগফাসের পর যে২ ব্যক্তি রোমে

স্ঞাট হইয়াছিলেন তাঁহাদিগের চরিত্র পর্যা-লোচনা করিলে কাহার মনে ভয়ের উদ্রেক না হয় ? ইহাঁদিগের চরিত্র পাঠ করিয়া অবশ্যই মনে২ বোধ হইয়া থাকে যে, ইহাঁরাও আমাদিণের ন্যায় भनुषा ছिल्न-इर्गेमिट्गत अनुःकत्रा ए मकल পাপ ও পুন্যের বীজ ছিল, আমাদিগের মনেও সেই রূপ সমুদ্য পাপ এবং পুণোর বীজ আছে। অত-এব ইহাঁর যথন এমত ছুরাচার হইলেন তথন আমরাও যে, কথন তাহা না হইতে পারিব তাহার প্রমাণ কি ? এই ভাবিয়া মনোমধ্যে যথন কোন কুপ্র-রতির উদয় হইবে তথনই তাহা দমন করা উচিত। যেহেত প্রশ্রম পাইলে ঐ কুপ্ররতির দারা আমর। ক্র-মশঃ তাদুশ ছুৰ্দ্দশাপর হইতে পারি: অপরস্ত ঐ সকল নারকীদিগের চরিত্র পাঠ করিয়া কাহার মন হইতে আত্মশ্রা দুরীভূত না হয় এবং স্বর্গ নরক যে ছুইই আছে তাহা প্রতাক্ষ প্রমাণের ন্যায় স্পাটীক্রত না হয় ?

Tr to the

অপ্তম অধ্যায়।

[গাৰ্ব | —ওথে | —ভিটে লিয়স্—:ভস্পে সিংন্—টাইটস্— ভোমিনিয়ান ৷]

গালুবা স্পেইন্ প্রদেশের শাসনকর্তা ছিলেন। প্রিটোরিয়ান্ সেনাগণ তাঁছাকে সাজাজ্য প্রদান

করিবার নিমিত্ত প্রস্তাব করিলে সেনেট্ সভা তা-হাতে সন্মত হইয়াছেন অবণ করিয়া তিনি লুসি-টে নরার শাসনকর্তা ওথোকে সমভিব্যাহাতে করিয়া সম্বরে রোম নগরে আসিয়া উপ-স্থিত হইলেন। কিন্তু প্রিটোরিয়ান সৈন্যগণ তাঁহাকে যে আশয়ে রাজা প্রদান করিয়াছিল তিনি তাহাদিগের মেই আশা সফল করেন নাই। তাহাদিগকে প্রশ্রম দেওয়া দুরে থাকুক, যাহাতে উহারা সুবাবস্থিত এবং সুশিক্ষিত হয়, গালু বা নির-ন্তর এইরূপ যতুই করিতে লাগিলেন। তাহাতে উদ্ধৃতস্বভাব সৈন্যগণ সপুত্র তাঁহাকে নিহত করিয়া ওথোকে বাজ্যভার অর্থন করিল। ওথো বাজা হইলে রাইন নদীর তীরবর্তী রোমীয় সেনা সকল তাঁহার অধীনতা স্বীকার করিল না। উহারা আপনাদিগের সেনাপতি ভিটেলিয়সকে স্ঞাট্ পদবী প্রদান করিয়া রোম নগরাভিমুখে যাতা করিল। উভয় দলে ঘোরতর মুদ্ধ হটল। কিন্তু নিরন্তর সমরক্রেশ সহিষ্ণু রাইনু নদীর তীর-বৰ্ত্তী সৈন্যগণ, নিতান্ত প্ৰশ্ৰয় প্ৰাপ্ত সুখভোগী থিটোরিয়ানদিগকে পরাভব করিল। ভিটেলিয়স রাজা হইলেন। ইহাঁর ন্যায় নীচ প্রকৃতিক, নিতান্ত অবজ্ঞাস্পদ কোন ব্যক্তি আৱ কথন বাজাসন অপবিত্ৰ কবেন নাই। প্রদেশ শাসনকর্ত্তারা অনেকেই ইহাঁত

বশম্বদ হইয়, থাকিতে অস্বীকার করিলেন। বিশেষতঃ জুডিয়ার শাসনকর্ত্তা ভেস্পেসিয়ন্ আপন পুত্র টাই-টসের প্রতি য়িহুদীদিগের সহিত যুদ্ধের ভারার্পণ ক-রিয়া রোমের অভিমুখে সৈন্য প্রেরণ করিলেন। অন্যান্য প্রদেশ শাসন কর্ত্ত্বাণ ভেস্পেসিয়নের সহকারিতা করিতে লাগিলেন এবং ভাঁহার এক জন মুখ্য দেনাপতি ভিটেলিয়সের দেনা সমূহকে সশ্ম,থ সংগ্রান্য পরাভর প্রদান করিলেন। ভেস্পে-সিয়ন্ বাজ। হইয়া অতি উত্তমরূপে রাজ্য পালন করিয়াছিলেন। তিনি সাতিশয় গুণপক্ষপাতী ছি-লেন। গুণবান ব্যক্তি মাতকেই সমাদর করিয়া দেনে-টর পদাভিষিক্ত করিতেন: তাঁহারা প্রক্রত রোমীয় হউন বা না হউন তাহা বিচার করিতেন ন:। পূর্ব্ব? ছুষ্ট রাজারা চর রাথিয়া লোকের রহস্যানুসন্ধান কর্ত জনগণকে বিবিধ প্রকারে পীড়া দিতেন। ভেস্পেসি-য়ন্ একেবারে, সকল চরকেই রা ক্রকার্য্য হইতে দূরী-ভূত করিলেন। গৃষ্টান এবং ভাক্ত দার্শনিক পণ্ডিত উভয় প্রকার লোকের প্রতিই তাঁহার দৃঢ়তর বিদ্বে ছিল। ইহাঁর সময়ে টাসিটস্নামা সুবিখ্যাত ইতি হাসবেতা প্রাত্মভূতি হন। টাসিটদের পূর্বাগত পুরাবিদগণ কেবল স্প্রণালী ক্রমে পূর্ব্ব রতান্ত সমত বর্ণিত করাকেই আপনাদিণের রচনার মুখ্য উদ্দেশ নিশ্চয় করিয়াছিলেন। টাসিটসের এন্থে পুরারত যে

করিয়া ভেব্যিসিয়ান পর্যান্ত যে কয়েকটা রাজার বি-বন্ধ উল্লেখিত হইল ইখারা রোমীয় পুরারতে ष्ठांतम मीजत नाटम विथाए । इंडांनिटगत मट्या প্রথম তুই জন আর ভেম্পোসিয়ন্ এবং টাইট্স, সর্বশুদ্ধ এই চারিজন বঃতিরেকে অপর সকলেই অতি পাপাত্রা এবং ইন্দ্রিয়-পরায়ণ ছিল। ইহারা না করিয়াছিল এমত ছুদ্ধাই নাই। ছুফীলোক, নিরন্ধ শ একাধিপতা শক্তি প্রাপ্ত হইয়া যে কত দূর পর্যান্ত অনিষ্টকারী হইতে পারে, ইহারা তাহা স্পষ্ট প্রকাশ করিয়াগিয়াছে। কিন্তু এক্ষণে যে কয়েকটী সম্রাটের বিবরণ লিখিত হইবে তাঁহার। সাধুশীল বলিয়া পুৰারতে বিখ্যাত হইয়াছেন। ইহাঁদিণের চরিত্র পর্যালোচনা করিয়া দেখিলে আবার ইহাই স্পাষ্ট প্রতীত হয় যে, সাধুশীল ব্যক্তিরা একামি-পত্য শক্তি প্রাপ্ত হইলে পবিত্রতার পরাকাষ্ঠা প্রদর্শন করিতে পারেন। ডোমিসিয়ানের মত্যর পর নর্বা নামক এক জন সুধার্মিক সেনেটর সাম্রাজ্যা-ভিষ্কি হইলেন। ইনি প্রজার হিতচেষ্টায় ব্থাসাধ্য যতু করিয়া পরিশেষে বার্দ্ধক্য প্রযুক্ত পরিশ্রমে অক্ষ হওয়াতে ট্ৰোনু নানক একজন স্পেইন্ জাত সুসাধু সক্ষম ব্যক্তিকে আপনার সহকারিতায় নিযুক্ত করেন। অত্যম্প কাল পরেই নর্কা পর-লোক প্রাপ্ত হইলেন। তথন ট্রেজান্ রোম সাত্রাজ্যের

অদ্বিতীয় অধীশার হইরা এমত বিচক্ষণতা সহকারে वाजकार्या निर्माट कविए नाशितन त्य. मकत्वहे একমত হইরা তাঁহাকে, সর্ব্বোৎক্রম্ট, এই মহিমা-সূচক উপাধি প্রদান করিল। টেজান, বিদ্বান লোকের সমধিক গৌরব করিতেন। ইতিহাসবেত্তা টাসিটস্, মহামহোপাধ্যায় প্লিনি ও জীবনচরিত রচয়িতা প্ল টার্ক ইহারা ট্রেজানের বন্ধু ছিলেন। ট্রে-জান্ বালক বালিকা কুলের বিদ্যাশিক্ষার্থে অনেকা-নেক বিদ্যালয় সংস্থাপিত করেন, বিজয় ভম্ভ এব বিজ্ঞয় তোৱা সমস্ত নিৰ্মাণ কবিয়া নগৰ স্থলোভিত করেমএবং বিবিধ পুস্তকাগার সংস্থাপিত করিয়া লোকের বিদ্যোন্নতির সন্তুপায় করিয়া দেন। ভোমি-সিয়ান, ডেনিউবু নদীর উত্তর পারবর্তী ডেসীয় জা-তির নিকট পরাভব প্রাপ্ত হইয়া তাহাদিগকে বর্ষেই কর প্রদান করিতে স্বীকার করিয়াছিলেন। ট্রেজান তাদৃশ অপনান সহু করিতে নঃ পারিয়া সটসনো ঐ অসভা জাতির বিকদ্ধে যাত্রা করিয়াছিলেন এবং ডেনিউব নদীর উপর একটা প্রস্তরময় সেতৃ নির্মাণ করাইয়। পরপারে উত্তীর্ণ হওত ডেসীয়-দিগকে সম্যকরপেই পরাভব প্রদান করিয়া-ছিলেন। ইহার পর পার্থীয় জাতীয়ের। পূর্মেদিকে উপত্রব করাতে ট্েজান্ তাহাদিগের প্রতি যুদ্ধ যাত্রা করেন। এই যুদ্ধে টাইগ্রীস্ নদীর তীর

পর্যান্ত সমুদায় দেশ রোমীয়দিগের অধিহত হইল। **ट्रिकारन**त পত्नी श्लाप्ति। এवश ভागिनी मार्मिशानात চরিত্র অতি পবিত্র ছিল। তাঁহাদিগের দৃষ্টান্তানু-গামী হইয়া রোমের কামিনীগণ পুনর্বার সৎপথান-लिमिनी इटेटज लागिटलन। এই क्रांटिश मर्कर जांचारिक স্বদেশের উপকার সাধন করিয়া মহাত্মা ট্জানু দেহ ত্যাগ করেন। তাঁহার পোষ্যপুত্র হাড়িয়ান্ তৎক্ষণাৎ তাঁহার পদাভিষিক্ত হইয়া রোমে আগমন করিলেন। জুলিরস্ সীজরে এবং অগফাসে যেরপ চরিত্রের ভেন ছিল, ট্রেজানে এবং হাড়িয়ানেও সেইরূপ ভেদ লক্ষিত হয়। ট্রেজান্ যুদ্ধবীর ছিলেন—তিনি রাজ্য বিস্তৃত করিয়া যান, হাড়িয়ান যুদ্ধানি করা বড় ভাল বাসিতেন না; তিনি ট্েজানের বিজিত কোন২ দেশ পুনর্মার পরিত্যাগ করিয়া অবশিষ্ট ভাগকে দুঢ়ী-ভূত করিবার মতু করেন। ইনি সাম্রাজ্ঞার সকল অদেশেই পাদচারে পর্য্যটন করিয়া বেড়াইতেন এবং যেখানে গমন করিতেন যাহাতে জনসাধা-রণের বিশিষ্ট উপকার দর্শে এমত কীর্ত্তিচয় সং-স্থাপিত করিতেন। ইনি রটন দ্বীপে গিয়া উত্ত-त्राक्षल निर्वामी ऋष्ट्रितात क्लीताचा निर्वातनार्थ य ऋविखुख था हीत निर्माण कतिया गान, ऋहेलटछत মধ্যভাগে স্থানে২ অদ্যাপি তাহার ভগাবশেষ দৃষ্ট হইয়া থাকে। হাডি্রানের সময়ে ছুর্ভ

ইতুদীরা পুনর্কার বিদ্রোহাচরণে প্রবৃত্ত হইয়াছিল তাহাতে হাড়িয়ান্ উহাদিগের যৎপরোনাল্ডি ছুৰ্দ্দশা করেন এবং ইহুদী জাতিকে একেবারে বিবা-সিত করিয়া আপনার স্থবিস্তৃত সা্রাজ্যের নানা স্থানে বিকীর্ণ করিয়। দেন। সেই অবধি ইত্দী গণ স্বস্থান ভ্রম্ট হইয়া কবে তাহাদিগের অবতার ভূতলে জন্মগ্রহণ করিবেন এবং তাহাদিগকে পুনর্কার সদেশে লইয়া সংস্থাপিত করিবেন,পুরুষারুক্রমে ই-হাই প্রতীক্ষা করিয়া আদিতেছে। হাড্রিয়ানের মৃত্যু হইলে তাঁহার পোযাপুত্র আন্টোনাইনদ্রাজাসন প্রাপ্ত হইলেন। ইনি হাভিয়ানের শেষদশারুত হুষ্কর্ম সমস্তের দোষ সংশোধন করিবার বিশিষ্ট যত্ন করি-য়াছিলেন বলিয়া লোকে ইহাঁকে পাইয়দ্ অর্থাৎ পিতৃভক্ত এই উপাগি প্রদান করে। পাইয়স্ প্রজা সকলকে সম্পূর্ণরূপে সুখী করিয়াছিলেন এবং বিশিষ্ট যত্ন করিয়া সাআজ্য মধ্যে শান্তিরক্ষা করিয়া-ছিলেন। রোমে জেনস্ দেবের যে মন্দির ছিল তাহার দ্বার যুদ্ধকালে উন্মৃক্ত এবং সন্ধির সময়ে ৰুদ্ধ থাকিত। রোমের প্রারভাবধি সেই দার একবার সুমার সময়ে, **দিতীয়বার অগফাসের সময়ে আর তৃতীয়বার** এই পাইয়দের সময়ে কল্প হইয়াছিল। পাইয়দের মৃত্য হইলে পর ভাঁহার পোষ্যপুত্র মার্ক্য-অরেলিয়স্-আন্টোনাইনস্ রোম সাম্রাজ্যের সিংহাসনে আরো- इन कतिरलम । প্রাচীনকালে ধর্ম্মের আধিকা ছিল কি এক্ষণে ধর্মের আধিক্য হইয়াছে, এই তর্কের মীমাং দ। করিবার নিমিত্ত কোন প্রান্তকার লিখিয়াছেন যে, পুর্কানে যদিও আন্টোনাইনস্ ও আর ছুই এক ব্যক্তি সাধুশীলতার একশেষ করিয়। গিয়াছেন বটে, আর যদিও তাদৃশ ব্যক্তি কেহ ইদানীরন ভূমওলে जना शहल करतन नाहे. उथालि हेहा अवनाहे वना যাইতে পারে যে, পূর্ব্বাপেক্ষা এক্ষণে যেনন বিদ্যার চর্চ্চা সর্ফ্রাধারণ প্রচলিত হইয়াছে, তেমনি সাধা-রণতঃ পর্দাকার্য্যেরও আধিক্য হইয়াছে,তাহার সন্দেহ নাই। পুর্ফোক্ত প্রন্তুর্ক এই সিদ্ধান্ত পাঠ করি-লেই আন্টোনাইনস্যে কিরূপ ব্যক্তি ছিলেন তাহা স্পাষ্টরপে অনুভূত হইবে। তিনি আপন বিশাল সাম্রাজ্যকে নিজ গৃহ স্বরূপ বোধ করিতেন—ভত্রত্য যাবভীয় মনুজ্গণ ভাঁহার নিজ পরিবার স্বরূপ স্নেহপাত্র ছিল। সকল ব্যক্তিরই ছঃথে তি:ন সম-তুঃখিতা প্রকাশ করিতেন। বস্তুতঃ যদি তাঁহার ন্যায় ভূপালগণ সর্মত্র একাধিপত্য শক্তি প্রাপ্ত হন তবে কোন শাসন প্রণালীই ভাঁহাদিগের শাসনেব অপেক্ষা অধিকতর প্রশংসনীয় ছইতে পারে ন। আন্টোনাইনস্ শ্বয়ং একজন প্রধান দার্গনিক পণ্ডিত ছিলেন। তিনি 'স্বচিন্তা' ইত্যভিধেয় একথানি প্রস্থ রচনা করিয়া গিয়াছেন। তৎপাঠে ভাঁহার

প্রতি সকলেরই অন্তঃকরণে অতি প্রগাঢ় ভক্তিরসের वाविर्जाव इस । वात्लानाईनम्, त्छोईक् महावलशी ছিলেন। ফৌইকদিগের মত গ্রীক পঞ্জিত জিনো কর্ত্তক প্রণীত। জিনোর মতে পাপ পুণ্য সুখ ছুঃখ ইত্যাদির কোন প্রকৃত বিভিন্নত। নাই। দুঃখ হইলে কাতরতা প্রকাশ করাই পাপ। আর সুখ হইলে আনন্দিত হওয়াই অধ্যা। সকল অব-ছাতেই নির্মিকত চিত্ত থাকা ধর্মোর এক মাত্র লক্ষণ। স্বথের চেষ্টা করা অকর্ত্তব্য, ছঃখনিবারণের যত্ন করাও অনুচিত। ঈশ্বর যাহা করিতেছেন সকলই আমাদিগের ভালর নিমিত, এই বিশাস দৃঢ়তর করিয়া ক্রমশঃ শান্তি পাইবার চেষ্টা कृताहे छानीत कमा। आत्मानाहनम् এह छोहिक् মত পরিগ্রহ করিরা আপনাকে সমুদার ইন্দ্রিয় সুথে বঞ্চিত করিয়াছিলেন। কিন্তু আপনার প্রতি প্ৰুষ ব্যৱহার কবিষাও অন্যান্য সকলের প্ৰতি मिष रेनमर्गिक कामलजा धाममर्गन क्रिंग करतन नाइ। यादा इडेक, बात्लानाइनत्मत हति शार्ठ এই একটা শিক্ষা পাওয়া যায় যে, অতি মন্দ সম सि७, (मरणेत कावका व्यक्ति व्यक्ति व्हेत्न७, আচার ব্যবহার অত্যন্ত ভ্রম্ট হইয়া গেলেও, আর একাধিপতা রূপ অতি দোষাবহ উন্নত পদাভিষিক্ত इहेल अमध् वाक्तिगन य य किछोत्र धर्माणील, मना-

চার, সান্তশীল এবং প্রহিতেবী হইতে পারেন।
পাইরদের সময়ে বহুকাল যুদ্ধ বিরাম থাকাতে
রোমীয় সৈন্যগণ হীনশিক্ষ্য এবং হীন সাহস হইয়া
পাড়িরাছিল। স্কুতরাং রোমের শক্রগণ ক্রমশঃ
প্রবল হইরা একেবারে সাআজ্যের চতুর্দ্ধিক আক্রন্থ মণ করে। আটোমাইনস্ জ্ঞানের চক্রা করিতেন বলিয়া যে, কর্মে অনিপুণ ছিলেন এমত নহে। তিনি যুদ্ধ করিয়া সকল শক্র নিবারণ করিলেন—বিজোহী দলকে দমন করিলেন—নিজ সৈন্যগণকে স্থাক্ষা-সম্পান্ন করিলেন—এবং সমুদায় সাআজ্যকে উপশান্ত করিয়া ১৮০ পর খৃষ্ঠান্দে লোকান্তর গমন করিলেন।

ন্বন্ অধ্যুষ্

যেমন প্রাণি-দেহের উৎপত্তি, র্দ্ধি, সাম্যাবস্থা,
হ্রাস এবং বিনাশ হয়, তেমনি জাতি এবং জনপদেরও ক্রমশঃ প্রসকল অবস্থা হইয়া থাকে।
রোমীয়নিগের র্দ্ধিকাল সীজরের সময় পর্যান্ত—
সাম্যাবস্থা অগফীস্ ইইতে আন্টোনাইনসের কাল

পর্যান্ত-ইছার পর হ্রাদের সময় উপদ্বিত হইল। হ্রাদের দশা অতি হুঃথের দশা। তৎকালের ইতিরত্ত পাঠে কোন ক্রমেই সুখোদয় হইবার সম্ভা-वना नाहै। आत्लीनाहैनत्मत् अत्यागा मलान কমোডদু পিতৃসিং হাসনাবোহণ করিয়া রাজকার্য্যে মনোযোগ করিলেন না। রোমে মল্লক্রীডার অত্যন্ত সমাদর ছিল। সভাট্ সর্বজন সমক্ষে রুদ্ভৃনিতে অবতীৰ্ হইয়। প্ৰাক্ৰান্ত মল্লগণেৰ সহিত ৰাত্যন্ত ক্রিতেন এবং ক্থন্য হিংস্ত জন্তুদিগকে স্বহত্তে ব্য করিতেন; কিন্তু সাম্রাজ্যের কোন শক্র উপস্থিত হইলে যুদ্ধ না করিয়া তাহাদিগকে অর্থ দিয়া বিদায় করিতেন। একদা তিনি কতক গুলি লোকের প্রাণ বধকরিবার অভিপ্রায়ে তাহাদিগের নাম সম্বলিত একথানি নিদর্শন পত্রী প্রস্তুত করিয়া-ছিলেন। উহাতে ভাঁহার উপপত্নীরও নামছিল। দে ভদুষ্টে ক্রেছা হইয়া আপন অনুচরবর্গের দারা সভাটের প্রাণ বধ করিল।

কমোডদের মৃত্যু হওয়াতে নাগরিক সকলেই তৃষ্ট হইল এবং পটিনাক্স নামক একজন ধর্মাত্মা ব্যক্তিকে সিংহাসনাধিষ্ঠিত করিল। পটিনাক্স तांजभन धहरा हेन्छ क छिलनमा। किन्न वन्नुवर्गत অনুরোধ পরতন্ত্র হইয়া তাঁহাকে এ পদ গ্রহণ করিতে হইল। কিন্তু প্রিটোরিয়ান সেনাগণ অচির-

কাল মধ্যেই ভাঁহাকে নফ্ট করিয়া এইরূপ ঘোষণা করিল যে, যেব্যক্তি ভাহাদিগকে অধিক ধন. দিয়া ভৃষ্ট করিতে পারিবে, তাহারা সেই ব্যক্তিকেই সাম্রাজ্য প্রদান করিবে। জুলিয়ানস্ নামক অতি নীচ প্রক্ তিক কিন্তু বিপুল।বভবশালী একব্যক্তি অর্থদান দার। তাহাদিগের স্থানে সাঞ্জাজা ক্রয় করিল। কিন্তু নাগ-রিকের। তাহাতে সন্মত হইলেন ন। আরু সিরিয়া (मणीय टेमनाग्रल आश्रनामिट्यं नायक नाइंखतृदक আর ইলিরেয়ার দেনা সমূহ সিবির্স্নামক এক ব্যক্তিকে সম্রাট বলিয়া প্রচারিত করিল। সিবিরস্ শীঘ ইটালী আক্রমণ করিয়া জুলির।নসকে নষ্ট করিলেন এবং প্রিটোরিয়ান দেনাগণের গর্বচূর্ণ করিয়। নাইজরের বিকদ্ধে তৈজত্র যাতা করিলেন। নাইজরের সহিত তিন্টা ঘোরতর যুদ্ধ হর। শেষে সিবিরুস জরী হইলেন। তিনি রোমে প্রত্যাগমন ক-বিষঃ শাসনেব বীতি পবিবর্জন কবিলেন। সেনেট্র-দিগের যে যৎকিঞ্জিৎ রাজশক্তি ভিল আর তাহাও রাথিলেন না এবং প্রেপিনিয়ান্ আর অণ্পিয়ান্ নামক তুই জন প্রসিদ্ধ রাজনিয়মজ্ঞ ব্যক্তির সহায়তায় ব্যবস্থা প্রণালীও সংশোধিত করিলেন। ইনি রটন দ্বাপে গিয়া কালিডোনীয় জাতির সহিত যুদ্ধ করেন এবং প্রত্যাগমন কালীন ইয়র্ক নগরে প্রাণ প্রিত্যাগ করেন। সিবিরসের কারাকালা এবং গীটা

নামে ছুই পুত্র ছিল। কারাকাল্লা আপন মাতৃ-ক্রোডে ভ্রাভ বধ করিয়া স্বয়ং সমুদয় সাডাজ্যের অধিপতি হইলেন। ইনি অতি তুরাত্মা ছিলেন, কেবল আপনার মুখের দিকেই দৃষ্টি করিতেন,প্রজা-বর্গের দশা যে, কি হইতেছে তাহা স্বপ্নেও একবার ভাবিতেন না। কিন্তু ইহাঁর একটা কীর্ত্তি অদ্যাপি সকলের শ্বরণীয় হইয়া আছে। ইনি সাঞ্রাজ্যের প্রজা মাত্রকেই প্রকৃত রোমীয়নিগের তুল্য ক্ষমত। প্রদান করিয়া যান। এখন সেই ক্ষমতায় বাস্তবিক কাহার कान डेशकांत मर्निड ना वटहे, किन्छ उशांशि এक রাজ্যের প্রজার মধ্যে কেছ জাতিগুণে মান্য আর কেহ বা জাতি দোষে অমান্য থাকে, ইহা উচিত নহে। কারাকলার এই কীর্ত্তি শ্বরণ করিয়া ইহাই প্রতীত হয় যে, সামাজোর দৃষ্ঠিত বিজিত প্রদেশ অথবা উপনিবেশ-বাসি প্রজাগণ, একাধিপতি রা-জার যত অনুগ্রহ প্রাপ্ত হইতে পারে, রাজধানীতে প্রজাতন্ত্র শাসন-প্রাণালী বলবৎ থাকিলে তাহার। কথনই তেমনাঅনুগৃহীত হয় না। একাধিপতি রাজার। ञार्भनामित्यत निकटेवर्जी श्रजात उर्शीज़न कर्तन, দুরের প্রজাদিগের প্রতি তাঁহাদিগের ভয় থাকে না-স্তরাং তাহাদের অপকারও করেন না। किन्छ दिर्थात्म श्रेषा श्रेयल मिथात्म गौमन कर्जुगन দুর্ভিত প্রজার প্রতি অত্যাচার করিয়া রাজধানীর

প্রজাবর্গকে সম্ভক্ত রাখিবার প্রয়াস পাইয়া থাকেন। কারাকাল। আপন দৈনাগণ কর্ত্তক নিহত হন। তাঁহার উত্তরাধিকারী মেক্রাইনস্ মরিটানিয়া প্র-দেশে জন্ম গ্রহণ করিয়াছিলেন। তিনি নীচ লো-কের সম্মান রদ্ধি করিতেন বলিয়া সকলে তাঁহার প্রতি ৰুফ হইয়াছিল। বৈদ্যাগণ তাঁহাকে বিদাশ করিয়া ইলাগাবালস নামা এক ব্যক্তিকে রাজ্য ভার অর্পণ করিল। ইলাগাবালস্ যেমন নিষ্ঠুর, তেমনি অকর্মাণ্য, এবং তেমনি ইজ্রিয়-পরায়ণ ছিলেন। ভাঁহার কীর্ত্তির মধ্যে আপন মাতামহী প্রভৃতি কতিপয় রদ্ধাকে মিলিত করিয়া একটা স্ত্রী-সেনেট সংস্থাপিত করেন! সৈন্যের ইলা-গাবালসের প্রাণ বধ করিয়া আলেকজাণ্ডর সিবিবস নামক কোন সুশীল এক ব্যক্তিকে রাজ্য ভার সমর্পণ করে,৷ এই সময়ে অর্থাৎ ২২৬ পুঃ খৃষ্টাব্দে আর্ডিসির নামক এক জন পারুসীক স্বজাতীয়দিগকে উৎসা-হিত করিয়া পার্থীয় রাজাদিগের রাজা নস্ট করেন এবং সাসিনীয় বংশ সংস্থাপিত করিয়া পুনর্বার পারস্য রাজ্য বিস্তার করিবার নিমিত্ত যতুবান হন। বোম সম্রাটের সাহিত আর্ডিসিরের অনেক যুদ্ধ হইয়াছিল। তাহাতে পার্স্য সাত্রাজ্য তৎকালে রোমের দিকে রদ্ধি প্রাপ্ত হইতে পারে নাই। সৈন্যাপ্ত আলেকজাগুর সিবিরসের প্রাণ বধ করিয়া

লাক্সিমিন্ নামক ভীম পরাক্রম মহা অসভা থেশ দেশ জাত এক ব্যক্তিকেই রাজা ভার প্রদান করে। আফ্রান্থিত সৈন্যগণ তাহাতে সমত না হইয়া গডিয়ান্ নামক আর এক ব্যক্তিকে সত্রাট পদ প্রাদান করে। কিন্তু গর্ভিগান্ অতি শীঘ্ই যুদ্ধে পরাভূত এবং নিহত হন। তথন রোমের সেনে-টরেরা মাক্সাইম্স এবং বালবাইন্স নামক ছুই ব্যক্তিকে সাম্রাজ্য সমর্পণ করিলেন এবং উহাঁর: পুর্ক্ষোক্ত গডিয়ানের পৌত্র কনিষ্ঠ গডিয়ানকে আ-প্রানিগের সহকারী করিয়া লইলেন। মাক্সি মিনের সৈন্যাগণ ভাঁহাকে পরিত্যাগ করিল। কিন্তু প্রিটোরিয়ান সেনারা ইহার অস্পকাল পরে নাক্-সাইমস্ এবং বালবাইনসের প্রাণ বধ করিয়া তাঁহা-দিগের সহকারী গড়িয়ানকে সাম্রাজ্যের ঐকাধি-পতা প্রদান করিল। গডিয়ান পারস্যের প্রতিকূলে যুদ্ধ করিতে গিয়াছিলেন। তথায় ফিলিপ্ নামক এক জন আরবীয় লোক ভাঁহার সৈন্যাধ্যক্ষতায় নিযুক্ত হইয়া ভাঁহাকে নম্ভ করিয়া আপনি স্ঞাট হই-লেন। ফিলিপের সময়ে রোমের আয়ুঃ সহত্র বর্ষ পরিপূর্ণ হয়। এই উপলক্ষে তিনি ২৪১ পঃ খৃষ্টাব্দে মহা সমারোহ করেন। কিন্তু সছত্র করিয়াও তিনি जकल ल्लारकत मरनात्रक्षम कतिए भातिरलम ना। তিনি ডিসিয়স্ নামক এক জুন সেনাপতির সহিত্ যুদ্ধে নিহত হইলেন। ডিসিয়স রাজা হইয়াই দেখিলেন যে, গথ জাতীষেরা ভেরুবনদী পার হইয়া থে দে প্রবেশ করিয়াছে। তিনি উহাদিগকে পুনঃ২ পরাভত করিলেন। কিন্তু পরিশেষে আপন সেনা-পতি গালমের শঠতায় স্বয়ং সপুত্র নিহত হইলেন। গালস বাজা হইলে বোম সাম্রাজ্যে অতিশয় ভয়ক্ত মারীভয় উপস্থিত হইয়াছিল। তাঁহার সেনাপতি এমেলিয়ান্দ্, গথ জাতীয়দিগকে পরাজয় করিয়া আপনি রাজ্পদ গ্রহণ করেন। কিন্তু তিনি অত্য-ল্পকাল মধ্যেই আপন সৈন্যগণ কর্ত্তক হত হইলেন। ইহার পর ভালেরিয়ান নামক এক জন স্বোধ ব্যক্তি রাজা হইয়া রাজকার্য্য সুশুগুল করিবার নিমিত্ত বিশিষ্ট যতু করিয়াছিলেন। কিন্তু পারস্য রাজা সের্প-রের সহিত যুদ্ধ করিতে গিয়া তিনি নিহত হন। ক-থিত আছে, তিনি সেপর কর্ত্তক যৎপরোনান্তি অপ-মান এস্ত হইয়াছিলেন। সেপর ভালেরিয়ানের পৃষ্ঠ एमरम अमार्थन कतिया **आश्रम वा**ष्ट्रि श्रेट्ठ आरवाइन কুরিতেন: অশ্ববিতরণ কালেও রোম সাম্রাটের উপর তাঁহার পদার্পণ হইত। ভালেরিয়ানের পর তাঁ-হার পুত্র গেলিয়েনসূরাজ। হইয়া কিয়ৎকাল রাজ্য শাসন করিয়াছিলেন। তিনি নিতান্ত মন্দলোক ছিলেন না ৷ কিন্তু তাঁহার একেলার যত্নে কি হইবে? সুবিতীর্ণ রোম সাত্রাজ্যের অঙ্গ প্রতাঙ্গের

সকল শ্লথ হছয়া পড়িয়াছিল। ডেনিউব নদীর উত্তর হইতে গথেরা, রাইন নদীর পূর্বে হইতে কাঙ্কেরা, ইউফ্রেটিসের পূর্ব্বপার হইতে পরাক্রান্ত পারসিকেরা নিরন্তর উহার প্রতি অত্যাচার করিতে ছিল। আরু প্রতি প্রদেশেই তত্ত্তা সৈন্যগণ দে হাহাকে ইচ্ছা সম্রাট পদ্ী প্রদান করিতেছিল; স্তরাং সমুদয় সামোজাটী একেবারে ছিন্ন ভিন্ন হইয়া পড়িল। এসময়ে অনুদ্দ বিংশতি ব্যক্তি একেবারে সভাট পদবী গ্রহণ করিয়াছিলেন। ইতি-হাদে এই সময় ত্রিংশদ্বোচারের রাজ্যকাল বলিয়া উল্লিখিত হইয়াছে। বস্তুতঃ এই সময়ে ত্রিং-শদ্বাক্তি রাজপদ গ্রহণ করেন নাই। এথেন্স নগরে একবার ত্রিংশদ্বাক্তির শাসন সংস্থাপিত হইয়াছিল দেই নামের অনুকরণেই পুরাবিদাণ এই সময়ের উক্ত রপ নাম নির্দেশ করিয়া গিয়াছেন। যাহাহউক, এই গোল মালের পর ক্লডিয়স্নামক একব্যক্তি ক্রমেই আপন প্রতিষোগিগণকে দমন করিয়। বিপক্ষ গথ, আলেমান, ভাণ্ডাল, বরগণ্ডীয়, ফুাস্ক প্রভৃতি অসভ্য জাতীয়দিগকে পুনং২ পরাভব করিয়া পুনর্কার রোমসান্ত্রাজ্যকে প্রবল করিয়া তুলিলেন। তাঁহার উত্তরাধিকারী অরেলিয়নের দারা ঐ কর্ম আরও সুসিদ্ধ হইল। সিরিয়া দেশের মকভূমির মধ্য ভাগে একটা উপার: ক্ষেত্র আছে। পালমাইরা নগর সেই

ক্ষেত্র মধ্যে অবস্থিত। অভেনাথস্ নামক একব্যক্তি ঐ নগরে সাম্রাজ্য সংস্থাপিত করেন এবং তাঁহার মৃত্যুর পর জিনেধবিয়ানাল্লী তাঁহার পত্নী রোমীয় ও পারদিকদিগের সহিত যুদ্ধ করিয়া চতুর্দ্দিকে আপ-নার অধিকার বিস্তৃত করিয়াছিলেন। লগাইনস্ নামক সুপ্রসিদ্ধ দার্শনিক কবি জিনোবিয়ার একজন সভাসদ ও অমাত্য ছিলেন। অরেলিয়ান্বত যুদ্ধের প্র জিনোবিয়াকে প্রাভূত করিয়া রোমে লইয়া যান এবং তথায় মহা আড়ম্বর পূর্বেক বিজয় সমারোছ প্রকাশ করেন। অরেলিয়নের পুর্বের কোন সম্রাট্ রাজমুকুট ধারণ করেন নাই। ইনি তাহা ধা-রণ করাতে রোমীয়ের। অত্যন্ত অসন্তুফী হইয়াছিল। কি আশ্চর্য্য ! তথন রোমীয়দিগের স্বাধীনতার নাম মাত্রও ছিলনা, তথাপি যিনি তাহাদিণের হর্তাকর্ত্তা বিধাতা ছিলেন তিনি রাজোচিত পরিচ্ছদ পরিধান করাতে উহার। মনে২ ছুঃখিত হইল। মন্তব্যের। চির-কালই বাহু দৰ্শনে ভুলিয়া থাকে,ফলে স্বাধীনতা থা-কুক বা নাথাকুক উহার নামটা থাকিলেই যথেষ্ট হয়। অরেলিয়নুকে তাঁহার ভৃত্যেরা নফ্ট করে। তাঁহার মৃত্যুর পর টাসিটস্ নামা একব্যক্তি রাজা হইলেন। ইনি পারসিকদিশের সহিত তুমুল সংগ্রাম করির। ককেসদ্ পর্বত পর্যান্ত সমুদায় দেশ অধিকার করি য়াছিলেন কিন্তু র্দ্ধবয়সে তাদৃশ পরিশ্রম সহ মা হওয়াতে তিনি লোকান্তর গমন করিলে তাঁহার ভ্রাতা क्रांतियान निःशामनादांश्न क्रिंतलन। किन्छ रेम-ন্যেরা ভাঁহাকে নম্করিয়া প্রোবস্নামক অতি সচ্চবিত্র এবং ক্ষমতাবান এক ব্যক্তিকে বাজ্য ভারার্পণ করিল। প্রোবস্ ফ্রান্ক, জন্মন, ভাণ্ডাল, বৰ্গগ্ৰীয়, সামেসীয়, জিটী, সুইভি, গথ এবং নিউবীয় প্রভৃতি লোক সকলকে পুনঃ২ পরাভব প্রদান করিয়া রোমসাআজ্ঞাকে পূর্কাপেক্ষা বিভৃত করি-লেন। পারস্য সঞাট্ নার্সেস্কে ভয় প্রদর্শন করিয়া সন্ধি সংস্থাপন করাইলেন এবং সমুদয় সাম্রাজ্য উপশান্ত হইলে সৈন্যগণের দ্বারা নানা প্রকার হিত-কর ব্যাপার সাধন করাইতে লাগিলেন। প্রোব সের সেনাগণ ভগ্ন দেবমন্দির সকল পুনর্নির্মাণ করি-তে লাগিল—বন্ধ জলাশয় সকল হইতে জলসিঞ্চন করিতে লাগিল—অতি প্রশস্ত২ রাজবর্ম সমুদয় প্রস্তুত করিতে লাগিল—কিন্তু তাহারা অতি শীঘুই বিবক্তে হইয়া উঠিল এবং পরিশেষে অতি ভয়রর বিদ্রোহ উত্থাপন করিয়া আপনাদিগের উৎক্রফ মহীপতির প্রাণ বধ করিল। কথিত আছে, প্রোবস্ই রাইন্ নদীর তীরে এবং হঙ্গেরি প্রদেশে উত্তম ক্রাক্ষা কলের কৃষি প্রথম আরম্ভ করিয়া যান। ঐ সকল দেশে এক্ষণে অতি উত্তম ক্রাকা সকল জন্ম। প্রে-वम एक नक्षे कविश्र रिम्मादा कार्यम नागक একজন যুদ্ধনীরকে সাঝাজ্যে অভিষিক্ত করে। কানরস পারস্য রাজ্য আক্রমণ করিয়া তাহার অনেক প্রদেশ অধিকার করিয়া লইলেন। কিন্তু হঠাৎ বিছ্যাৎপতি দারা তাঁহার মৃত্যু হয়। তাঁহার পুত্রদর রুমিরিয়ানস্ এবং কেরিনস্ অত্যাপ্প কালের নিমিত্ত স্থাট্ নাম গ্রহণ করিয়াছিলেন। তাঁহারা অতি শীঘুই নিহতহন এবং ডাইওক্লিসিয়ান্ অভিধের একব্যক্তি ২৮৫ পঃ খৃষ্টাব্দে রাজাসন প্রাপ্ত হন।

---***---

দশ্য অধ্যায়।

্ডাইওক্লিসিয়ান— অগস্তিস্ত্য এবং সাজর্ভয়ের দিলিও রাশ্যা—কন্টাণীইন্—কন্টান্সাস— স্থালিয়ান— জোভিয়ান— ভালেটিনিয়ান—গ্রেসিয়ান—থিওভোসাস্।]

ডাইওক্লিসিয়ান ডাল্মেসিয়। প্রদেশে জতি নীচ বংশে জন্ম গ্রহণ করিয়া অতি অন্প বয়সেই সৈনিক কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন। তিনি আপনার নিরা লস্য, সুরুদ্ধি এবং দৃঢ় প্রতিজ্ঞতাগুণে ক্রমেই উন্নত পদ হইয়া পরিশেষে সম্রাট পদনী প্রাপ্ত হইলেন। তিনি স্মাট্ হইয়াই প্রথমে প্রিটোরিয়ান্ সেনা-গণের দোরাত্মা নিবারণ করিলেন। পরে মাক্সি-মিলিয়ান্ নামক একজন বিচক্ষণ সৈনিক পুরুষকে নিজ সহকারিতায় নিযুক্ত করিয়া তাঁহাকে গিলান

নগরে অবস্থাপিত করিলেন এবং আপনি এসিয়া-মাইনরের অন্তর্গত নাইকোমিডিয়া নামক নগরে গিয়া রাজ্য করিতে লাগিলেন। আবার কিছু কাল পরে তুই জনেও তাদৃশ বিস্তৃত সাম্রাজ্য শাসন করা অসাধ্য বিবেচনা করিয়া ডাইক্লিসিয়ানু গেলে-রিয়ন্ এবং কনফান্সন্ ক্লোরন্ নামক আর তুই ব্যক্তিকে আপনাদিগের সহকারিত্বে নিযুক্ত করি-লেন। এই চারিজনের মধ্যে প্রধান হুই জনেরউপাধি অগষ্টস্ এবং অপ্রধান তুইজনের উপাধি সীজর হইল। উইওক্লিসিয়ানের নিজকর্তৃত্বাধীনে এসিয়া মাইনর রহিল। তাঁহার সহকারী গেলেরিয়স্,ডেনিউব নদীর তীরবর্ত্তী সমুদয় দেশ এবং থে শ প্রদেশের শাসন ক-রিতে লাগিলেন। আর ইটালী এবং আফ্রিকা মাক্-নিমিলিয়ানের অধিকার হইল। তাঁহার সহকারী कनकी न्मम्, जिटिन्, भल, त्र्भारेन्, अवः मतिरि নিয়ার শাসনের ভার প্রাপ্ত হইলেন। রাজশক্তি এই রূপে বিভক্ত হইল বটে কিন্তু ডাইওক্লিসিয়ানের হস্তে সর্বাকর্ত্ত্ব ভার থাকার সাম্রাজ্যটী তৎক্ষণাৎ বিচ্ছিন্ন হইয়া পডিল না। তিনি নাইকোমিডিয়া নগরে রাজধানী সংস্থাপন করত এসিরা থতের ভূপাল-বর্গের চিরপ্রচলিত রীতির অনুগামী হইরা অতি বহ্বাড়ম্বর পূর্ব্বক রাজ্য করিতে লাগিলেন। ৩০৩ পঃ খৃষ্টাব্দে চারিজন অধিরাজ একদা রোমে মিলিত

इहेश कि श्रकारत किनर वर्ज्जभान शृष्ठे धरम्बत मम्रल সংহার করিবেন ইহার পরামর্শ করিলেন। পরে তাঁহাদিনের আজ্ঞারুদারে যাবতীয় গিজা ঘর বিনফ হইতে লাগিল-খৃফ্টানদিগের ধন্দ-পুস্তক অগ্নিতে প্রক্রিপ্ত হইতে লাগিল—এবং খৃফীন যাজকগণের। বিবাসিত হইতে লাগিলেন। কিন্তু কিছুতেই কিছু হইল না। উৎপীড়ন দারা কথনই কোন নৃতন ধন্ম প্রণালীকে বিনষ্ট করা যায় না। নবধর্ম প্রবর্ত্তক মাত্রেরই অন্তঃকরণে স্বধম্মের প্রতি অতি প্রণাঢ় অনুরাগ থাকে, স্তরাং সেই ধর্মের জন্য ইহলোকে যত ক্লেশ পাওয়া যাইবে পরকালে ততই শুভ হইবে, এমত বিশ্বাস হয়। যাহাহউক ডাইওক্লিসিয়ান যে কোন প্রকারে রোমসাম্রাজ্য पृष्ठ इत्र এই জন্যই ঐ স্কল চেফী। করির।ছিলেন। পরে ৩০৫ পঃ খৃষ্টাব্দে তিনি স্বেচ্ছাতঃনিজ অধি-রাজ শক্তি পরিত্যাগ করিলেন এবং সহকারী মাক্সিমিলিয়ান্কেও তাঁহার রাজ্য পদ পরিত্যাগ করাইয়া নিজ জনভূমি ডাল্মেসিয়ার অন্তর্গত দা-লোনা নগরে গিয়া অবস্থান করিতে লাগিলেন। তথায় স্বহস্তে কৃষিকার্য্য নির্ম্বাহ করত তিনি যে সন্তোষ সুথ উপলব্ধ করিয়াছিলেন, সাআজ্যের অধীশ্ব হইয়াও কলাচিৎ সেই সুখের স্বাদ এহণ করিতে পারেন নাই। উইওক্লিসিয়ান এবং মাক্সিমিলিয়ান্ ইহাঁর। উভয়ে রাজ্যপদ পরিত্যাগ করিলে কনফীন্সস্ এবং গেলেরিয়স্ ইহার। ছুই জন অগক্টস্ উপাধি গ্রহণ করিলেন আর সেবিরস এব্ং মাক্সিমাইনস্ নামক আর ছুই জন তাঁহাদিগের পূर्व्यक्षानीत इहेश। जी जत भावी প্রাপ্ত इहेटलन। কিন্তু কনফ্রান্টাইন নামক কনফ্রান্সদের পুত্র আ-পন পিতার বিয়োগ হইলে তাঁহার সৈন্যগণকে হস্তগত করিয়া বহু বিবাদের পর আপনি সমুদায় সাআকোর অদ্বিতীয় অধীশার হইলেন। ইনি গৃষ্ট ধর্মের পক্ষ ছিলেন এবং খৃষ্টান প্রদৃষ্ঠারের। বলেন যে, একদ। নভোমগুলে ক্রেশের আকার ও তছুপরি 'ইহা দারাই জয়ী হইবে ' এইরূপ লিপি দেখিয়াই তাঁহার খৃষ্টধর্মের প্রতি শ্রদ্ধ। হয়। আর এক সময়ে তাঁহার সৈন্যাণ জলাভাবে অত্যন্ত ক্লেশ পাইলে কতকগুলি ধর্মিষ্ঠ খৃষ্টান প্রভুর নিকট জন প্রার্থনা করাতে তৎক্ষণাৎ রুটিপাত হইয়া-ছিল। এতাদৃশ অলেকিক কাপার সমুদায় যাঁহার প্রত্যক্ষণোচর হয়, তাঁহার অবশ্যই বিশ্বাস্য হইতে পারে, তজ্ঞন্য কেহ তাঁহার নিন্দা করিতে পারেন ন। । মরুষ্য সাধারণে আপান২ বুদ্ধিশক্তির অনুসারে কোন বিষয় বিশ্বাস্তার কোন বিষয় অপ্রদের তাহা নিরপণ করিবেন; কিন্তু প্রত্যক্ষই সকল विश्वीटमत गृल এवः मर्ख अकौत अगीरनत निर्ती-

বর্তী; স্মৃতরাং ধাঁহার। অলেকিক ব্যাপার সমুদয় প্রত্যক্ষীভূত করিতে পান তাঁহার৷ সামান্য বুদ্ধির অগম্য বিষয়েও অবশ্য বিশ্বাস করিতে পারেন। যাহা হউক, ক্নমীন্টাইন্ খৃষ্টাধর্মাবলম্বীদিনের একপ্রকার গুৰু বলিলেও হয়। কারণ সেই সময়ে এরিয়স্ নামে এক জন প'ণ্ডিত প্রচারিত করিয়াছিলেন হেঃ য়িশুফ্ট স্বয়ং ঈশ্বর নহেন, তিনি ঈশ্বরানুগৃহীত এক জন জ্ঞানবান মনুষ্য মাত্র। তাঁহ। কর্ত্তক বিশুদ্ধ ধৰ্মপ্ৰণালী আবিষ্ঠ হইয়াছে এই জন্যই ্তিনি গুৰু বলিয়া মান্য হইতে পারেন। কিন্তু আংশনাসিয়স্ নামা এক জন প্রধান হাজক এই বিৰুদ্ধ মতের দোষোদেখাষণ করিয়া যাহাতে য়িশু স্বয়ং ঈশ্বরাবতার সিদ্ধ হন, এমত চেষ্টা করিয়া-ছিলেন। কনফান্টাইন আথানাসিয়সের মতের পোষকতা করিয়া নীসু নগরীর যাজক সভাতে তাহ: একেবারে সপ্রমাণ করিয়। লইয়াছিলেন, এবং অদ্যাপি ঐ মতই সনাতন থ্যাধর্ম বলিয়া স্থী-ক্লত হইয়। আদিতেছে। ইনি রোমনগরী হইতে বাইজান্সিয়ম নগরে আসিয়া রাজধানী সংস্থাপিত करत्न। दम्हे अविधि के नगरत्त् नाम कनकी छि-নোপল্ হইল। কনষ্টান্টাইন আপন পুত্রদিগকে সাম্রাজ্য বিভাগ করিয়া দিয়া যান। অনেকানেক বিবাদের পর তাঁহার অন্যান্য পুত্র গুলি ক্রমেন

বিনফ হইলে পরিশেষে জ্যেষ্ঠ কনফীনস্যস্ সমৃদয়
রাজ্যের একমাত্র অধীশর হইলেন। ইনি খৃফীধর্ম
পরিগ্রহ করিয়াছিলেন এবং এরিয়স্ মতাবলম্বীদিগকে নির্ভরে নিস্পাড়ন করিতেন। ইহার ভাগিনীপতি জুলিয়ান্ পূর্কে খৃফীন ছিলেন। কিন্তু রাজা
হইয়া তিনি পূর্কেধর্ম পরিত্যাগ করিলেন। এই জন্য
খৃফীনের। ইহাঁকে স্বধর্মত্যাগী বলিয়া নিন্দা
করিয়া থাকেন। জুলিয়ান্ অনেক পড়াশুনা করিয়া
ছিলেন এবং সর্ক্রিবর্মে জগদিখ্যাত আন্টোন
নাইনসের অনুকর্ম করিয়া চলিতেন। জুলিয়ানের
অত্যন্ত চেফা ছিল যে, পুনর্কার সামাজ্যে পূর্কেধর্ম
প্রবল হয়। কিন্তু তিনি তাহার কিছুই করিতে
পারিলেন না। পরে পার্সিকদিগের সহিত য়ৢদ্ধ
করিতে গিয়া হঠাৎ তাহার প্রাণত্যাগ হইল।

সৈন্যগণ তৎক্ষণাৎ জোভিয়ান্ নামক একজন সেনানীকে সম্রাট উপাধি প্রদান করিল। জো-ভিয়ান্ খৃফীন্দিগের পক্ষ হইরা পূর্ব নরপতি জুলিয়ানের প্রচারিত কঠিন নিয়ম সকল রহিত করিয়া দিলেন। জোভিয়ানের মৃত্যু হইলে ভালে-ন্টিনিয়ান রাজ্যাধিকার প্রাপ্ত হইলেন তিনি আপন প্রাতা ভালেন্সকে পূর্বাদিকের অধিকার দিয়া আপনি পশ্চিমদিকন্থ বন্যজাতীয়দিগের সহিত নিরম্ভর যুদ্ধে নিযুক্ত থাকিনেন। ভালেন্স এরিয়সের মতাবলম্বী ছিলেন। তিনি অপর সকল খৃষ্টানের প্রতি অ-ত্যাচার করিতেন। প্রায়ই দেখিতে পাওয়া যায় (य, अक मृल धर्मावलकी विভिन्न मन्द्रामाशीमरगव মধ্যে যেমন দুড়তর বিদ্বেষ জ্বানে, পরস্পার ভিন্ন ধন্মবিলম্বীদিগের মধ্যেও তাদৃশ দ্বেভাব থাকে ন।। ভালেন্স অন্যান্য প্রকার খৃষ্টানের উপর যত দৌরাত্ম্য করিতে লাগিলেন প্রাচীন পৌতুলিক धन्मा वलघी पिराव अञि उपन निष्ठे ता हत् करतन নাই। ভালেন্স রাজ। গথদিগের হস্তে যে প্রকারে আপন প্রাণ বিসর্জ্জন করেন তাহার বিবরণ এই; চীন তাতার এবং স্বাধীন তাতার নামক বিস্তৃত ভূভাগে অনেক ভয়ঙ্কর বন্যজাতীয় লোক সকল বাস করিত। मृगग्ना এवः পारुभानाई हेरानिरगत जीवरनाभाग ছিল। কোন কারণ বশতঃ তাহাদিগেরই মধ্যে হন নামক এক জাতি পশ্চিম দিকে পলাইয়া যায়। তা-হাতে নীপর এবং ডেনিউব নদীর মধ্যবর্ত্তী অস্ট্যো-গ্ৰ জাতীয় লোক সকল স্বস্থান ভ্ৰম্ট হইয়া আর্ও পশ্চিমাভিমুথে আইসে, তাহাতে ডেনিউব নদীর উত্তর পার্শ্বর্ত্তী ভিসিগথের৷ পরিচালিত হয় এবং ইহারাই ভালেন্স রাজার নিকট আপনা-দিগের বাসোপযুক্ত স্থান হাচ্ঞা করে। ভিসি-গথেরা ডেনিউব নদী উত্তীর্ণ হইয়া আদিবার অনু-মতি প্রাপ্ত হইয়াই নিজমুর্ত্তি ধারণ করিল এবং

এড্রিয়ানোপলের যুদ্ধে স্টেসন্যে ভালেন্স দরপতিকে। বিনফী করিল।

এদিকে ভালেন্টিনিয়ানের মৃত্যু হইলে ভাঁহার পুত্র গ্রেদিয়ান রাজাসন প্রাপ্ত হইয়া জন্ম ণ, আলে-মান প্রভৃতির সহিত অনেক যুদ্ধ করিয়া জয়ী হইয়া-ভিলেন। তিনি গথদিগের আগ্যমনবার্ত্তা অবণমাত্র খুল্লভাতের সাহায়ে গমনোদ্যোগ করিভেছেন এমন সময়ে ভালেন্সের মরণবার্তা প্রাপ্ত হইলেন। তিনি অবিলয়ে থিয়োডোস্স্ নামা এক জন স্পেইন দেশ জাত রিচক্ষণ ব্যক্তিকে অগষ্টস উপাধি প্রদান করিয়া পূর্ব্ব নিকে প্রেরণ করিলেন। থিওডোস্স্ অনেক যুদ্ধ করিয়৷ গথদিগকৈ প্রাভত করিলেন এবং প্রিশেষে আপনি কোন অধন্যতির্ণ না করিয়াও সমুদায় সাত্রাজ্যের অধীশ্ব इहेशः उठित्नम। इनि थ्रेथिया वनशी हित्नम। কিন্দু এরিয়সের মতাবলম্বিগণকে এবং অবশিষ্ট পৌ-ত্লিকদিগকে অতাত্ত পীড়া দিয়াছিলেন। ইনি ৩৯৫ পঃ পঃ অবেদ আপিন রাজ্যকে ছুই ভাগে বিভক্ত করিয়া তুই পুত্রকে তুই দিণের রাজ্যাধি-কার দিয়া যান।

একাদশ অধ্যায়।

্ আকেভিয়স্ এবং হোমোরিয়স্—আলারিক—আটিল ভৃতীয় ভালেটিনিয়ান্—রিসিমর—রমুলস্ অগ্টুলস্—উপ-সংহার []

থিওডোস্যসের জ্যেষ্ঠপুত্র আর্কেডিয়স্ পূর্করাজ্যের এবং কনিষ্ঠ হোনোরিয়স প্রিচম রাজ্যের রাজ। **୬ইলেশ। ইহাঁদিগের রাজ্যের বিভাগ যেরূপ হই-**য়াছিল তাহা সামান্যতঃ এই বলিলেই বোধ হইতে পারে যে, বিংশতি সংখ্যক পুঃ ভ্রাঘিমার পশ্চিম দিগ্বতী যাবৎ জনপদ সকলই পশ্চিম রাজ্য সম্ভক্ত ছিল। আর ঐ ক্রাঘিমারেখার পূর্ব্বাদণ্গত সমস্ত ছুভাগ পুর্বে রাজ্যের অন্তর্ভু ত হইরাছিল। হোনো-রিয়স্ এবং আর্কেডিয়স্ উভয়েই অপ্রাপ্ত ব্যবহার ছিলেন। অতএব তাঁহাদিগের পিতা মৃত্যুকালে টি-লিকো এবং রুফাইনস্ নামক ছুই ব্যক্তির প্রতি ছুই রাজ্যের সর্বাকর্ত্তম ভার সমর্পণ করিয়া ঘান। ফিলিকো মতি অসাধারণ লোক ছিলেন। তাঁহার যুদ্ধ নৈপুণাও ষেমন ছিল ভিনি প্রজা পালনের ক্লীভিও তেমনি উভ্রম বুঝিতেন। তাঁহার গুণেই পশ্চিম রাজ্য কিয়ৎ দাল রক্ষা পাইয়াছিল। নচেং পূর্বেরাজের সভাট লার্কেডিয়সের প্রেরিত আলারিক নামক গথ জা-তীয়দিগের রাজা এবং রাডাগেস্স্ নামক অপর

একজন সেই জাতীয় মহীপাল ইখারা যে বিপুল ক্রিন্য সমভিব্যাহারে আসিয়া ইটালী প্রে**ন্** করিয়াছিলেন, তাঁহাদিগের সেই উদামেই বোন বাজা বিনষ্ঠ হইর! যাইত। রাডাগেস্যুস, ফ্রিলিকো কর্ত্তক পরাভূত এবং নিহত হইলেম। **আলা**রিক উপর্য়াপরি চারিবার ইটালী আক্রনণ করেন। প্রথম ত্রই বার তিনি অধিক ক্ষতি করিতে পারেন নাই। কিন্তু তুর্কোধ হোনোরিয়স্ ফিলিকোর প্রাণবধ করিলে প্র আলারিক পুনর্মার আসিয়া তিন বার রোম নগর অধিকার করেন। ভূতীয় বাবে ভাঁহার সৈন্যগণ বোম নগর বিল্পিত ও স্থানেই অগ্নিদান দার ইহার কিয়দংশ ভদাসাৎ করে। হনোরিয়সের মৃত্যু হইলে ভৃতীয় ভালেন্টিনিয়ান এবং আর্কে-তিরদের মৃত্যু হইলে বিতীয় থিওডোস্যু আপন:-প্ৰ বাজে বাজা হইলেন। তৃতীয় ভালেন্টিনিয়ান হোনোরিয়সের ভাগিনের ছিলেন। ভাঁহার মাত। প্রাসিভিয়া স্বয়ং নিজ পুত্রের নামে সমুদর রাজ-কার্য্য নির্বাহ করিতেন। প্রাসিডিয়ার সেনা-পতি ইসাস হুট বুদ্ধি ছিলেন বটে, কিন্তু বিতার অক্ষম বাক্তি ছিলেন ন।। তিনি আফিক প্রদেশের শাসন কর্তা বোনিফেস্যসের প্রতি আপ্রস আবিশীর সন্দেহ জ্বাইয়াদিলে বোনিকে-माम विवक्त अवर जीख रहेशा जाञ्चाल नोरक समज

শাতিকে আহ্বান করেন। ভাণ্ডাল রাজ জেন্সে-রিক তৎক্ষণাং স্পেইন্ হইতে গিয়া আফুকায় উপস্থিত হইলেন। তথন সহস্র চেফী করিয়াও বোনিফেদাদ আর তাঁহাকে প্রতিগমনে সন্মত করিতে পারিলেন না।

হন্ নামক ষে মোগলীয় জাতির কথা পূর্বে উল্লিখিত হইয়াছে তাহারা ক্রমে২ পাশ্চমাভিনুথে আগমন করত হল্পরী প্রদেশে উপস্থিত হইয়াছিল। এক্ষণে তাহার। আপনাদিগের রাজা আটিলা কর্তক-পরিচালিত হইয়া পশ্চিম রাজ্য আক্রমণ করিতে লাগিল। আটিলা অতি ভয়মর ব্যক্তি ছিলেন। आ निवर्ध, नगत अव्य कत्रान, मगापूर्न क्यामि দগ্ধ করার তাঁহার বিশিষ্ট আমোদ ছিল। বস্তুত: তাঁহাকে সংহারমূর্ত্তি ক্রদ্রদেবের অবতারবিশেষ বলি-ষা বর্ণন করিলেও করা যায়। লোকে বালত, যে দে-শের ভূমি আটিলার অশের পদাঘাতে কুন্ন হয় তথায় শস্যাদি কিছুই জন্মিতে পারে না। ঐ ব্যক্তি বিক্ট-मर्गन रम, जिलारेडि, रक्ली, सूरेवी अञ्जि विविध ध्यमञ् ष्राचीय अमर्था टेमना मम्बिरादशाद করিয়া যেমন কোন বাঞ্জাবায় গমন করিলে সন্মুখ-चिक गृत्र कहि। लिका हकानि ममूनत विनक्षे कतिश ্ষার, সেইরূপ গল প্রদেশ পর্যান্ত আগমন করিলেন। তথার ইস্যান এবং ভিসিগখুদিগের রাজা থিওডো- রিক তাঁহার সহিত মুদ্ধ করিলেন। থিওডোরিকের সাহস এবং ইস্যাসের কোশল মুই মিলিত হওয়াতে আটিলা পরাজিত হইয়া পুনর্ফার স্বদেশে প্রস্থান করিলেন। এই মুদ্ধকে কালফের যুদ্ধ বলে।

কিন্তু আটিলা পর বর্ষেই আবার ইটালী আক্রমণ করিয়াছিলেন। তাঁহার ভয়ে অনেক লোক পলায়ন করিয়া আড়িয়াটিকু সাগরের কতিপয় দ্বীপে গিয়া বাস করে। তাহাতেই বর্ত্তমান বিনিসু নগরের প্রথম স্ত্রপাত হয়। রোমসন্ত্রাট তৃতীয় ভালেন্টিনিয়ান আটিলাকে যথেষ্ট অর্থদান করিয়া প্রতিগমনে সন্ত করিলেন। ইহার কিছুকাল পরে সম্রাট স্বহন্তে আপন স্বােগ্য সেনাপতি ইস্যাসের প্রাণ বধ করেন। কিন্তু অত্যম্প দিবসের মধ্যেই বালে কিনিয়ান স্বয়ং হত হইলেন এবং মার্সিয়ানস্ নামক এক ব্যক্তি রাজা ছইয়। পূর্ব্বগত স্ত্রাটের পত্নী য়ডোক্সিয়াকে বিবাহ করিলেন। কথিত আছে, মুডোক্সিয়। ভাগুল वांच (जन्मविकत्क हेर्नेलीए आखान करवन। তিনি অনেক রণতরীযোগে রোমে উপস্থিত হইয়া সেই নগর লুঠন ও মার্সিয়ানসের প্রাণ বধ করিয়া প্রছান করিলেন। এই সময়ে রিসিমর নামক একজন সেবানী অত্যন্ত পরাক্রান্ত হইয়া স্বেচ্ছাত: একে২ বহু ব্যক্তিকে রাজাসন প্রদান করিতে লাগিলেন। ভথবো বেজোরিয়াদ নামে এক জন

রাজা সমধিক ক্মতাশালী হইয়া আফিকা পর্যান্ত আক্রমণ করিয়াছিলেন। পরে অন্থিমিয়ম নামে আর একজন রাজা পুর্বরাজ্যের সভাট লিয়োর সহায়তায় কিঞ্জিৎ প্রবল হইয়াভিলেন। কিন্তু রিসিমরের সহিত বিবাদ করিয়া তিনিও বিদষ্ট হন। ইহার পর রিদিমরের মৃত্যুহয়। ভাছার কিয়ৎ কাল পরে রমুলস্ অগষ্টুলস্ নামে একটা অলপ বয়ন্দ্ধ অক্ষ ব্যক্তি নিজ পিতা অরেটিস্ কর্ত্রক সিংহাসনে অধিষ্ঠিত হইলে অসভা জাতীয় দেনাগণ তাঁহার স্থানে আপনাদিগের প্রার্থনা-নুরপ অর্থ প্রাপ্ত না হওয়াতে ওডোয়াসর নামক স্বন্ধাতীয় একব্যক্তিকে রাজ্য প্রদান করিল। রমুলস্ অণফালস্ তাঁহার ভৃতিভুক হইয়া স্বেচ্ড:ত: রাজ্য পরিত্যাগ করিলেন। এই ব্যাপার ৪৭৬ পঃ খু-ফাব্দে সংঘটিত হয় এবং এই অবধি রোমীয় পশ্চিন সাঝাজ্যের শেষ হইল।

এই অধ্যায়ে যে সকল বিৰরণ বর্ণিত হইল তাহা অভিনিবেশ পূর্বক বিবেচনা করিলেই বােধ হইবে যে, রােম সাআজ্যের সর্ব্বত্তই প্রাচীন রীতি লীতি অনেক পরিবর্ত্তিত হইয়। নৃতন রীতি নীতি প্রবর্ত্তিত হইয়। হতন রীতি নীতি প্রবর্ত্তিত হইয়। হতন রীতি নীতি প্রবর্ত্তিত হইয়। ছিল। দেখিতে২ সমুদয় দেশের ধর্মপ্রধানী পরিবর্ত্তিত হইয়। গিয়াছিল। পূর্বের বেদেশে বে লাতীয় লােক বাস করিত ক্রমে তাহারাঃ

নষ্ট হইয়া নূতন্থ জাতি সকল তথায় বাসস্থান প্রাপ্ত হইয়াছিল। পুর্বের যেখানে যে ভাষ। প্রচ-লিত ছিল এক্ষণে আর সে ভাষা নাই; শাসন প্রণালী যেরপ ছিল আর তাহা নাই: সকলই ভির রূপ হইয়া গিয়াছিল। এই জন্য ইহার প্রসম্যাব্ধি ষে ইতিয়ন্ত লিখিত হয় তাহা নব্য বলিয়া পরিচিত হইবার যোগ্য। কিন্তু ইতিরত্তের উত্তর থণ্ড যদিও পূর্বে খণ্ড হইতে অনেকানেক বিষয়ে ভিন্ন বটে তথাপ্পি পূর্ব্ব খণ্ডের সহিত উহার বিলম্বণ সংযোগ আছে। তাহার কারণ এই বে, অসভ্য জাতীয়গণ কোন অপেকাক্তত সভ্য জাতিকে পরাজিত করিয়। তাহাদিগের দেশে বাস করিলে অবশ্যই সেই বিজিত সভ্যলোকের রীতি নীতির অনুকরণ করিয় থাকে,কোন স্থলেই এই ঐতিহাসিক নিয়মের অন্যত ভার হইতে পারে না। স্তরাং রোমসাআজ্য অসভ লোকের অধিয়ত হইলেও উহার সভ্যতা তাহা-দিগের প্রান্থ হইয়াছিল। ফলতঃ ইউরোপথগু এ-ক্ষণে যে অবস্থাপর হইয়াছে পূর্বের তদ্দেশে রোমীর অধিকার প্রবল না থাকিলে উহা কথনই এরপ হইতে পারিত না। ইউরোপের লোক সকল অধিকাংশই এক ধর্মাবনশ্বী—তাহাদিগের ভাষাও অনেকাংশে পরস্পর সদৃশ—তাহাদিগের পরিচ্ছ-দাদিরও অনেক মিল আছে— তাহাদিগের ব্যবস্থা- প্রণালীও নিতাত্ত বিসদৃশ নহে। সূত্রাং ইউ-্রোপ, প্রস্পুর স্বাধীন বহু জাতীয় লোকের নিবাস इमि इहेग्रां अत्नर्वाश्या এक तांद्रशत नाम হইয়া আছে। পৃথিবীর অন্য কোন খণ্ডে এরপ হয় নাই। এসিয়া থতে চীনীয় আঁরব এবং হিন্দ এই তিন জাতীয় লোকের মধ্যে পরস্পর কোন প্রকার সাদৃশ্য সহজে অনুভূত হয় না, কিন্তু ইউরোপে এমন ছুইটা জাতি দৃষ্ট হয় ন। ষাহারা প্রস্পার তাদৃশ ভিন্ন স্বভাব। অতএব যদি কোন সময়ে মনুজ নাত্রেই এক জাতীয়, এক ধর্মা-ৰলম্বী, এক নতালুগামী, এক ভাষা-ভাষী হইয়া পরস্পর বিবাদ বিসম্বাদ পরিহার পূর্ব্বক সচ্ছন্দে নিবলে করিয়া কেবল ধর্মা কর্মের ও বৃদ্ধিরতির মার, মানব জন্মের সফলতা সাধন করিবে এমন হয়, ক্তবে রোমীয়েরা যে সেই স্থের কাল নিকটানয়ন করিবার নিমিডই পৃথিবীতে প্রাত্তুত হইয়াছিল এবং তাহার একটা প্রধান সোপান প্রস্তুত করিয়া গিষাছিল, তাহার দন্দেহ নাই।



